
বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক

# মানবিক বাংলাদেশ

ঢাকা মঙ্গলবার ॥ বর্ষ-৩ সংখ্যা-১৪ ॥ ২৯ এপ্রিল ২০২৫ ॥ ১৬ বৈশাখ ১৪৩২ বাংলা ॥ ৩০ শাওয়াল ১৪৪৬ হিজরি ॥ পৃষ্ঠা ৮ ঃ মূল্য ৫ টাকা



## ‘ফাতাওয়ায়ে দারুল উলূম দেওবন্দ’ গ্রন্থের বঙ্গানুবাদের সিদ্ধান্ত নিয়েছে সরকার: ধর্ম উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** ধর্ম উপদেষ্টা আ. ফ. ম খালিদ হোসেন বলেছেন, ‘ফাতাওয়ায়ে দারুল উলূম দেওবন্দ’ গ্রন্থের বঙ্গানুবাদের সিদ্ধান্ত নিয়েছে সরকার। এটি মোট ২৭ খণ্ডে অনূদিত হবে। গতকাল সোমবার আগারগাঁওয়ে ইসলামিক ফাউন্ডেশন মিলনায়তনে আয়োজিত ‘ফাতাওয়ায়ে দারুল উলূম দেওবন্দ গ্রন্থের বঙ্গানুবাদ সংক্রান্ত নীতিমালা নির্ধারণী’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ধর্ম উপদেষ্টা বলেন, ‘অনুবাদ কাজটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল।



## নিরীহ কাউকে মামলা দিয়ে হয়রানি করা যাবে না : আইজিপি

**স্টাফ রিপোর্টার :** নিরীহ কাউকে মামলা দিয়ে হয়রানি করা যাবে না বলে জানিয়েছেন বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম। এ প্রসঙ্গে তিনি বলেছেন, ৫ আগস্টের পর একটি মহল হয়রানির উদ্দেশে মূল আসামির সঙ্গে অসংখ্য নিরীহ মানুষকে মামলায় আসামি করছেন।



## কাঙ্ক্ষিত বাণিজ্য লক্ষ্য অর্জনে ব্যবসায়ীদের এগিয়ে আসতে হবে : বাণিজ্য উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বলেন, পাকিস্তান ও বাংলাদেশ জনবহুল দেশ হওয়া সত্ত্বেও দু’দেশের মধ্যে যে বাণিজ্য তা প্রত্যাশিত নয়। কাঙ্ক্ষিত বাণিজ্য লক্ষ্য অর্জনে দু’দেশের ব্যবসায়ীদের এগিয়ে আসতে হবে।

## দেশে ফিরলেন প্রধান উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** কাতার সফর এবং পোপ ফ্রান্সিসের অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ শেষে ঢাকায় ফিরেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বাংলাদেশ সময় রোববার দুপুর দেড়টায় তিনি ইতালির রাজধানী রোম ত্যাগ করেন। এরপর সোমবার (২৮ এপ্রিল) রাত ৩টায় তাকে বহনকারী ফ্লাইট ঢাকায় অবতরণ করে। গত শনিবার পোপ ফ্রান্সিসের শেষকৃত্যানুষ্ঠান সম্পন্ন হয়। বিশ্বের বিভিন্ন দেশের নেতাদের সঙ্গে ড. ইউনূসও ওই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এর আগে তিনি শুক্রবার কাতারের দোহা থেকে রোমে পৌঁছান। পোপের অন্ত্যেষ্টিক্রিয়ার পর শনিবার ড. ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন ক্যাথলিক চার্চের দুই শীর্ষ নেতা- কার্ডিনাল সিলভানো মারিয়া তোমাসি ও কার্ডিনাল জ্যাকব কুভাকাড। তারা পোপ ফ্রান্সিসের দারিদ্র্য বিমোচন, প্রান্তিক জনগোষ্ঠীর অধিকার প্রতিষ্ঠা এবং পারমাণবিক অস্ত্রমুক্ত বিশ্বের স্বপ্নের স্মৃতিচারণ করেন। পাশাপাশি, ড. ইউনূসের কাজের জন্য তাকে কৃতজ্ঞতা জানান এবং তাকে পোপের ঘনিষ্ঠ বন্ধু হিসেবে উল্লেখ করে দারিদ্র্যবিরোধী আন্দোলনে তার অবদানের জন্য ধন্যবাদ জানান। ড. মুহাম্মদ ইউনূস পোপ

২-এর পাতায় দেখুন



প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস ভ্যাটিকান সিটির সেন্ট পিটার্স ব্যাসিলিকায় পোপ ফ্রান্সিসের শেষকৃত্যে যোগদান শেষে সোমবার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন। -পিআইডি

## মে’র শুরুতেই শেখ হাসিনার বিচার: প্রধান উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** জুলাই-আগস্ট গণহত্যা মামলায় ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচার মে মাসের শুরুতেই শুরু হচ্ছে বলে জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। সোমবার (২৮ এপ্রিল) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ কথা জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় এবং যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া। জাতিসংঘের তদন্ত প্রতিবেদনে শেখ হাসিনার অপরাধ প্রমাণিত হয়েছে। মে মাসের শুরুতে বিচার শুরু হবে জানিয়ে আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বলেন, ভারতের কাছে শেখ হাসিনাকে ফেরত চাওয়া হয়েছে। যদিও এখনও কোনো আনুষ্ঠানিক জবাব দেয়নি ভারত। এর আগে রোববার (২৭ এপ্রিল) আল জাজিরার বৈশ্বিক নেতাদের সাক্ষাৎকারমূলক অনুষ্ঠান ‘টক টু আলজাজিরা’য় ‘মুহাম্মদ ইউনূস: রিয়েল রিফর্ম অর জাস্ট আ নিউ রুলিং ক্লাস ইন বাংলাদেশ?’ শিরোনামের সাক্ষাৎকারে জুলাই বিপ্লব, সাবেক স্বৈরাচার প্রধানমন্ত্রী

২-এর পাতায় দেখুন

## উত্তেজনার মধ্যেই ৯০ হাজার কোটি টাকার যুদ্ধবিমান কিনছে ভারত



**আন্তর্জাতিক ডেস্ক :** জম্মু-কাশ্মীরের পেহেলগামে হামলার পর থেকে ভারত ও পাকিস্তানের মধ্যে উত্তেজনা বেড়েই চলেছে। এমনকি সীমান্তে দুই পক্ষের সেনাদের মধ্যে বেশ কয়েকবার গোলাগুলির ঘটনা ঘটেছে। এরই মধ্যে ভারত দেশটির নৌবাহিনীকে আধুনিকায়ন করার জন্য ফ্রান্সের কাছ থেকে ৭৪১ কোটি ডলার মূল্যের (বাংলাদেশি মুদ্রায় ৮৯ হাজার ৯৬০ কোটি ২১ লাখ টাকা) যুদ্ধবিমান কিনছে। দুই দেশের সরকারি পর্যায়ে ইতোমধ্যে এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের কাজও সম্পন্ন হয়েছে। সোমবার (২৮ এপ্রিল) এক প্রতিবেদনে রয়টার্স জানিয়েছে, গত মাসে ভারতের কেন্দ্রীয় মন্ত্রিসভার নিরাপত্তা সংক্রান্ত কমিটিতে ফ্রান্সের কাছ থেকে রাফায়েল যুদ্ধবিমান ক্রয় সংক্রান্ত একটি প্রস্তাবনা পেশ করার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তাতে অনুমোদন দেন। মন্ত্রিসভার নিরাপত্তা

২-এর পাতায় দেখুন

## জুলাই গণ-অভ্যুত্থান অধিদপ্তর গঠন

**স্টাফ রিপোর্টার :** জুলাই গণ-অভ্যুত্থানের ইতিহাস সংরক্ষণ, নিহতদের পরিবার ও আহতদের পুনর্বাসন এবং গণ-অভ্যুত্থানের আদর্শকে রাষ্ট্রীয়ভাবে প্রতিষ্ঠিত করতে জুলাই গণ-অভ্যুত্থান অধিদপ্তর গঠন করেছে সরকার। সোমবার (২৮ এপ্রিল) অধিদপ্তর গঠন করে গেজেট প্রকাশ করেছে সরকার। এর আগে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হয়। সেখানে বলা হয়, গত ১২ ডিসেম্বর উপদেষ্টা পরিষদের সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অধীন জুলাই গণ-অভ্যুত্থান অধিদপ্তর প্রতিষ্ঠা করা হলো। জুলাই গণ-অভ্যুত্থান অধিদপ্তর প্রতিষ্ঠার লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক উপদেষ্টা ফারুক ই আজমের সভাপতিত্বে গত ২৮ ডিসেম্বর আন্তঃমন্ত্রণালয় সভা হয়। ওই সভায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় এই অধিদপ্তর গঠনের নীতিগত সিদ্ধান্ত হয়। এরপর উপদেষ্টা পরিষদ এ বিষয়ে অনুমোদন দেয়।

## দেশকে যে ভালোবাসে, সে দেশ ছেড়ে পালায় না: ড. শফিকুর রহমান



**স্টাফ রিপোর্টার :** দেশকে যে ভালোবাসে, সে দেশ ছেড়ে পালাতে পারে না বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর আমির ড. শফিকুর রহমান। তিনি বলেছেন, “দেশকে যে ভালোবাসে, সে দেশ ছেড়ে পালাতে পারে না। মীর কাসেম আলী আমেরিকায় ছিলেন। তার কিছু বন্ধু তাকে বাংলাদেশে আসতে নিষেধ করেছিলেন। তিনি বলেছিলেন, বাংলাদেশে গেলে কি হবে। তার বন্ধুরা বলেছিলেন, আপনারও একই অবস্থা হতে পারে। তখন তিনি বলেছিলেন, মৃত্যুর কাছে দাঁড়িয়ে বলব আমার বিরুদ্ধে যেসব অভিযোগ রয়েছে, সেসব মিথ্যা।”সোমবার (২৮ এপ্রিল) জাতীয় প্রেসক্লাবে মাওলানা আব্দুস সালাম হলে কিংবদন্তী রাজনীতিবীদ ও ইসলামী ব্যক্তিত্ব মাওলানা আব্দুস সুবহান রহ. এর স্মরণে ‘মাওলানা আব্দুস সুবহান রহ. তৃণমূল থেকে শীর্ষে’ বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, “মীর কাসেম আলী দেশকে ভালোবাসতেন। দেশের মানুষকে ভালবাসতেন। আর দেশকে ভালোবাসতেন বলেই দেশে ফিরে এসেছিলেন। মাওলানা সুবহানরা কখনো হারিয়ে যান না। আমার যারা সহকর্মী রাজনৈতিক মাঠে আছেন, তাদের বলব- তাদের (সুবহানদের) কাছ থেকে শিক্ষা অর্জন করতে।”নেতা-কর্মীদের উদ্দেশ্যে জামায়াত নেতা বলেন, “মাওলানা আব্দুস সুবহান এর মত উদারতা সাহসিকতা আমাদের অর্জন করতে হবে। জাতির স্বার্থে দল মত নির্বিশেষে আমরা ঐক্যবদ্ধ। ব্যক্তিগতভাবে কেউ পরাজিত হতে পারে। কিন্তু সবাই ঐক্যবদ্ধ হলে এ জাতি বিজয়ী হবে।”এ সময় ঢাকা মহানগর উত্তর জামায়াতের আমির মোহাম্মদ সেলিম উদ্দিনসহ মাওলানা আব্দুস সুবহান রহ. ফাউন্ডেশনের সদস্যরা উপস্থিত ছিলেন।

## নোয়াখালীতে শহীদ রিজভীর ছোট ভাইকে কুপিয়ে আহত, বিক্ষোভ

**স্টাফ রিপোর্টার :** জুলাই গণঅভ্যুত্থানে নোয়াখালীর শহীদ মাহমুদুল হাসান রিজভীর একমাত্র ছোট ভাই রিমনকে সন্ত্রাসীরা কুপিয়ে আহত করার প্রতিবাদে ও এ ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবিতে নোয়াখালীতে সড়ক অবরোধ করে মানববন্ধন ও বিক্ষোভ করেছেন সাধারণ শিক্ষার্থীরা। গতকাল সোমবার বেলা ১১টায় নোয়াখালীর হরিনারায়নপুর স্কুলের সামনে শিক্ষার্থী, শিক্ষক ও জনসাধারণের উপস্থিতিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে কয়েকশ শিক্ষার্থী অংশ নেন। এ সময় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন নোয়াখালী জেলা শাখার নেতৃবৃন্দও উপস্থিত ছিলেন। মানববন্ধনে বক্তারা বলেন, নোয়াখালীতে কিশোর অপরাধী হঠাৎ আবার মাথাচাড়া দিয়ে উঠেছে। অপরাধীরা বিভিন্ন সময় স্কুলগামী শিক্ষার্থীদের ওপর হামলা

২-এর পাতায় দেখুন



## ভারতকে এবার পারমাণবিক হামলার হুমকি দিলেন পাকিস্তানের রেলমন্ত্রী

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারত নিয়ন্ত্রিত জম্মু-কাশ্মীরের পেহেলগামে সাম্প্রতিক সন্ত্রাসী হামলাকে ঘিরে চরম অবনতি ঘটেছে ভারত-পাকিস্তান সম্পর্কের। ঘটনার পর থেকে পরস্পরের বিরুদ্ধে প্রতিরক্ষামূলক বেশ কিছু পদক্ষেপ নিয়েছে দুদেশ। তার ওপর পাল্টাপাল্টি অভিযোগ আর হুমকি-ধামকিতে ক্রমেই বাড়ছে উত্তেজনা, যা থামার লক্ষণ দেখা যাচ্ছে না এখনও। এর মধ্যেই ভারতকে এবার পারমাণবিক হামলার হুমকি দিয়েছেন পাকিস্তানের রেলমন্ত্রী মোহাম্মদ হানিফ আব্বাসি। সোমবার (২৮ এপ্রিল) ভারতীয় গণমাধ্যমের উদ্ধৃতি দিয়ে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে যুক্তরাজ্যের প্রভাবশালী দৈনিক দ্য গার্ডিয়ান। মোহাম্মদ হানিফ আব্বাসি হুঁশিয়ারি দিয়ে বলেছেন, ১৩০টির বেশি পারমাণবিক ক্ষেপণাস্ত্র এমনি এমনি সাজিয়ে রাখেনি পাকিস্তান। শুধু ভারতের জন্যই রাখা হয়েছে

২-এর পাতায় দেখুন

## পাকিস্তানকে শায়েস্তা করতে ভারতের ভয়াবহ পরিকল্পনা

**আন্তর্জাতিক ডেস্ক :** কাশ্মীরের পেহেলগামে হামলার পর ভারত ও পাকিস্তানের মধ্যে উত্তেজনা থামছেই না। সীমান্তে দুই পক্ষের সেনাদের মধ্যে বেশ কয়েকবার গোলাগুলির ঘটনা ঘটেছে। বিভিন্ন দেশ উত্তেজনা নিরসনসহ সংকট সমাধানের আহ্বান জানালেও ভিতরে ভিতরে পাকিস্তানের বিরুদ্ধে সামরিক পদক্ষেপের প্রস্তুতি নিচ্ছে ভারত। প্রভাবশালী মার্কিন সংবাদমাধ্যম নিউইয়র্ক টাইমস এক প্রতিবেদনে ভয়াবহ এ তথ্য উঠে আসে। সংবাদমাধ্যটি জানায়, সংঘাত এড়াতে নয় বরং পাকিস্তানে সামরিক পদক্ষেপের প্রস্তুতি নিচ্ছে ভারত। নিউইয়র্ক টাইমসের তথ্যমতে, পেহেলগামে হামলার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ইতোমধ্যে বিশ্বের এক ডজনেরও বেশি দেশের নেতাদের সঙ্গে যোগাযোগ

২-এর পাতায় দেখুন

## কারিগরি শিক্ষায় কাঠামোগত সংস্কার দরকার: শিক্ষা উপদেষ্টা

**স্টাফ রিপোর্টার :** কারিগরি শিক্ষা দীর্ঘদিন ধরে অবহেলিত, এখানে কাঠামোগত সংস্কারের দরকার বলে জানিয়েছেন শিক্ষা উপদেষ্টা ড. সি. আর. আবরার। সোমবার (২৮ এপ্রিল) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের অডিটরিয়ামে এক সেমিনারে তিনি এ কথা বলেন। শিক্ষা উপদেষ্টা বলেন, মূলধারার শিক্ষার সঙ্গে কারিগরি শিক্ষা সম্পৃক্ত করা দরকার। কারণ, কারিগরির শিক্ষাকে অবমূল্যায়ন করা হয়, এ শিক্ষা ব্যবস্থাকে বলা হচ্ছে মিস্ত্রি বানানোর কারখানা। এই ধরনের নেতিবাচক ধারণা থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। তিনি বলেন, কারিগরি শিক্ষা দীর্ঘদিন ধরে অবহেলিত, এখানে কাঠামোগত সংস্কারের দরকার। শিক্ষাপ্রতিষ্ঠানে ট্রেডভিত্তিক শিক্ষকের বড় ধরনের

২-এর পাতায় দেখুন




সোমবার নয়া পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে তিন সংগঠনের এক যৌথ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

পুলিশ সপ্তাহ শুরু আজ

## নির্বাচনী নির্দেশনা পাবে আইনশৃঙ্খলা বাহিনী

**স্টাফ রিপোর্টার :** পুলিশ সপ্তাহ-২০২৫ শুরু হচ্ছে আজ মঙ্গলবার (২৯ এপ্রিল)। পুলিশ সপ্তাহ শুরুর আগে মাঠপর্যায়ের কর্মকর্তাদের স্থিতিশীলতা নিশ্চিত ও একটি গ্রহণযোগ্য জাতীয় নির্বাচন আয়োজনের জন্য নির্দেশনা চূড়ান্ত করেছেন পুলিশের শীর্ষ কর্মকর্তারা। পুলিশ সদর দপ্তর সূত্রে জানা যায়, অন্তর্বর্তী সরকারের নির্দেশনা অনুযায়ী আসন্ন নির্বাচনে নিরপেক্ষভাবে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে পুলিশ। পুলিশ সপ্তাহের প্রস্তুতি সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এবারের পুলিশ সপ্তাহ হবে তিন দিনের। এবার দাবি-দাওয়ার পসরাও থাকছে না। অন্তর্বর্তী সরকারের কাছে সুনির্দিষ্ট ৬টি দাবি পেশ করবে পুলিশ। পুলিশের পক্ষ থেকে স্বাধীন পুলিশ কমিশন গঠন করে জনসাধারণের জন্য কমপ্লেইন

২-এর পাতায় দেখুন

## মতপার্থক্যে আটকা ড্যাপ



**স্টাফ রিপোর্টার :** এলাকাভিত্তিক জনঘনত্ব বিন্যাস, নগরজীবন রেখা, ট্রানজিটভিত্তিক উন্নয়ন, নাগরিক সুযোগ-সুবিধার মানদণ্ড প্রণয়ন, ব্লকভিত্তিক উন্নয়ন ও উন্নয়ন স্বত্ব বিনিময়ড় সবমিলিয়ে রাজধানী ঢাকার সমস্যাগুলো কমিয়ে পরিকল্পিত শহর গড়ার লক্ষ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) গেজেট আকারে প্রকাশিত হয়েছিল ২০২২ সালে। বর্তমানে এটির সংশোধন নিয়ে পক্ষ-বিপক্ষে মতপার্থক্য তৈরি হয়েছে। ফলে আটকে আছে ড্যাপের সংশোধন এবং এর বাস্তবায়ন। ভবন নির্মাণের ক্ষেত্রে বেশকিছু শর্ত শিথিল করে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) প্রণীত ডিটেল এরিয়া প্ল্যানের (ড্যাপ) সংশোধনীর দাবি ওঠে আবাসন ব্যবসায়ীদের পক্ষ থেকে। সংশোধিত ড্যাপে সরকারি-বেসরকারি আবাসন, ব্লকভিত্তিক আবাসন, একীভূত প্লটের মালিকদের কিছুটা ফ্লোর এরিয়া রেশিও (ফার) বাড়ানোর কথা বলা হয়েছে। ফলে আগের চেয়ে ভবনের প্রশস্ততা ও উচ্চতা বাড়ানোর সুযোগ তৈরি হয়েছে। অন্যদিকে, নগরপরিকল্পনাবিদেরা বলছেন, আবাসন ব্যবসায়ীদের স্বার্থে ড্যাপ এভাবে সংশোধন করা যাবে না। এতে নগরীর বাসযোগ্যতা হারাবে। এছাড়া অন্তর্ভুক্তিমূলক ও ন্যায়সঙ্গত শহর গড়ে তুলতে বর্তমান ড্যাপের বাস্তবায়ন এখন সময়ের দাবি বলেও উল্লেখ করছেন নগরপরিকল্পনাবিদেরা। তারা বলছেন, নানামুখী চাপে রাজউক আবাসন ব্যবসায়ীদের দাবির পক্ষে অবস্থান নিয়ে ড্যাপ সংশোধন প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে নিয়ে যায়। যেখানে তাদের মতামত উপেক্ষা করা হয়েছে। তাদের যৌক্তিক পরামর্শ উপেক্ষা করে বা তাদেরকে বাদ দিয়ে শুধুমাত্র আবাসন ব্যবসায়ীদের ব্যবসাকে প্রাধান্য দেওয়ার জন্য ড্যাপের সংশোধন চূড়ান্ত পর্যায়ে নিয়ে যাওয়া হয়েছে। এ অবস্থায় ঢাকার মহাপরিকল্পনা ড্যাপ সংশোধন নিয়ে নগর পরিকল্পনাবিদ ও আবাসন ব্যবসায়ীদের মধ্যে মতপার্থক্য তৈরি হয়েছে। উভয় পক্ষই নানা যুক্তি দিচ্ছেন। রাজউক যেহেতু কাউকে বাদ দিয়ে কাজ করতে পারবে না। তাই চূড়ান্ত পর্যায়ে এসেও দুই পক্ষের

২-এর পাতায় দেখুন

## ঢাকায় বড় শ্রমিক সমাবেশ করবে শ্রমিক কল্যাণ ফেডারেশন

**স্টাফ রিপোর্টার :** আগামী ১ মে আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে ঢাকায় বড় শ্রমিক সমাবেশ করবে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন। সোমবার (২৮ এপ্রিল) দুপুরে রাজধানীর পুরানা পল্টনে দলীয় কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় এ ঘোষণা দেন শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি ও সাবেক সংসদ সদস্য আ ন ম শামসুল ইসলাম। তিনি বলেন, দেশের শ্রমজীবী মানুষকে বাদ দিয়ে দেশের উন্নয়ন অগ্রগতি সম্ভব নয়। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে যারা উন্নয়নের কারিগরি সেই শ্রমিক বা মেহনতি মানুষদের দাবি বাস্তবায়নে কেউ

২-এর পাতায় দেখুন

## প্রচলিত ও অপ্রচলিত উভয় বাজারেই বাংলাদেশের পোশাক রপ্তানি বাড়ছে



**স্টাফ রিপোর্টার:** প্রচলিত ও অপ্রচলিত উভয় বাজারেই বাংলাদেশের পোশাক রপ্তানি বাড়ছে। পুরোনো বাজারগুলো পোশাক রপ্তানি বাড়ার ক্ষেত্রে বড় ভূমিকা রেখেছে। আর দিন দিন বাড়ছে অপ্রচলিত বাজারেও পোশাক রপ্তানি। ফলে দেশে রাজনৈতিক পটপরিবর্তনের পর শ্রমিক আন্দোলন, কারখানা বন্ধ, অর্ডার বাতিল হওয়া, কারখানার মালিক পলাতক, যুক্তরাষ্ট্রের শুল্ক আরোপসহ নানা সংকটেও বাড়ছে পোশাক রপ্তানি। চলতি ২০২৪-২৫ অর্থবছরের জুলাই-মার্চ সময়কালে ৯ মাসে বাংলাদেশের তৈরি পোশাক (আরএমজি) রপ্তানি আগের বছরের একই সময়ের তুলনায় ১০ দশমিক ৮৪ শতাংশ বেড়ে ৩০ দশমিক ২৫ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) ও বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) সূত্রে এসব তথ্য জানা যায়। সংশ্লিষ্ট সূত্র মতে, বাংলাদেশের প্রচলিত বাজারের মধ্যে রয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ), যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও কানাডা। পোশাক রপ্তানি বাড়ার ক্ষেত্রে ওই বাজারগুলো বড় ভূমিকা রাখছে। ইইউতে এ সময়কালে মোট তৈরি পোশাক রপ্তানির ৪৯.৮২ শতাংশ হয়েছে। ইইউ থেকে রপ্তানি আয় এসেছে ১৫ দশমিক ০৭ বিলিয়ন ডলার। যা গত বছরের একই সময়ের তুলনায় ১১ দশমিক ৩১ শতাংশ বেশি। জুলাই-মার্চ মাসে দ্বিতীয় বৃহত্তম পোশাক বাজার

২-এর পাতায় দেখুন

## বিসিএসের নতুন সিলেবাস যেভাবে সাজাতে চায় পিএসসি

**স্টাফ রিপোর্টার :** সরকারি কর্ম কমিশন (পিএসসি) নতুন সিলেবাস তৈরির কাজ শুরু করেছে। দীর্ঘদিনের প্রচলিত সিলেবাসে পরিবর্তন আনার কারণ এবং নতুন সিলেবাসে কী থাকবে-এগুলো নিয়ে জানতে চেষ্টা করছে বিভিন্ন গণমাধ্যম। পিএসসির চেয়ারম্যান মোবাশ্বের মোনেম জানান, ৪৯তম বিসিএস থেকে একটি যুগোপযোগী সিলেবাস চালু করা হবে। নতুন সিলেবাস এমনভাবে তৈরি করা হবে, যাতে প্রার্থীরা বিশ্বের যেকোনো দেশে নিজেদের যোগ্য প্রমাণ করতে পারেন। পিএসসি আরও শিক্ষার্থীবান্ধব প্রতিষ্ঠান হিসেবে কাজ করবে। পিএসসির

২-এর পাতায় দেখুন



## সারাদেশে বজ্রপাতে প্রাণ গেল ১০ জনের

**স্টাফ রিপোর্টার :** পাঁচ জেলায় বজ্রপাতে ১০ জনের মৃত্যু হয়েছে। সোমবার (২৮ এপ্রিল) সকাল থেকে দুপুর পর্যন্ত এসব ঘটনা ঘটে। কুমিল্লার দুই উপজেলায় চারজন, কিশোরগঞ্জের দুই উপজেলায় তিনজন এবং নেত্রকোণা, সুনামগঞ্জ ও চাঁদপুরে একজন করে মারা যান। জেলা প্রতিনিধিদের পাঠানো খবর... কুমিল্লা : বজ্রপাতে কুমিল্লার দুই উপজেলায় দুই স্কুলছাত্রসহ চারজনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও

২-এর পাতায় দেখুন

## ভিয়েতনাম থেকে এলো ২০ হাজার টন চাল

**স্টাফ রিপোর্টার :** ভিয়েতনামের হাইফং বন্দর থেকে ২০ হাজার মেট্রিক টন আতপ চাল নিয়ে চট্টগ্রাম বন্দরে এসে পৌঁছেছে এমভি থাই বিন ০৯ নামে একটি জাহাজ। সোমবার (২৮ এপ্রিল) খাদ্য মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা ইমদাদ ইসলাম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তি অনুযায়ী, চলতি বছরের ৩ ফেব্রুয়ারি বাংলাদেশ ও ভিয়েতনামের মধ্যে স্বাক্ষরিত জি-টু-জি (সরকার থেকে সরকার) চুক্তির আওতায় মোট ১ লাখ মেট্রিক টন আতপ চাল আমদানির সিদ্ধান্ত হয়েছিল। এরই ধারাবাহিকতায় ইতোমধ্যে সম্পূর্ণ চাল

২-এর পাতায় দেখুন

বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদের জাতীয় দৈনিক
# মানবিক বাংলাদেশ
ঢাকা মঙ্গলবার ॥ ২৯ এপ্রিল ২০২৫ ॥ ১৬ বৈশাখ ১৪৩২ বাংলা

# ইয়েমেনে মার্কিন বিমান হামলায় নিহত ৭৮



**আন্তর্জাতিক ডেস্ক :** ইয়েমেনের রাজধানী সানায় আবারও কয়েক দফা বিমান হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। এসব হামলায় সানা জুড়ে নারী ও শিশুসহ অন্তত ৭৮ জনের প্রাণহানি ঘটেছে বলে দাবি হুতি নিয়ন্ত্রিত স্থানীয় সংবাদমাধ্যমের। সোমবার (২৮ এপ্রিল) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে আল-জাজিরা। প্রতিবেদন অনুযায়ী, রোববার (২৭ এপ্রিল) রাত থেকে এ হামলাগুলো চালানো হয়। এর মধ্যে ভোরে সানার উত্তরাঞ্চলীয় এলাকা বনি আল-হারিথ জেলায় মার্কিন হামলায় নারী ও শিশুসহ অন্তত আটজন নিহত হয়েছেন বলে জানিয়েছে আল-মাসিরাহ টিভি। এর আগে রাতে আমরান ও সাআদা প্রশাসনিক অঞ্চলে মার্কিন হামলায় অন্তত দুজন ব্যক্তি প্রাণ হারিয়েছেন বলে জানিয়েছেন হুতি কর্মকর্তারা। আল-মাসিরাহ টিভি থেকে পরবর্তী সময়ে প্রচারিত আরেক প্রতিবেদনে দাবি করা হয়, সাআদার একটি অভিবাসী আটক কেন্দ্রেও হামলা চালিয়েছে মার্কিন সেনারা, যেখানে অন্তত ৬৮ জন নিহত হয়েছেন। ওই কেন্দ্রে প্রায় শ'খানেক মানুষকে আটকে রাখা হয়েছিল। ইথিওপিয়া ও পার্শ্ববর্তী আফ্রিকান দেশ থেকে কাজের খোঁজে ইয়েমেন হয়ে সৌদি আরবে প্রবেশ করতে চেয়েছিলেন তারা। অভিযোগ রয়েছে, অভিবাসীদের সীমান্ত পার করিয়ে আনার মাধ্যমে বড় অঙ্কের অর্থ উপার্জন করে থাকে হুতি বিদ্রোহীরা। তবে, এই পথ পাড়ি দিতে গিয়ে অভিবাসীদের দীর্ঘদিনের সংঘাত, আটক এবং নির্যাতনের ঝুঁকি বহন করতে হয়। এদিকে মধ্যপ্রাচ্যে সামরিক অভিযানের দায়িত্বে থাকা যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) সর্বশেষ হামলাগুলোর বিষয়ে বিস্তারিত কিছু না জানালেও স্বীকার করেছে, মার্চের মাঝামাঝি থেকে ইয়েমেনে আট শতাধিক লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে তারা। হুতিদের দাবি অনুযায়ী, এখন পর্যন্ত ২৫০ জনের বেশি নিহত হয়েছে চলমান এ মার্কিন অভিযানে। মার্চের ৭-এর পাতায় দেখুন

## এনসিপি 'গঠনতন্ত্র প্রণয়ন কমিটি' গঠন

**স্টাফ রিপোর্টার :** জাতীয় নাগরিক পার্টি-এনসিপির ছয় সদস্য বিশিষ্ট গঠনতন্ত্র প্রণয়ন কমিটি গঠন করা হয়েছে। দলের আহ্বায়ক মো. নাহিদ ইসলামের অনুমোদনক্রমে দলের যুগ্ম-আহ্বায়ক অ্যাড. জাবেদ রাসিনকে প্রধান করে নিম্নোক্ত ছয় সদস্যবিশিষ্ট গঠনতন্ত্র প্রণয়ন কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্যান্য সদস্যরা হলেন অ্যাডভোকেট মুজাহিদুল ইসলাম শাহীন, খালেদ সাইফুল্লাহ, অ্যাডভোকেট জহিরুল ইসলাম মুসা, সাইফুল্লাহ হায়দার ও অ্যাডভোকেট হুরায়রা নূর। এই কমিটিকে আগামী এক সপ্তাহের মধ্যে দলের খসড়া গঠনতন্ত্র প্রণয়ন ও উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়েছে। গত ২৬ এপ্রিল অনুষ্ঠিত জাতীয় নাগরিক পার্টিএনসিপি'র চতুর্থ সাধারণ সভার স্মারক নং এনসিপি/সা.স./২০২৫-২০২৬/০৪ এর তিন নং সিদ্ধান্ত অনুযায়ী এ গঠনতন্ত্র প্রণয়ন কমিটির অনুমোদন দেওয়া হয়। আইনজীবী উইংয়ের প্রস্তুতি কমিটি গঠন: জুলাই অভ্যুত্থানের যোদ্ধাদের আইনি সহায়তা প্রদান, আন্দোলন সংগঠিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন এবং রাজপথে সক্রিয় অবদান রাখা আইনজীবীদের সুসংগঠিত করতে 'এনসিপি আইনজীবী উইং' গঠনের উদ্যোগ নিয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। গত রোববার রাতে গণমাধ্যমে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করেছেন এনসিপির যুগ্ম সদস্য সচিব (দপ্তর) সালেহ উদ্দিন সিফাত। বিজ্ঞপ্তিতে জানানো হয়, এনসিপি আইনজীবী উইং স্বাধীন ও স্বতন্ত্র গঠনতন্ত্র অনুযায়ী পরিচালিত হবে এবং দেশীয় রাজনৈতিক প্রক্রিয়ায় আইনি কাঠামোর সঙ্গে সামঞ্জস্য রেখে দেশব্যাপী আইনজীবী সমিতিগুলোতে কাজ করবে। জুলাই গণহত্যার বিচার কার্যক্রমে ৭-এর পাতায় দেখুন




## এখন মামলা করার স্বাধীনতা পেয়েছি সবাই: ফারুকী

**স্টাফ রিপোর্টার :** এখন সবাই মামলা করার স্বাধীনতা পেয়ে গেছে বলে মন্তব্য করেছেন সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী। সোমবার (২৮ এপ্রিল) সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ইরেশ যাকেরের বিরুদ্ধে হত্যা মামলার বিষয়টি নিয়ে কথা বলতে গিয়ে এ মন্তব্য করেন তিনি। প্রসঙ্গত, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালীন রাজধানীর মিরপুরে মাহফুজ আলম শ্রাবণ হত্যার অভিযোগে অভিনেতা ইরেশ যাকেরসহ ৪০৮ জনকে আসামি করে একটি মামলা দায়ের করা হয়েছে।? গত ২০ এপ্রিল নিহতের ভাই মোস্তাফিজুর রহমান বাপ্পী ঢাকার চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে মামলার আবেদন করেন। ওইদিন আদালত তার জবানবন্দি রেকর্ড করে অভিযোগটি মিরপুর মডেল থানার অফিসার ইনচার্জকে নিয়মিত মামলা হিসেবে নেওয়ার নির্দেশ দেন। হত্যা মামলায় ইরেশ যাকের আসামি হিসেবে অন্তর্ভুক্ত হওয়ায় বিনোদন অঙ্গনের অনেক তারকারাই বিষয়টি নিয়ে সরব হয়েছেন। এমন প্রেক্ষাপটে সংস্কৃতি উপদেষ্টা মোস্তফা সারওয়ার ফারুকীর সামনেও বিষয়টি উত্থাপন করেন সাংবাদিকরা। ফারুকী বলেন, আমি এখন নিজে সরকারের অংশ; অ্যাক্টিভিসস্ট নই।

যে কারণে কথা কম বলে কাজ বেশি করতে হবে। ইরেশ যাকেরকে ব্যক্তিগতভাবে চিনি। জানি, তিনি জুলাইয়ের আন্দোলনেও জড়িত ছিলেন। ফলে এটি ডিপলি ট্রাবলিং, ডিপল ডিস্টার্বিং। ইরেশ যাকেরের বিরুদ্ধে হত্যা মামলার বিষয়ে তিনি আরও বলেন, মামলা করেছেন একজন ব্যক্তি। এটি রাষ্ট্রপক্ষ কিংবা সরকারের দেয়া মামলা না। এখন মামলা করার স্বাধীনতা পেয়েছি সবাই। কেউ কেউ এটার অপব্যবহার করছে। আমি বিশ্বাস করি পুলিশ এটির সঠিক তদন্ত করে, যেটি সত্য সেটির পক্ষে থাকবে আর যেটি মিথ্যা সেটি বাতিল করে দেবে।

## রোহিঙ্গাদের জন্য পৃথক রাষ্ট্রের প্রস্তাব থেকে সরে এলো জামায়াত

**স্টাফ রিপোর্টার :** মিয়ানমারে রোহিঙ্গা অধ্যুষিত আরাকান রাজ্যকে পূর্ণ স্বাধীনতার মর্যাদা দিয়ে রাষ্ট্র গঠনের প্রস্তাব থেকে সরে এসেছে জামায়াতে ইসলামী। গত রোববার (২৭ এপ্রিল) রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ সফরে আসা চীনের ক্ষমতাসীন কমিউনিস্ট পার্টির সঙ্গে বৈঠকে এ প্রস্তাব দেওয়ার কথা জানিয়েছে দলটি নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের। তবে সোমবার (২৮ এপ্রিল) এক বিবৃতিতে তিনি আগের দিনের বক্তব্যের ব্যাখা দিয়ে বলেন, যে বক্তব্য দিয়েছি তাতে মূলত বাংলাদেশে আসা রোহিঙ্গাদের সম্মানজনক ও নিরাপদভাবে তাদের নিজ দেশে প্রত্যাবর্তন করার ব্যবস্থা ও তাদের জন্য একটি নিরাপদ অঞ্চল গড়ে তোলার বিষয়টি বুঝাতে চেয়েছি। আমার বক্তব্যের মাধ্যমে কোনো ভুল বোঝাবুঝি সৃষ্টি হলে তা এ বিবৃতির মাধ্যমে নিরসন হবে বলে আমি আশা করি। এটিই বাংলাদেশ জামায়াতের দৃষ্টিভঙ্গি। ৭-এর পাতায় দেখুন

# আন্দোলন থেকে সরে সংলাপেই সমাধানের পথ খুঁজছে বিএনপি



**স্টাফ রিপোর্টার :** বারবার দ্রুত জাতীয় সংসদ নির্বাচনের রোডম্যাপ ঘোষণার আহ্বান জানাচ্ছেন দেশের অন্যতম প্রধান দল বিএনপির নেতারা। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে বৈঠকেও সেই আহ্বান জানিয়েছেন। কিন্তু প্রধান উপদেষ্টা রোডম্যাপ ঘোষণা না করে তাদের বলেছেন, আগামী ডিসেম্বর থেকে জুনের মধ্যে নির্বাচন হবে। কিছুদিন আগে প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠক করে 'একেবারের সন্তুষ্ট নয়' বিএনপি। তবু রাজপথে আন্দোলন গড়ে তোলেনি তারা। এর পরিবর্তে সংলাপ ও রাজনৈতিক ঐক্যের মাধ্যমে নির্বাচনকেন্দ্রিক সমাধান খুঁজছে বিএনপি। সরাসরি আন্দোলনের পথে না গিয়ে সংলাপকেই কৌশল হিসেবে বেছে নিয়েছে তারা- যা নিয়ে রাজনৈতিক অঙ্গনে চলছে নানা আলোচনা। কঠোর আন্দোলনের পরিবর্তে রাজনৈতিক সংলাপ ও ঐক্য গড়ে তোলাই অধিক ফলপ্রসূ হতে পারে বলে মনে করছেন দলটির নেতারা। আন্দোলন থেকে সরে সংলাপে ভর গত ১৬ এপ্রিল প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে নির্বাচন ইস্যুতে বৈঠক করেন বিএনপির সাত নেতা। বৈঠকে নির্বাচন নিয়ে প্রধান উপদেষ্টার ঘোষিত সময়ে বিএনপি 'একেবারেই সন্তুষ্ট নয়' নয় বলে জানান দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ডিসেম্বর থেকে জুনের মধ্যে নির্বাচনের সময় দিয়েছেন, নির্বাচনের এই সময় নিয়ে আমরা একেবারে সন্তুষ্ট নই। নির্বাচন নিয়ে প্রধান উপদেষ্টা মহোদয় তার সুনির্দিষ্ট ডেটলাইন আমাদের দেননি। এর আগে ঈদের পর বড় আন্দোলনের ঘোষণা দিলেও বাস্তবে বিএনপির কৌশলে পরিবর্তন এসেছে। নাম প্রকাশ অনিচ্ছুক দলের এক জ্যেষ্ঠ নেতা বলেন, বর্তমান বাস্তবতায় কঠোর আন্দোলনের পরিবর্তে রাজনৈতিক সংলাপ ও ঐক্য গড়ে তোলা অধিক গুরুত্বপূর্ণ। দলটির অনেক নেতা এটাও মনে করছেন, রাজপথে তীব্র কর্মসূচি দিলে সরকার দমন-পীড়ন চালাতে পারে, যা বিরোধী জোটকে দুর্বল করে দেবে। তাই সংলাপের মাধ্যমে ডিসেম্বরের মধ্যেই একটি চাপ সৃষ্টি করার পরিকল্পনা নিয়েছে দলটি।

বিএনপির লিয়াজোঁ কমিটির প্রধান ও স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম ৭-এর পাতায় দেখুন

## মানহানির মামলায় আত্মসমর্পণ করে জামিন পেলেন বাসস এমডি

**স্টাফ রিপোর্টার :** দৈনিক যুগান্তর পত্রিকার সম্পাদক আবদুল হাই শিকদারের করা মানহানির মামলায় আত্মসমর্পণ করে জামিন পেয়েছেন বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) ব্যবস্থাপনা সম্পাদক মাহবুব মোর্শেদ। গতকাল সোমবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জিয়া উদ্দিনের আদালতে আত্মসমর্পণ করে আইনজীবীর মাধ্যমে জামিন আবেদন করেন মাহবুব মোর্শেদ। শুনানি শেষে আদালত ৫০০ টাকা মুচলেকায় তার জামিনের আদেশ দেন। বাদীপক্ষের আইনজীবী আনোয়ারুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন। গত ২৩ মার্চ আবদুল হাই শিকদার বাদী হয়ে এ মামলা করেন। মামলায় বাসস এমডিসহ ঢাকা সাংবাদিক ইউনিয়নের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক খাইরুল আলম এবং আসাদুজ্জামান আসাদকে আসামি করা হয়। মামলায় আসাদকে আওয়ামী লীগের অর্থ যোগানদাতা হিসেবে উল্লেখ করা হয়। ওইদিন আদালত আসামিদের আদালতে ৭-এর পাতায় দেখুন



## চীনা বাণিজ্যমন্ত্রীর নেতৃত্বে ঢাকায় আসছেন ১০০ ব্যবসায়ী

**স্টাফ রিপোর্টার :** চীনের বাণিজ্যমন্ত্রী ওয়াং ওয়েনতাও-এর নেতৃত্বে ১০০ সদস্যের ব্যবসায়ী প্রতিনিধিদল ঢাকায় আসছে। এ বিষয়ে ঢাকা সফররত চীনা প্রতিনিধিদলের সঙ্গে এক বৈঠকে পররাষ্ট্রসচিব জসীম উদ্দিনের আলোচনা হয়েছে। সোমবার (২৮ এপ্রিল) পররাষ্ট্র মন্ত্রণালয় এক বার্তায় এ তথ্য জানিয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, চীনের কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিভাগের দক্ষিণ-পূর্ব ও দক্ষিণ এশীয় বিষয়ক ব্যুরোর মহাপরিচালক পেং শিউবিন পররাষ্ট্রসচিব জসীম উদ্দিনের সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। মহাপরিচালক চীনের প্রতি বাংলাদেশের জনগণের উষ্ণ ও বন্ধুত্বপূর্ণ মনোভাবের প্রশংসা করে বলেন, চীন এবং চীনের কমিউনিস্ট পার্টি অর্থনৈতিক উন্নয়ন ও প্রবৃদ্ধি অর্জনে বাংলাদেশের জনগণের স্বপ্ন ও প্রত্যাশা পূরণে তাদের পাশে থাকবে। চীনে প্রধান উপদেষ্টার সাম্প্রতিক চীন সফর এবং রাষ্ট্রপতি শি জিনপিংয়ের সঙ্গে ফলপ্রসূ আলোচনার কথা উল্লেখ করে সফররত মহাপরিচালক বলেন, বাংলাদেশ একটি গুরুত্বপূর্ণ অংশীদার এবং বিশ্বস্ত বন্ধু। পেং শিউবিন আরও বলেন, চীন দ্বিপাক্ষিক বাণিজ্য জোরদার, অবকাঠামোগত উন্নয়নে সহায়তা অব্যাহত রাখতে এবং সাংস্কৃতিক সহযোগিতা ও জনগণের সঙ্গে ৭-এর পাতায় দেখুন

## রোহিঙ্গা ভোটার শনাক্তে কর্মপন্থা খুঁজছে ইসি

**স্টাফ রিপোর্টার :** কক্সবাজারের সব ইউনিয়নে কত রোহিঙ্গা রয়েছেন, তা নির্ধারণে কার্যকর কর্মপন্থা খুঁজছে নির্বাচন কমিশন (ইসি)। এ বিষয়ে আলোচনা করতে আগামীকাল বুধবার একটি বৈঠক করবে সংস্থাটি। গতকাল সোমবার ইসির উপসচিব (সংস্থাপন) শাহ আলম স্বাক্ষরিত এক চিঠিতে এ তথ্য জানানো হয়। চিঠিতে বলা হয়েছে, বর্তমান ইসির চতুর্থ 'কমিশন সভা' আগামী ৩০ এপ্রিল সকাল সাড়ে ১০টায় অনুষ্ঠিত হবে। বৈঠকে সভাপতিত্ব করবেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিন। সভা আলোচ্যসূচিতে বলা হয়েছে, রিট পিটিশন নং ৪৬১৫/২০২৪ এর আদেশ অনুযায়ী, কক্সবাজার জেলার সব ইউনিয়ন পরিষদের ভোটার তালিকা যাচাই করে কোনো রোহিঙ্গা শরণার্থী তালিকায় থাকলে তাদের বাদ দেওয়ার জন্য একটি কর্মপন্থা নির্ধারণ করা হবে। সম্প্রতি সিইসি ৭-এর পাতায় দেখুন

## ঐকমত্য কমিশনের লক্ষ্য হচ্ছে জাতীয় সনদ তৈরি করা: আলী রীয়াজ

**স্টাফ রিপোর্টার :** জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেছেন, রাষ্ট্র সংস্কার প্রশ্নে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। সবার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে রাজপথে, চর্চা ও ঐক্যে। সেই সঙ্গে সম্মিলিতভাবে কাজ করতে হবে জাতীয় সনদ তৈরিতে। ঐকমত্য কমিশনের লক্ষ্য হচ্ছে জাতীয় সনদ তৈরি করা। যাতে করে ক্ষমতার বিন্যাসে পরিবর্তন ঘটে। বাংলাদেশ যাতে সব সম্ভাবনা নিয়ে জাগ্রত হতে পারে। সোমবার (২৮ এপ্রিল) জাতীয় সংসদের এলডি হলে গণঅধিকার পরিষদের সঙ্গে সংলাপের সূচনা বক্তব্যে তিনি এসব কথা বলেন। আলী রীয়াজ বলেন, গত ৫৩ বছর মানুষ যে গণতান্ত্রিক আকাঙ্ক্ষাকে ধারণ করছে, সেই আকাঙ্ক্ষাকে যাতে বাস্তবায়ন করা ৭-এর পাতায় দেখুন




সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে দুর্নীতিবিরোধী বিশেষ আইন পাশের দাবিতে মানববন্ধন করে অহিংস গণঅভ্যুত্থান বাংলাদেশ'' এর সংগঠকবৃন্দ।

## রোহিঙ্গাদের জন্য সাড়ে তিন মিলিয়ন ডলার সহায়তা দিল জাপান

**স্টাফ রিপোর্টার :** কক্সবাজার জেলা ও ভাসানচরে রোহিঙ্গা শরণার্থী ও স্থানীয় সম্প্রদায়ের জীবনযাত্রার মান উন্নত করার জন্য একটি বিস্তৃত পরিকল্পনার জন্য জাপান সরকার আন্তর্জাতিক অভিবাসন সংস্থাকে (আইওএম) ৩.৫ মিলিয়ন মার্কিন ডলার সহায়তা দিয়েছে। সোমবার (২৮ এপ্রিল) ঢাকার জাপান দূতাবাস এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। এতে উল্লেখ করা হয়, বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত সাঈদা শিনিচি এবং আইওএম বাংলাদেশ মিশনের প্রধান ল্যান্স বোনো এ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষর করেছেন। কক্সবাজার জেলা এবং ভাসানচরে প্রায় ৫ লাখ রোহিঙ্গা শরণার্থী ও স্থানীয় সম্প্রদায় এই প্রকল্প থেকে সহায়তা পাবে। এই প্রকল্পের ৭-এর পাতায় দেখুন

## সরকারি লিগ্যাল এইডের মাধ্যমে মামলার চাপ কমাতে কাজ চলছে: আইন উপদেষ্টা




**স্টাফ রিপোর্টার :** সরকারি লিগ্যাল এইডের মাধ্যমে আদালতের ৪০ শতাংশ মামলার চাপ কমাতে কাজ চলছে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা ও জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার চেয়ারম্যান ড. আসিফ নজরুল। গতকাল সোমবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত 'জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২৫'-এর উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হয়ে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। দিবসটির এবারের প্রতিপাদ্য 'দ্বন্দ্বে কোনো আনন্দ নাই, আপস করো ভাই; লিগ্যাল এইড আছে পাশে, কোনো চিন্তা নাই '। আইন উপদেষ্টা বলেন, দেশে প্রতিবছর প্রায় ৫ লখের মতো মামলা হয়। এর মধ্যে সরকারি লিগ্যাল এইডে নিষ্পত্তি হয় প্রায় ৩৫ হাজার মামলা এবং এই সংখ্যাটিকে ২ লাখে আনতে পারলে আদালতে মামলার চাপ প্রায় ৪০ শতাংশ কমে যাবে। কিছু মামলা যেমন- ফ্যামিলি ম্যাটারস, নেগোশিয়েবল ইন্সট্রুমেন্ট অ্যাক্ট বা ছোট-ছোট কম্পাউন্ডেবল ক্রিমিনাল অফেন্সের ক্ষেত্রে প্রথমেই সরকারি লিগ্যাল এইড প্রতিষ্ঠানে যাওয়া বাধ্যতামূলক করতে চিন্তাভাবনা চলছে, এখানে কাজ না হলে তবে আদালতে যাবার সুযোগ থাকবে। এই কাজগুলো যথাযথভাবে করতে পারলে মামলার চাপ ও মানুষের দুর্ভোগ উল্লেখযোগ্য পরিমাণে কমে আসবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। তিনি বলেন, 'আইন ও বিচার মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণের পর আমাদের ৭-এর পাতায় দেখুন

## বাংলাদেশ বিমান বাহিনীর বার্ষিক মহড়া 'আকাশ বিজয়' অনুষ্ঠিত হচ্ছে

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ বিমান বাহিনীর বার্ষিক মহড়া 'আকাশ বিজয়-২০২৫' দেশের সব প্রধান ঘাঁটি, বিভিন্ন স্টেশন ও ইউনিটে অনুষ্ঠিত হচ্ছে। মহড়ার উল্লেখযোগ্য অংশ হিসেবে বিমান বাহিনীর বৈমানিকরা আকাশ যুদ্ধের বিভিন্ন প্রকার রণকৌশল অনুসরণ করে যুদ্ধ বিমানের মাধ্যমে আক্রমণ, শত্রুবিমান শনাক্তকরণ, আকাশ থেকে শত্রু কবলিত স্থান পর্যবেক্ষণ, রসদ সরবরাহ, সৈন্য ও যুদ্ধাস্ত্র স্থানান্তর, স্পেশাল অপারেশন, অনুসন্ধান ও উদ্ধারসহ সব ধরনের অপারেশন পরিচালনা করছে। গত রোববার আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। এতে বলা হয়, মহড়ার সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁন, এয়ার কমান্ড অপারেশন সেন্টার, এয়ার ডিফেন্স অপারেশন সেন্টার, বিমান বাহিনী ঘাঁটি বাশার, বিমান বাহিনী ঘাঁটি এ কে খন্দকার, বিমান বাহিনী ঘাঁটি জহুরুল হক ও বিমান বাহিনী ঘাঁটি বীরশ্রেষ্ঠ মতিউর রহমান এ বিভিন্ন প্রকার বিমানের মহড়া এবং অন্যান্য অপারেশনাল ও মেইনটেন্যান্স কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। 'আকাশ বিজয়-২০২৫' বিমান বাহিনীর সব প্রধান ঘাঁটিসহ সিলেট, লালমনিরহাট, শমশেরনগর, বগুড়া, বরিশাল, রসুলপুর ও সুধারামে অবস্থিত বিভিন্ন স্টেশন ও ইউনিটগুলো হতে সারাদেশে গত ২৩ এপ্রিল হতে পরিচালিত হচ্ছে এবং ৩০ এপ্রিল পর্যন্ত মহড়া অনুষ্ঠিত হবে। এ মহড়ায় বিমান বাহিনীর সব প্রকার যুদ্ধ ও পরিবহন বিমান, হেলিকপ্টার ইউনিট, র‍্যাডার ইউনিট, মিসাইল ইউনিট এবং আনম্যান্ড এরিয়াল সিস্টেম ইউনিট সর্বাত্মকভাবে অংশগ্রহণ করছে। এ মহড়ায় বিমান বাহিনীর বিভিন্ন র‍্যাডার স্কোয়াড্রনের মাধ্যমে শত্রুপক্ষের আক্রমণকে চিহ্নিত করে নিজ বাহিনীর যুদ্ধ বিমান ও মিসাইল ইউনিটের সহায়তায় উক্ত আক্রমণকে প্রতিহত করার কৌশল অনুশীলন করা হচ্ছে। আকাশ যুদ্ধ ছাড়াও ভূমিতে ঘাঁটি প্রতিরক্ষা ৭-এর পাতায় দেখুন

## অর্থনৈতিক উন্নয়নে বাংলাদেশের জনগণের পাশে থাকার আশ্বাস সিপিসির

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশের জনগণের স্বপ্ন ও প্রত্যাশা পূরণে অর্থনৈতিক উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে পাশে থাকার আশ্বাস দিয়েছে চীনের কমিউনিস্ট পার্টি (সিপিসি)। চীনের কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিভাগের দক্ষিণ-পূর্ব ও দক্ষিণ এশিয়া বিষয়ক ব্যুরোর মহাপরিচালক পেং শিউবিন গত রোববার বাংলাদেশের পররাষ্ট্র সচিব মো. জসীম উদ্দিনের সাথে সৌজন্য সাক্ষাৎকালে এই প্রতিশ্রুতি দেন। গতকাল সোমবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়েছে। সাক্ষাৎকালে পেং বলেন, দুই দেশের রাজনৈতিক দলের মধ্যে যোগাযোগ বাংলাদেশ-চীন সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ এবং সিপিসি থিঙ্ক ট্যাঙ্ক এবং শিক্ষাবিদদের সাথে এই বিনিময় সম্প্রসারণে আগ্রহী। তিনি বলেন, চীন দ্বিপাক্ষিক বাণিজ্য জোরদারে কাজ করবে, অবকাঠামোগত উন্নয়নে সমর্থন অব্যাহত রাখবে এবং সাংস্কৃতিক সহযোগিতা ও ৭-এর পাতায় দেখুন

## অনলাইন জুয়ার নামে টাকা পাচারের অভিযোগ, বিশেষ সহকারীর হুঁশিয়ারি

**স্টাফ রিপোর্টার :** সাইবার সুরক্ষা আইন পাস হলে জুয়ার সঙ্গে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে জড়িত কোম্পানিকে শাস্তি দেওয়া এবং বেটিং সাইটগুলো নিষিদ্ধ করার উদ্যোগ নেওয়ার কথা জানিয়েছেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি বিভাগের দায়িত্বপ্রাপ্ত ফয়েজ আহমেদ তৈয়্যব। তিনি জানান, কয়েকটি মোবাইল ফাইন্যান্সিয়াল কোম্পানিগুলোর বিরুদ্ধে অনলাইন জুয়া, ক্রিপ্টো কারেন্সি এবং ই-কমার্স এমএলএম এর নাম করে অর্থ পাচারের অভিযোগ আছে। সাইবার আইন পাস হওয়ার পরে আমরা বিষয়গুলো নিয়ে কাজ করব। সোমবার (২৮ এপ্রিল) ফেসবুকে দেওয়া স্ট্যাটাসে তিনি এ তথ্য জানিয়েছেন।



তিনি বলেন, "কয়েকদিনের মধ্যেই নতুন সাইবার সুরক্ষা আইনটি পাস হবে বলে আশা করি। এ আইনে সাইবার স্পেসে জুয়া কিংবা অনলাইন জুয়াকে নিষিদ্ধ করা হয়েছে। আইন পাস হওয়ার পরে আমরা জুয়ার সঙ্গে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে জড়িত কোম্পানিকে শাস্তি দেওয়া এবং বেটিং সাইটগুলো নিষিদ্ধ করার উদ্যোগ নেব। বেটিং সাইটগুলোর সঙ্গে সংযুক্ত এমএফএস কোম্পানিগুলোর সংশ্লিষ্টতা খতিয়ে দেখা হবে জানিয়ে তিনি বলেন, "বেশ কিছুদিন ধরে কয়েকটি মোবাইল ফাইন্যান্সিয়াল কোম্পানির বিরুদ্ধে অনলাইন জুয়া, ক্রিপ্টো কারেন্সি এবং ই-কমার্স এমএলএম এর নাম করে অর্থ পাচারের অভিযোগ ঘনীভূত হচ্ছে। সাইবার আইন পাস হওয়ার পরে আমরা বিষয়গুলো নিয়ে কাজ করব।""আমরা মোবাইল ৭-এর পাতায় দেখুন

## মার্চে ধর্ষণের শিকার ১৬৩, নির্যাতিত ৪৪২ নারী

**স্টাফ রিপোর্টার :** দেশে চলতি বছরের মার্চ মাসে নির্যাতনের শিকার হয়েছে ৪৪২ জন নারী এবং ধর্ষণের শিকার হয়েছে ১৬৩ জন। এ ছাড়াও ধর্ষণচেষ্টার শিকার হয়েছে ৭০ জন নারী। সোমবার (২৮ এপ্রিল) জাতীয় প্রেসক্লাবের জহুর হোসেন হলে সাম্প্রতিক নারীর মানবাধিকার পরিস্থিতি নিয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানায় বাংলাদেশ মহিলা পরিষদ। বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ফওজিয়া মোসলেমের সভাপতিত্বে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন 'আন্দোলন' সম্পাদক রাবেয়া খাতুন শান্তি। তিনি জানান, দেশের শীর্ষস্থানীয় ১৫টি পত্রিকায় প্রকাশিত সংবাদের তথ্য বিশ্লেষণ করে এই তথ্য পাওয়া গেছে। লিখিত বক্তব্যে রাবেয়া খাতুন বলেন, ২০২৫ সালের মার্চ মাসে মোট ৪৪২ জন নারী ও কন্যা নির্যাতনের শিকার হয়েছে। এরমধ্যে ধর্ষণের শিকার হয়েছে ১২৫ জন কন্যাসহ ১৬৩ ৭-এর পাতায় দেখুন

## পুঁজিবাজারে সূচকের পতন বেড়েছে লেনদেন

**স্টাফ রিপোর্টার :** ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) সপ্তাহের দ্বিতীয় কার্যদিবস সোমবার (২৮ এপ্রিল) সূচকের পতনের মধ্যে দিয়ে লেনদেন শেষ হয়েছে। গত রবিবার (২৭ এপ্রিল) ডিএসইতে সূচক কিছুটা বাড়লেও পরের দিন তা পতনমুখী অবস্থানে ফিরেছে। এর আগে টানা নয় কার্যদিবস পুঁজিবাজারে সূচকের পতন ঘটেছে। সোমবার ডিএসই ও সিএসইতে আগের কার্যদিবসের চেয়ে টাকার পরিমাণে লেনদেন কিছুটা বেড়েছে।



দিনশেষে ডিএসইতে লেনদেনে অংশ নেওয়া বেশিরভাগ কোম্পানির শেয়ার এবং মিউচুয়াল ফান্ডের ইউনিটের দাম বাড়লেও সিএসইতে কমেছে। ডিএসই ও সিএসই সূত্র জানিয়েছে, দিনশেষে ডিএসইর প্রধান সূচক ডিএসইএক্স আগের দিনের চেয়ে ৪২.৬৭ পয়েন্ট কমে অবস্থান করছে ৪ হাজার ৯৫২ পয়েন্টে। ডিএসই শরিয়াহ সূচক ১১.১৪ পয়েন্ট কমে ১ হাজার ৯৬ পয়েন্টে এবং ডিএস৩০ সূচক ২১.৬৫ পয়েন্ট কমে ১ হাজার ৮৩০ পয়েন্টে দাঁড়িয়েছে। ডিএসইতে মোট ৩৯৯টি কোম্পানির শেয়ার ও ইউনিট লেনদেন হয়েছে। এর মধ্যে শেয়ার ও ইউনিটের দাম বেড়েছে ৯৪টি কোম্পানির, কমেছে ২৪৬টির এবং অপরিবর্তিত আছে ৫৯টির। এদিন ডিএসইতে মোট ৪৫৩ কোটি ৭৯ লাখ টাকার শেয়ার ও ইউনিট লেনদেন হয়েছে। আগের কার্যদিবসে লেনদেন হয়েছিল ৩৩৮ কোটি ৬৪ লাখ টাকার শেয়ার ও ইউনিট। অন্যদিকে, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) সিএসসিএক্স সূচক আগের দিনের চেয়ে ১০.৬৬ পয়েন্ট কমে অবস্থান করছে ৮ হাজার ৪৪৮ ৭-এর পাতায় দেখুন

**সম্পাদক ও প্রকাশক :** মোহাম্মদ আলী কর্তৃক গাজী ভবন (৩য় তলা), প্লট : ৩৫, রোড : ২, ব্লক : খ, সেকশন : ৬, মিরপুর, ঢাকা থেকে প্রকাশিত। তুহিন প্রেস, ২১৯/২, ফকিরাপুল (১ম গলি), মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত।
**ফোন :** ০৯৬৩৮-৩৬০৭৪৩, **ই-মেইল :** news.manabikbangladesh@gmail.com, **ওয়েবসাইট :** www.manabikbangladesh.com.

## ভিয়েতনাম থেকে এলো ২০ হাজার

দেশে এসে পৌঁছেছে। চট্টগ্রাম বন্দরে পৌঁছানোর পর জাহাজে সংরক্ষিত চালের নমুনা পরীক্ষা সম্পন্ন হয়েছে এবং চাল খালাসের কার্যক্রমও শুরু হয়েছে বলে জানিয়েছে খাদ্য মন্ত্রণালয়।

## সারাদেশে বজ্রপাতে

একজন। তাকে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোমবার সকাল ১০টা থেকে দুপুরের মধ্যে বরুড়া ও মুরাদনগর উপজেলায় পৃথক বজ্রপাতে তাদের মৃত্যু হয়। সংশ্লিষ্ট থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তারা বিষয়টি নিশ্চিত করেন। সকাল সাড়ে ১০টার দিকে মুরাদনগর উপজেলার বাঙ্গরা বাজার থানার কোরবানপুর পূর্ব পাড়া কবরস্থানের পাশের মাঠে ধান কাটার সময় বজ্রপাতে দুই কৃষকের মৃত্যু হয়। তারা হলেন- উপজেলার দেওড়া গ্রামের জসিম উদ্দিন ভূইয়াঁর ছেলে জুয়েল ভূইয়াঁ (৩৫) ও কোরবানপুর গ্রামের পশ্চিমপাড়া (কালীবাড়ি) এলাকার মৃত বীরচরণ দেবনাথের ছেলে নিখিল দেবনাথ (৬০)। অন্যদিকে দুপুরে বরুড়া উপজেলার খোশবাস ইউনিয়নের পয়ালগুচ্ছ গ্রামে বজ্রপাতে দুই স্কুলছাত্রের মৃত্যু হয়েছে। নিহতরা হলো- ওই এলাকার মৃত খোকন মিয়ার ছেলে ফাহাদ হোসেন (১৩) এবং আব্দুল বারেক মিয়ার নাতি সায়মন হোসেন। স্থানীয় সূত্রে জানা গেছে, দুজনই উপজেলার বড় হরিপুর উচ্চ বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির ছাত্র ছিল। হালকা মেঘলা আবহাওয়ায় তারা মাঠে ঘুড়ি ওড়াচ্ছিল। আকস্মিক বজ্রপাতে মারাত্মক আহত হলে স্থানীয়রা তাদের উদ্ধার করে হাসপাতালে নেন। সেখানে চিকিৎসক তাদের মৃত ঘোষণা করেন। কিশোরগঞ্জ : কিশোরগঞ্জের দুই হাওর উপজেলা অষ্টগ্রাম ও মিঠামইনে বজ্রপাতে তিনজনের মৃত্যু হয়েছে। সোমবার সকালে অষ্টগ্রামের হাওরে ধান কাটতে গিয়ে দুই কৃষক ও মিঠামইনে নিজের খলায় ধানের খড় ঢাকতে গেলে বজ্রপাতে এক নারীর মৃত্যু হয়। নিহতরা হলেন-অষ্টগ্রাম উপজেলার কলমা ইউনিয়নের হালালপুর গ্রামের মৃত জতীন্দ্র দাসের ছেলে ইন্দ্রজিত দাস (৩৫), খয়েরপুর-আব্দুল্লাহপুর ইউনিয়নের খয়েরপুর গ্রামের ইদ্রিছ মিয়ার ছেলে স্বাধীন মিয়া (১৪) ও মিঠামইন উপজেলার কেওয়ারজোড় ইউনিয়নের রানীগঞ্জ গ্রামের বাসিন্দা মৃত আশ্রব আলীর স্ত্রী ফুলেছা বেগম (৬৫)। অষ্টগ্রাম থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রুহুল আমিন ও মিঠামইন থানার সহকারী উপপরিদর্শক (এএসআই) দেলোয়ার হোসেন এসব তথ্য নিশ্চিত করেছেন।

সুনামগঞ্জ : সুনামগঞ্জের শাল্লা উপজেলায় বজ্রপাতে রিমন তালুকদার (২২) নামে এক কলেজছাত্রের মৃত্যু হয়েছে। সোমবার সকালে উপজেলার আটগাঁও গ্রামের বুড়িগাঙ্গাল হাওরে এ ঘটনা ঘটে। নিহত রিমন তালুকদার শাল্লা কলেজের ডিগ্রি দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, প্রতিদিনের মতোই সকালে গরুকে ঘাস খাওয়াতে বাড়ির পাশের বুড়িগাঙ্গাল হাওরে যান রিমন। এ সময় হঠাৎ বৃষ্টি শুরু হলে তিনি নিরাপদ আশ্রয়ে যাওয়ার চেষ্টা করেন। এর মধ্যেই বজ্রপাতের শিকার হন। ঘটনাস্থলেই রিমন ও তার সঙ্গে থাকা গবাদিপশুর মৃত্যু হয়।

চাঁদপুর : কালবৈশাখী ঝড়ে চাঁদপুরের কচুয়ায় বজ্রপাতের বিকট শব্দে হার্ট অ্যাটাক করে বিশকা রানী সরকার (৪৫) নামে এক গৃহবধূর মৃত্যু হয়েছে। সোমবার দুপুরে উপজেলার উত্তর কচুয়া ইউনিয়ন পরিষদের নাহারে গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত বিশকা রানী সরকার চাঁদপুরের কচুয়া উপজেলার ৩নং ইউনিয়নের নাহারা গ্রামের পূর্বপাড়া মন্দির ওয়ালা বাড়ির হরিপদ সরকারের স্ত্রী। পুলিশ ও স্থানীয়রা জানান, বেলা সাড়ে ১১টায় তারা স্বামী-স্ত্রী দুজন ধানের জমিতে কাজ করছিলেন। ওই সময় আকাশে মেঘ করে বজ্রপাত হয়। বজ্রপাতের শুনে স্ত্রী বিশকা রানী সরকার মাটিতে পড়ে যান। পরে তার স্বামী হরিদাস সরকার তাকে উদ্ধার করে কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক বিশকা রানী সরকারকে মৃত ঘোষণা করেন। কচুয়া থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আজিজুল ইসলাম বলেন, মৃত বিশকা রানী সরকারের শরীরে বজ্রপাতের কোনো লক্ষণ পাওয়া যায় নাই। তার স্বাভাবিক মৃত্যু হয়েছে । মৃতদেহ নিজ বাড়িতে নিয়ে যায়। এ মৃত্যু নিয়ে কারো কোনো সন্দেহ না থাকায় সামাজিকভাবে সৎকারের জন্য অনুমতি প্রদান করা হয়।

হাসপাতালের চিকিৎসকরা জানান, তার শরীরে কোনো আঘাতের চিহ্ন নেই। তবে বজ্রপাতে আতঙ্কিত হয়ে মারা যেতে পারেন। হাসপাতালে আনার আগেই তার মৃত্যু হয়। কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা হেলাল উদ্দিন বলেন, ওই গৃহবধূ বজ্রপাতের বিকট আওয়াজে হার্ট অ্যাটাক করে মারা গেছেন বলে জানিয়েছেন কর্তব্যরত ডাক্তাররা। তবে এ নিয়ে তদন্ত করা হচ্ছে। নেত্রকোণা : নেত্রকোণার মদনে আরাফাত মিয়া (১০) নামে এক মাদরাসার ছাত্র মারা গেছেন। সোমবার ভোর ৬টার দিকে উপজেলার তিয়শ্রী ইউনিয়নের তিয়শ্রী গ্রামে নিজ বাড়ির সামনেই বজ্রপাতে মৃত্যু হয় তার। আরাফাত উপজেলার তিয়শ্রী গ্রামের আব্দুস ছালামের ছেলে। মদন উপজেলা নির্বাহী কর্মকর্তা অলিদুজ্জামান জানান, আরাফাত নামে এক মাদরাসা শিক্ষার্থীর বজ্রপাতে মারা যাওয়ার খবর পেয়েছি। সরকারি নিয়ম অনুযায়ী তার পরিবারকে আর্থিক সহযোগিতা করা হবে।

## বিসিএসের নতুন সিলেবাস যেভাবে

একাধিক সূত্র জানায়, নতুন সিলেবাস চাকরিপ্রার্থীদের প্রয়োজনীয়তার কথা মাথায় রেখে তৈরি হবে। বর্তমানে একাধিক নিয়োগ পরীক্ষা দেয়ার জন্য প্রার্থীদের বিভিন্ন ধরনের প্রস্তুতি নিতে হয়, যার মধ্যে সরকারি চাকরির সিলেবাস একরকম, আবার বেসরকারি চাকরির সিলেবাস ভিন্ন ধরনের হয়। পিএসসি এসব বিষয় বিশ্লেষণ করে এমন একটি সিলেবাস তৈরির চিন্তা করছে, যা সকল চাকরিপ্রার্থীকে যোগ্য করে তুলবে। নতুন সিলেবাসে এমনভাবে প্রস্তুতি নিতে সহায়তা করা হবে যাতে প্রার্থীরা শুধু দেশেই নয়, আন্তর্জাতিক ক্ষেত্রে, বিশেষত বিদেশে চাকরি গ্রহণের ক্ষেত্রে আরও বেশি সক্ষম হতে পারেন। পিএসসির সদস্য মো. নাজমুল আমীন মজুমদার বলেন, "আমরা আমাদের পার্শ্ববর্তী দেশগুলোড়যেমন ভারত, শ্রীলঙ্কা এবং সিঙ্গাপুরের চাকরির পরীক্ষার সিলেবাস নিয়ে গবেষণা করছি। এসব দেশের সিলেবাসের সঙ্গে মিলিয়ে নতুন সিলেবাস তৈরি করা হচ্ছে। এতে মুখস্থ করার বিষয়গুলো কম থাকবে এবং প্রার্থীরা যেন গ্লোবাল ক্যান্ডিডেট হিসেবে নিজেকে তৈরি করতে পারেন, সে অনুযায়ী সিলেবাস সাজানো হচ্ছে।"পিএসসির আরেকটি সূত্র জানিয়েছে, ৪৭তম বিসিএসের প্রিলিমিনারি, লিখিত এবং মৌখিক পরীক্ষার ব্যবস্থা থাকবে, তবে সিলেবাসের বিষয়গুলোতে পরিবর্তন আসবে।

## প্রচলিত ও অপ্রচলিত উভয় বাজারেই

যুক্তরাষ্ট্রে রপ্তানিতে প্রবৃদ্ধি হয়েছে ১৭ দশমিক ২৩ শতাংশ। এ সময় দেশটিতে বাংলাদেশের মোট পোশাক রপ্তানি ছিল ৫ দশমিক ৭৪ বিলিয়ন ডলার। যুক্তরাজ্য ও কানাডায় রপ্তানি হয়েছে যথাক্রমে ৩ দশমিক ৩৬ বিলিয়ন ও ৯৬৩ দশমিক ৮৫ মিলিয়ন ডলার। এর মধ্যে কানাডায় রপ্তানিতে ১৫ দশমিক ৬৬ শতাংশ ও যুক্তরাজ্যে ৪ দশমিক ১৪ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে। তবে ইউরোপের বাজারগুলোর মধ্যে তিনটি দেশে পোশাক রপ্তানি কমেছে। বাকি দেশগুলোতে পোশাক রপ্তানির ইতিবাচক ধারা অব্যাহত রয়েছে। পোশাক রপ্তানি কমে যাওয়া তিনটি দেশ হলো- এস্তোনিয়া, লাটবিয়া আর লুক্সেমবার্গ। তাছাড়া ইউরোপের প্রায় সব দেশেই পোশাক রপ্তানি বাড়ছে। সূত্র জানায়, রোমানিয়া আর লিথুয়ানিয়া ১০০ শতাংশের বেশি পোশাক রপ্তানি বেড়েছে। রোমানিয়ায় ৯ মাসে আগের বছরের তুলনায় ১০২ দশমিক ৯১ শতাংশ বেড়েছে। লিথুয়ানিয়ায় ১০৯ দশমিক ২৯ শতাংশ বেড়েছে। টাকার হিসাবে এ সময়ে জার্মানিতে ৩ দশমিক ৮০ বিলিয়ন ডলারের পোশাক রপ্তানি হয়েছে। স্পেন ২ দশমিক ৬৫ বিলিয়ন ডলার, ফ্রান্স ১ দশমিক ৬৫ বিলিয়ন ডলার, নেদারল্যান্ডস ১ দশমিক ৬১ বিলিয়ন ডলার ও পোল্যান্ডে ১ দশমিক ২৬ বিলিয়ন ডলারের পোশাক রপ্তানি হয়েছে। বাড়ার হিসেবে নেদারল্যান্ডসে তৈরি পোশাকের রপ্তানি ২৩ দশমিক ১৫ শতাংশ, সুইডেনে ১৯ দশমিক ৯৬ শতাংশ, ডেনমার্কে ১২ দশমিক ৮০ শতাংশ ও ফ্রান্সে ১০ দশমিক ৭৫ শতাংশ পোশাক রপ্তানি বেড়েছে। পাশাপাশি অপ্রচলিত বাজারগুলোতেও পোশাক রপ্তানি বাড়ছে। অপ্রচলিত বাজারগুলোতেও ৬ দশমিক ৬৬ শতাংশ বেড়েছে। জুলাই-মার্চ এ ৯ মাস সময়কালে অপ্রচলিত বাজারে ৫ দশমিক ১২ বিলিয়ন ডলারের পোশাক রপ্তানি হয়েছে, যা মোট রপ্তানির ১৬ দশমিক ৯৩ শতাংশ। এর মধ্যে উল্লেখযোগ্য জাপান, অস্ট্রেলিয়া ও ভারত। জাপানে রপ্তানি হয়েছে ৯৬০ দশমিক ৪৫ মিলিয়ন ডলার, অস্ট্রেলিয়ায় ৬৫৩ দশমিক ৬৪ মিলিয়ন ডলার ও ভারতে ৫৩৫ দশমিক ১৫ মিলিয়ন ডলারের পোশাক। তবে এ সময়কালে রাশিয়া, দক্ষিণ কোরিয়া, সংযুক্ত আরব আমিরাত (ইউএই), নিউজিল্যান্ড ও মালয়েশিয়ায় রপ্তানি কমেছে। এ প্রসঙ্গে বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের (বিকেএমইএ) নির্বাহী সভাপতি ফজলে শামীম এহসান জানান, রপ্তানি ইতিবাচক হওয়ার কারণ হলো বায়ারদের আস্থা। সাময়িক সময়ের জন্য হয়তো অর্ডার কমে। অনেক সময় অর্থনৈতিক মন্দার কারণেও তারা পণ্য কেনে না। এরপর সারা বিশ্বে যখন রপ্তানি বাড়ে তখন এদেশে সবার আগে রপ্তানি বাড়ে।

## ঢাকায় বড় শ্রমিক সমাবেশ করবে

এগিয়ে আসে না। এজন্য শুধু সরকার বা ট্রেড ইউনিয়ন এগিয়ে এলে হবে না। গণমাধ্যমের সাংবাদিকদেরও ভূমিকা রাখতে হবে। তারা শ্রমজীবী মানুষের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আরও প্রতিবেদন প্রকাশ করলে বেশ উপকার হয়। তিনি বলেন, আগামী ১ মে আন্তর্জাতিক শ্রমিক দিবসে আমরা বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে দেশের সব শাখায় উৎসবের সঙ্গে সমাবেশ পালন করব। ঢাকায় বড় রকম শ্রমিক সমাবেশ করব। আশা করছি লক্ষাধিক শ্রমিকের উপস্থিতি থাকবে ইনশাআল্লাহ। দেশের শ্রমজীবী মানুষের স্বার্থসংশ্লিষ্ট বিষয় ও বিভিন্ন দাবি তুলে ধরা হবে। শ্রমিকদের বিপদে পাশে থাকতে সর্বোচ্চ চেষ্টা করছি। আমরা সবাই মিলে একটি সুখী, সমৃদ্ধ ও সুন্দর বাংলাদেশ প্রতিষ্ঠা করতে চাই। শ্রমিক কল্যাণ ফেডারেশনের সাধারণ সম্পাদক আতিকুর রহমান বলেন, আমরা দেশের সাড়ে সাত কোটি শ্রমিকের উন্নয়ন ও স্বার্থ রক্ষার জন্য কাজ করে যাচ্ছি। অন্তর্বর্তীকালীন সরকার গঠিত শ্রম সংস্কার কমিশনে আমরা প্রস্তাবনা জমা দিয়েছি। অতীতে ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের আমলে আমরা ঠিকমতো কর্মসূচি পালন করতে পারিনি। ৫ আগস্টের পর গার্মেন্টস শিল্পসহ বিভিন্ন সেক্টরে অস্থিরতা সৃষ্টি হলে শ্রমিক কল্যাণ ফেডারেশন ছুটে গিয়ে পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা করেছে। আমরা শ্রমিকদের অধিকার রক্ষা ও মানোন্নয়নের জন্য সবসময় পাশে থাকব ইনশাআল্লাহ্। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, অটোরিকশা নিয়ে আমরা উদ্বিগ্ন। প্রতিনিয়ত বাধাহীনভাবে রিকশা নামছে। এজন্য সরকারকে একটা নির্দিষ্ট নীতিমালা প্রণয়নের মাধ্যমে নিয়ন্ত্রণ করতে হবে। আমরাও শ্রমিকের স্বার্থ রক্ষা করে এ নিয়ে কাজ করছি।

মতবিনিময় সভায় জানানো হয়- আগামী ১ মে আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে রাজধানীর পুরানা পল্টন মোড়ে এক শ্রমিক সমাবেশ করা হবে। সমাবেশে বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান ও সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ারসহ কেন্দ্রীয় নেতারা বক্তব্য রাখবেন। এবারের শ্রমিক দিবসে কয়েকটি প্রস্তাবনা দিয়েছে শ্রমিক কল্যাণ ফেডারেশন। সেগুলো হচ্ছে- ন্যায় ও ইনসাফের ভিত্তিতে দেশের শ্রমনীতি ঢেলে সাজাতে হবে। বন্ধ পাটকলসহ সব বন্ধ কল-কারখানা অবিলম্বে চালু করতে হবে। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম শ্রমজীবী মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে নিয়ে আসতে হবে। জাতীয়ভাবে ন্যূনতম মজুরি কাঠামো নির্ধারণ ও বাস্তবায়ন করতে হবে। গার্মেন্টস শ্রমিকদের ন্যূনতম মজুরি ২৫ হাজার টাকা করতে হবে। পরিবহন সেক্টরে চাঁদাবাজি বন্ধসহ শ্রমিকদের উপর প্রশাসনের হয়রানি বন্ধ করতে হবে। রেল ও বন্দর রক্ষায় এই সেক্টরের শ্রমিকদের ন্যায্য দাবি অবিলম্বে মেনে নিতে হবে। শ্রমজীবী মানুষের জন্য বাসস্থান, রেশনিং, চিকিৎসা ও তাদের সন্তানদের বিনামূল্যে শিক্ষার অধিকার নিশ্চিত করতে হবে। বেতন-ভাতাসহ নারী শ্রমিকদের মাতৃত্বকালীন ছুটি ৬ মাস করতে হবে। সার, বীজ ও কীটনাশকের মূল্য কমাতে হবে এবং কৃষকের উৎপন্ন ফসলের ন্যায্যমূল্য নিশ্চিত করতে হবে। অবাধ ট্রেড ইউনিয়ন করার অধিকার নিশ্চিত করতে হবে। সব ধরনের শিল্প কল-কারখানায় শ্রমিক ছাঁটাই বন্ধ করতে হবে। শ্রমিক কল্যাণ ফেডারেশনের সাধারণ সম্পাদক আতিকুর রহমানের পরিচালনায় মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সহসভাপতি অধ্যাপক হারুনুর রশিদ খান, গোলাম রব্বানী, লস্কর মো. তসলিম, কবির আহমেদ, মজিবুর রহমান ভূঁইয়া, শ্রমিক কল্যাণ ফেডারেশনের ঢাকা মহানগর দক্ষিণের সভাপতি আব্দুস সালাম, কেন্দ্রীয় উপদেষ্টা আতাউর রহমান সরকার প্রমুখ।

## মতপার্থক্যে আটকা ড্যাপ

মতপার্থক্যের দ্বন্দ্বে ড্যাপ সংশোধন, সেই সঙ্গে বাস্তবায়ন আটকে গেছে। ড্যাপে জনঘনত্ব ও অন্যান্য নাগরিক সুযোগ-সুবিধা বিবেচনায় নিয়ে ভবনের উচ্চতা বেঁধে দেওয়া হয়। এজন্য বিভিন্ন মহল, বিশেষ করে আবাসন ব্যবসায়ীরা বেঁকে বসেন। শুরু হয় ড্যাপে নানা সংশোধন। আগে প্রশস্ত রাস্তা না থাকলেও আট থেকে ১০তলা পর্যন্ত ভবন করা যেত। কিন্তু গেজেট আকারে ড্যাপ প্রকাশের পর সেই সুযোগ বন্ধ করে দেওয়া হয়। অপ্রশস্ত রাস্তার ক্ষেত্রে চার থেকে পাঁচতলা ভবন নির্মাণের বিধান রাখা হয়। ফলে জমির মালিক, হাউজিং প্রতিষ্ঠান, ডেভেলপারদের মধ্যে চরম অসন্তোষ দেখা দেয়। তারা বাণিজ্যিকভাবে বড় ভবন নির্মাণ তুলনামূলক কমিয়ে দেন। বেড়ে যায় রাজধানীর ফ্ল্যাটের দাম। বাড়তে থাকে বাড়িভাড়াও। এ অবস্থায় আবাসন ব্যবসায়ী, জমির মালিকসহ সংশ্লিষ্টরা বারবার ড্যাপ সংশোধন নিয়ে চাপ দিতে থাকেন। যে কারণে রাজউক ড্যাপে সংশোধনী আনতে সব প্রস্তুতি শেষ করে চূড়ান্ত পর্যায়ে নিয়ে যায়। সেখানে ব্যবসায়ীদের দাবিগুলো প্রাধান্য দিয়ে ভবনের উচ্চতা সংশ্লিষ্ট শর্ত থেকে সরে আসে রাজউক। এদিকে, রাজউকের ওই সিদ্ধান্তের বিপক্ষে অবস্থান নেন নগরপরিকল্পনাবিদেরা। তাদের বাদ দিয়ে ঢাকার মহাপরিকল্পনা সংশোধনের ওই প্রক্রিয়াকে অস্বচ্ছ দাবি করে দফায় দফায় সংবাদ সম্মেলন এবং সরকারের বিভিন্ন দপ্তরে চিঠি দেয় পরিকল্পনাবিদদের সংগঠন বাংলাদেশ ইনস্টিটিউট অব প্লানার্স (বিআইপি)।

অন্যদিকে, আবাসন ব্যবসায়ীদের সংগঠন রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) ও ঢাকা সিটি ভূমি মালিক সমিতি পাল্টা সংবাদ সম্মেলন করে দফায় দফায়। ফলে উভয় পক্ষের মধ্যে মতের দ্বন্দ্ব বাড়তেই থাকে। জনস্বার্থ না দেখে একটি শ্রেণিকে বিশেষ সুবিধা দিতে নতুন করে ড্যাপের সংশোধনী আনা হচ্ছেড় জনগণের এমন অভিযোগ জানাতে থাকে এ খাতের বিশেষজ্ঞরা। এ অবস্থায় আটকে যায় ড্যাপের সংশোধনী। বিশেষ সংশোধনীর খসড়া চূড়ান্ত করার আগে ড্যাপে ১২ থেকে ১৬ ফুট পর্যন্ত রাস্তার পাশে ফ্লোর এরিয়া রেশিও (ফার) ধরা হয়েছিল ১.৫ অর্থাৎ এমন প্রশস্ত রাস্তার পাশে পাঁচ কাঠার প্লটে পার্কিংসহ পাঁচতলা ভবন নির্মাণ করা যাবে। এমন হিসাব বিশ্লেষণ করে দেখা গেছে, নতুন ড্যাপে ৬-৮ ফুট প্রশস্ত রাস্তার পাশে ফ্ল্যাটের ফার ধরা হয়েছে ১.২৫ । ৮-১২ ফুট প্রশস্ত রাস্তার পাশে ফার ১.৫, ১৬-২০ ফুট প্রশস্ত রাস্তার ফার ২, ২০ ফুট রাস্তার ফার ২.৫, ৩০ ফুট রাস্তার ফার ৩ এবং ৪০-৬০ ফুট রাস্তার ফার ৩.৫ থেকে ৩.৭৫ ধরা হয়েছে। ফলে পাঁচ কাঠার একটি জমিতে আগে আট ও দশতলার নকশা পাওয়া যেত, এখন পাওয়া যাবে পাঁচতলার। ভবনের ব্যবহারযোগ্য স্পেসের পরিমাণও সেই অনুপাতে হবে। আগে যেখানে প্রশস্ত রাস্তা না থাকলেও ৮/১০ তলা ভবন করা যেত, এখন সেখানে অনুমোদন পাওয়া যাবে ৪/৫ তলার। এ অবস্থায় রাস্তার পাশে জমির মালিকেরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। দাম বেড়ে যাচ্ছে ফ্ল্যাটের। সেই সঙ্গে আবাসন খাত ও ডেভেলপার কোম্পানিগুলো ব্যাপকভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছেন। এরপর থেকে বেঁকে বসেন আবাসন ব্যবসায়ীরা। শুরু হয় ড্যাপ সংশোধনের দাবি। এর পরিপ্রেক্ষিতেই ভবন নির্মাণের ক্ষেত্রে বেশকিছু শর্ত শিথিল করে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) প্রণীত ডিটেইল এরিয়া প্ল্যানের (ড্যাপ) সংশোধনী চূড়ান্ত পর্যায়ে নিয়ে যাওয়া হয়। তখনই নগরপরিকল্পনাবিদেরা এ সংশোধনীর বিরুদ্ধে অবস্থান নেন। যে কারণে আটকে যায় ড্যাপ সংশোধনীর প্রক্রিয়া। ড্যাপ সংশোধনীর বিষয়ে এর আগে সদ্য বিদায়ী রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) চেয়ারম্যান মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) সিদ্দিকুর রহমান সরকার দাবি করে বলেছিলেন, 'আমরা সংশ্লিষ্ট সবার সঙ্গে কথা বলেছি। তাদের মতামত নিয়েছি। তাদের দাবি এবং সার্বিক দিক বিবেচনা করে ড্যাপ সংশোধন হচ্ছে। খুব শিগগিরই এটি কার্যকর হবে। তখন আর ভবনের উচ্চতা ও আয়তনকেন্দ্রিক কোনো সমস্যা বা জটিলতা থাকবে না। আমরা সাধারণ মানুষের মতামত চেয়েছি, বিশেষজ্ঞদের মতামত নেওয়া হয়েছে। সবমিলিয়ে ড্যাপ সংশোধন কার্যকর হবে।' অন্যদিকে, ইনস্টিটিউট ফর প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্টের (আইপিডি) পরিচালক অধ্যাপক আদিল মুহাম্মদ খান বলেন, 'আমাদের মত ও সুপারিশ উপেক্ষা করা হয়েছে। শহরের বাসযোগ্যতার বিষয়টি বিবেচনা না করে আবাসন ব্যবসায়ীদের মতো করে ড্যাপ সংশোধনের প্রক্রিয়া চূড়ান্ত করা হয়েছে। যা শহরকে আরও ধ্বংস করবে, ধীরে ধীরে বাসযোগ্যতা হারাবে।' সার্বিক বিষয় নিয়ে রাজউকের এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, সবার মতামত ও পরামর্শের ভিত্তিতে ড্যাপ সংশোধন করা হবে। সংশোধন প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে এসেও আপাতত থেমে আছে। একপক্ষ চাচ্ছে কিছু আরেক পক্ষ চাচ্ছে না। এমন সংশোধনের ক্ষেত্রে জনগণ ও শহরের যেভাবে ভালো হবে সেটাই করবে রাজউক। ফ্লোর এরিয়া রেশিওসহ কয়েকটি বিষয়ে আলোচনা নিয়ে পক্ষে-বিপক্ষে মতামত, বিরোধিতার বিষয়গুলো উঠে এসেছে। এগুলো যৌক্তিক পর্যায়ে রেখে ড্যাপ সংশোধন করে বাস্তবায়নের কাজ ত্বরান্বিত করা হবে। ড্যাপ সংশোধনীর পক্ষে-বিপক্ষের কারণ কী ইনস্টিটিউট ফর প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্টের (আইপিডি) নির্বাহী পরিচালক ড. মোহাম্মদ আরিফুল ইসলাম বলেন, 'ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) ও ইমারত বিধিমালা সংশোধন করার সাম্প্রতিক যে উদ্যোগ, সেটি বাস্তবায়িত হলে ঢাকায় ভূমিকম্পে ক্ষয়ক্ষতির ঝুঁকি আরও ব্যাপক হারে বাড়বে। সরু রাস্তায় বহুতল ভবন নির্মাণের অবাধ স্বাধীনতা কিংবা ১০ তলা পর্যন্ত আবাসিক ভবনকে বহুতল বিবেচনা না করে কাঠামোগত ও অগ্নিনিরাপত্তায় ছাড় দেবার উদ্যোগগুলো অত্যন্ত বিপজ্জনক। নাগরিক, পেশাজীবী ও পরিকল্পনাবিদদের পক্ষ থেকে বিষয়গুলো বারবার তুলে ধরা হলেও রাজউক ও মন্ত্রণালয় মানুষের জীবনের নিরাপত্তার বিষয়টি উপেক্ষা করে আবাসন ব্যবসায়ীদের স্বার্থ রক্ষায় অপতৎপরতা চালিয়ে যাচ্ছে, যা অত্যন্ত উদ্বেগজনক। এদিকে, আইপিডির পক্ষ থেকে সংবাদ সম্মেলন করে বলা হয়েছে, নগর পরিকল্পনাবিদদের পরামর্শ আমলে না নিয়েই স্বেচ্ছাচারীভাবে এ কার্যক্রম চলছে। বিবেচনাহীনভাবে এলাকাভিত্তিক ও প্লটভিত্তিক ফ্লোর এরিয়া রেশিও (ফার) ও জনঘনত্ব বাড়ানোর উদ্যোগ নিয়েছে রাজউক, যাতে যানজট ও বায়ুদূষণে প্রায় অচল ও মৃতপ্রায় এ শহরের কফিনে শেষ পেরেক ঠোকা হবে। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও রাজউকের অপরিণামদর্শী এ ধরনের উদ্যোগের পেছনে কোনো উদ্দেশ্য এবং কারও স্বার্থ কাজ করছে কি না, সেটির নির্মোহ তদন্ত করতে হবে সরকারকে। ঢাকার বাসযোগ্যতা বাড়াতে পরিকল্পনাবিদদের কারিগরি পরামর্শ এবং সাধারণ জনগণকে সম্পৃক্ত করে ইমারত বিধিমালা ও ড্যাপের যৌক্তিক সংশোধন করার উদ্যোগ নিতে হবে সরকারকে। আইপিডির পক্ষ থেকে বলা হয়েছে, ২০০৮ সালে ইমারত নির্মাণ বিধিমালায় আবাসিক ভবনের জন্য মোটা দাগে রাস্তার প্রশস্ততা ও প্লটের আয়তনের ওপর ভিত্তি করে সর্বনিম্ন 'এফএআর' মান ৩.১৫ ও সর্বোচ্চ ৬.৫ দেওয়া হয়েছিল। বর্তমান বিশদ অঞ্চল পরিকল্পনায় আবাসিক এ৩ (ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট) শ্রেণির জন্য এ মান সর্বোচ্চ ৪.২৫ নির্ধারণ করা হয়েছিল, যা মে-২০২৪ সালের খসড়া ইমারত বিধিমালায় অনুসরণ করা হয়েছে। অথচ ডিসেম্বর-২০২৪ সালে রাজউক কর্তৃক প্রণীত ইমারত বিধিমালার খসড়াতে প্লটভিত্তিক আবাসিক এ৩ ক্যাটাগরির ফার মান ৫.৫ করা হয়েছে, যা প্রায় অবাসযোগ্য ঢাকা শহরের ওপর চাপ আরও মারাত্মকভাবে বাড়িয়ে দেবে। অথচ বৈশ্বিকভাবে ছোট আয়তনের প্লটভিত্তিক আবাসিক ভবনের ক্ষেত্রে ফার মান সাধারণত ১ থেকে ৩ এর মধ্যে হয়ে থাকে। ড্যাপে এলাকাভিত্তিক ফার ও জনঘনত্ব দুই থেকে তিনগুণ বাড়ানোর প্রস্তাব করেছে রাজউক। অথচ সেসব এলাকার নাগরিক সুবিধাদি অপ্রতুল। গোষ্ঠীস্বার্থে বিধিমালার ফার মান পরিবর্তন শহরের জন্য বাসযোগ্যতাকে আরও মারাত্মক হুমকির কারণ হবে বলে ধারণা দিয়েছে। শিক্ষাপ্রতিষ্ঠানের ভবনের ক্ষেত্রে বৈশ্বিকভাবে বিধিমালায় ফার মান সর্বোচ্চ থাকে ১-৩ এর মধ্যে। অথচ প্রস্তাবিত বিধিমালায় ফার মান সর্বোচ্চ ৬, ৭ এমনকি এনএ বা নিয়ন্ত্রণহীন রাখার প্রস্তাব করা হয়েছে। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের (বিআইপি) সভাপতি পরিকল্পনাবিদ অধ্যাপক ড. আদিল মুহাম্মদ খান বলেন, 'ইমারত নকশা ও নির্মাণ সংশ্লিষ্ট অনেক পেশাজীবী নতুন ড্যাপের প্রস্তাবনা অনুযায়ী ভবন নকশায় আগ্রহী না হয়ে ভবন মালিকদের ভিন্ন বার্তা দেবার চেষ্টা করছেন। ঢাকার বিশদ অঞ্চল পরিকল্পনা প্রণয়নের সঙ্গে সঙ্গে স্বার্থান্বেষী মহলের বাধার কারণে সঠিকভাবে বাস্তবায়িত হতে পারছে না।'

'গত দুটি বিশদ অঞ্চল পরিকল্পনা প্রণয়নের পরপরই রিভিউ কমিটি গড়ে ড্যাপ বাস্তবায়নের মূল শক্তিটাই নষ্ট করে দেওয়া হয়েছে। উভয় ক্ষেত্রেই প্রভাবশালী মহলের কাছে সাময়িক জনস্বার্থ এবং শহরের বাসযোগ্যতাকে ছাড় দেওয়া হয়েছে। অনুরূপভাবে বেসরকারি আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা- ২০০৪ এর সংশোধন করা হয় ২০১৫ সালে, যাতে আবাসন ব্যবসায়ীদের চাপে জনস্বার্থ উপেক্ষা করে নাগরিক সুবিধাদির মানদণ্ড বা স্ট্যান্ডার্ড অনেক কমিয়ে ফেলা হয়েছে। ফলে পরিমাণ কমেছে পার্ক, খেলার মাঠ, বিদ্যালয়সহ নানা নাগরিক সুবিধাপ্রাপ্তিতে। বাংলাদেশ গাছ রক্ষা আন্দোলনের সমন্বয়কারী আমিরুল রাজীব বলেন, ড্যাপ পর্যালোচনার জন্যে ১৫ সদস্য বিশিষ্ট যে কমিটি গঠন করা হয়েছে সেখানে কয়েকজন সরকারি আমলা, পেশাজীবী আর্কিটেক্ট, ইঞ্জিনিয়ার ও একজন প্ল্যানার রয়েছেন। এ কমিটিতে উচিত ছিল আরও প্ল্যানার, নিরপেক্ষ পেশাজীবী, পরিবেশকর্মী ও নাগরিক সমাজকে সংযুক্ত করা। বিআইপির উপদেষ্টা পরিষদের আহ্বায়ক পরিকল্পনাবিদ মো. ফজলে রেজা সুমন বলেন, 'ড্যাপকে পুরো ঢাকা শহরের সমন্বিত উন্নয়নের একটি দলিল বলা হয়। যেখানে ভূমির ব্যবহার, নাগরিক সুবিধাসহ সবকিছু আলোচনা করা আছে। কিন্তু কিছু স্বার্থান্বেষী মহল এটাকে সংশোধন করে নিজেদের স্বার্থের দিকে নিয়ে যেতে চায়। যা শহরের বাসযোগ্যতা আরও ধ্বংস করবে। ড্যাপ সংশোধনের পক্ষে যুক্তি ঢাকা শহরের ভূমির মালিকদের সমন্বয়ক ড. দেওয়ান এম এ সাজ্জাদ হোসেন বলেন, 'ড্যাপে ঢাকা শহরের মাত্র ২০ শতাংশ এলাকাকে পরিকল্পিত এরিয়া হিসেবে দেখানো হয়েছে। সেখানে সুউচ্চ ভবন নির্মাণের ব্যবস্থা রাখা হয়েছে। অবশিষ্ট ৮০ শতাংশ এলাকাকে অপরিকল্পিত এরিয়া ট্যাগ দিয়ে ভবনের উচ্চতা ও আয়তন হ্রাস করে দেওয়া হয়েছে। যেন ঢাকা শহরের প্রকৃত ভূমির মালিকেরা কোনোভাবে ভবন নির্মাণ করতে না পারেন। যে কারণে জমির মালিকেরা নতুন করে ভবন-বাড়ি নির্মাণ বন্ধ রেখেছেন।' তার দাবি, দ্রুত ড্যাপ সংশোধন করে উচ্চতা ও আয়তনকেন্দ্রিক বাধা দূর করতে হবে। রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (রিহ্যাব) সভাপতি মো. ওয়াহিদুজ্জামান বলেন, আমরা চাই দ্রুত ড্যাপ সংশোধন হোক। উচ্চতা ও আয়তনকেন্দ্রিক আর কোনো বাধা না থাকুক। ড্যাপে ভবনের আয়তন-উচ্চতা ঠিক করে দেওয়ার পর রিয়েল এস্টেট, হাউজিং কোম্পানিগুলো নতুন ভবন নির্মাণ করা একেবারে কমিয়ে দিয়েছে। যে কারণে ফ্ল্যাট কেনায় মানুষের চাহিদা থাকলেও নতুন করে ফ্ল্যাট নির্মাণের সংখ্যা কমেছে। বর্তমান ড্যাপে যা আছে বর্তমান ড্যাপে ভূমি পুনর্বিন্যাস, উন্নয়নস্বত্ব, প্রতিস্থাপন পন্থা, ভূমি পুনঃউন্নয়ন, ট্রানজিটভিত্তিক উন্নয়ন, উন্নতিসাধন ফি, স্কুল জোনিং ও ডেনসিটি জোনিং আছে। রাজউকের অন্তর্ভুক্ত এক হাজার ৫২৮ বর্গকিলোমিটার এলাকাকে মোট ৪৬৮টি ব্লকে ভাগ করা হয়েছে। সেখানে ঢাকাসহ আশপাশের এক হাজার ৫২৮ বর্গকিলোমিটার এলাকার দুই হাজার ১৯৮ কিলোমিটার জলাধার সিএস রেকর্ড অনুযায়ী উদ্ধার করে সচলের সুপারিশ করা আছে। একই সঙ্গে এসব এলাকাকে বিনোদন স্পটে পরিণত করারও সুযোগ সৃষ্টি করা হবে। ঢাকা শহরকে নতুন করে পরিকল্পিত নগরীতে পরিণত করার উদ্যোগ নেওয়া হয়েছিল ২০১০ সালে। সেজন্য প্রণয়ন করা হয় ডিটেইল্ড এরিয়া প্ল্যান বা বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ)। ১৯৫৩ সালের টাউন ইমপ্রুভমেন্ট অ্যাক্টের আওতায় ২০১০ সালে ড্যাপ প্রণয়ন করা হয়েছিল। প্রথম ড্যাপের মেয়াদ ছিল ২০১৫ সাল পর্যন্ত। পরে মেয়াদ বাড়ানো হয়। পরবর্তী সময়ে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) নতুন ড্যাপ (২০২২-৩৫) তৈরি করে। ঢাকা মহানগরসহ আশপাশের এক হাজার ৫২৮ বর্গকিলোমিটার এলাকা নিয়ে এ মহাপরিকল্পনা করা হয়। ড্যাপে ছয়টি স্বতন্ত্র অঞ্চলে ভাগ করা হয়েছে ঢাকাকে। সেগুলো হচ্ছেড় কেন্দ্রীয় অঞ্চল- ঢাকা শহর, উত্তর অঞ্চল- গাজীপুর সিটি কর্পোরেশন, পূর্ব অঞ্চল- কালীগঞ্জ ও রূপগঞ্জ উপজেলা, দক্ষিণ অঞ্চল- নারায়ণগঞ্জ, দক্ষিণ-পশ্চিম অঞ্চল- কেরানীগঞ্জ উপজেলা এবং পশ্চিম অঞ্চল- সাভার উপজেলা। এলাকাভিত্তিক জনঘনত্ব বিন্যাস, নগরজীবন রেখা, ট্রানজিটভিত্তিক উন্নয়ন, নাগরিক সুযোগ-সুবিধার মানদণ্ড প্রণয়ন, ব্লকভিত্তিক উন্নয়ন ও উন্নয়ন স্বত্ব বিনিময়ড় সবমিলিয়ে রাজধানী ঢাকার সমস্যাগুলো কমিয়ে পরিকল্পিত শহর গড়ার লক্ষ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) বিশদ অঞ্চল পরিকল্পনা (ড্যাপ) গেজেট আকারে প্রকাশ হয়। শহরের বাসযোগ্যতা নিশ্চিত করতে নাগরিক সুবিধাদি ও পরিষেবার বিপরীতে জনসংখ্যা নির্ধারণ করে শহরের সার্বিক পরিকল্পনা প্রণয়ন করা হয়। সেক্ষেত্রে কোন এলাকার উন্নয়নে কতটুকু অনুমোদন দেওয়া হবে তা নির্ভর করবে ওই এলাকার সুবিধাদিপ্রাপ্তির ওপর।

## নির্বাচনী নির্দেশনা পাবে আইনশৃঙ্খলা

সেল ও পুলিশের জন্য অভিযোগ নিষ্পত্তি কমিটি ও এক মাসের মূল বেতনের সমপরিমাণ ক্ষতিপূরণ ভাতা প্রদান, স্বতন্ত্র সাইবার ইউনিট গঠনসহ ৬টি দাবি তুলে ধরা হবে। প্রথমে অন্তর্বর্তী সরকারের কাছে ১২টি দাবি জানানো হয়েছিল।পরবর্তীতে কয়েক দফার বৈঠক শেষে ৬টি দাবি চূড়ান্ত করা হয়।

পুলিশ সদর দপ্তর সূত্র জানায়, আগামী জাতীয় নির্বাচনে পুলিশের ভূমিকা কী হবে, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজনে পুলিশকে স্পষ্ট বার্তা দেওয়া হবে এবারের পুলিশ সপ্তাহে। তবে এবার কোনো প্যারেড থাকছে না। এবার শিল্ড প্যারেডসহ অন্যান্য প্রতিযোগিতা থাকছে পুলিশ সপ্তাহে। পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশিত হবে না। রাষ্ট্রপতি ও প্রধান উপদেষ্টার কার্যালয়েও ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের সম্মিলন বসবে না। থাকছে না প্রধান বিচারপতির সঙ্গে কোনো সেশন। পুলিশের পক্ষ থেকে যেসব দাবি আসতে পারে ১. স্বাধীন পুলিশ কমিশন গঠন করে জনসাধারণের জন্য কমপ্লেইন সেল ও পুলিশের জন্য অভিযোগ নিষ্পত্তি কমিটি। ২. এক মাসের মূল বেতনের সমপরিমাণ ক্ষতিপূরণ ভাতা। ৩. স্বতন্ত্র সাইবার ইউনিট গঠন। ৪. পুলিশের বিভাগীয় হাসপাতালে জনবল বৃদ্ধি ও আধুনিক চিকিৎসা সরঞ্জাম সরবরাহসহ মেডিকেল কলেজ প্রতিষ্ঠা। ৫. একই পদে দীর্ঘদিন চাকরি করার পর অবসরকালে সুপারনিউমারারি পদোন্নতি প্রদান (কনস্টেবল হতে ইন্সপেক্টর পর্যন্ত)। ৬. মৃতদেহ দাফন/সৎকারের সুবিধার্থে পুলিশের অনুকূলে আর্থিক বরাদ্দ প্রদান। নাম প্রকাশ না করার শর্তে পুলিশের একজন কর্মকর্তা বলেন, "জানুয়ারি-ফেব্রুয়ারিতে পুলিশ সপ্তাহের আয়োজন হতো। এবার পরিবর্তিত পরিস্থিতির কারণে এপ্রিলের শেষ সপ্তাহে হচ্ছে। এবারই প্রথম বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণে পুলিশের নীতি-নির্ধারকদের নিয়ে 'কেমন পুলিশ দেখতে চান' শীর্ষক মতবিনিময় সভার আয়োজন থাকছে। পুলিশ সপ্তাহ থেকে আগামী জাতীয় সংসদ নির্বাচনে পুলিশের ভূমিকা ও কাজ কী হবে, তার নির্দেশনা পাওয়া যাবে। তাছাড়া পুলিশের অভ্যন্তরীণ বিভিন্ন দাবি-দাওয়া, মাঠপর্যায়ের পুলিশের সমস্যাগুলো বিশদভাবে আলোচনার সুযোগ তৈরি হবে। আর এখন থেকে সারা বছরই সাহসিকতা ও পেশাদারি কাজের স্বীকৃতি হিসেবে পুলিশ সদস্যদের পদক দিয়ে পুরস্কৃত করা হবে এবং নগদ আর্থিক প্রণোদনা দেওয়া হবে।" পুলিশ সপ্তাহের তিন দিনে যা থাকছে প্রথমদিন: প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস রাজারবাগ পুলিশ লাইনস অডিটরিয়ামে পুলিশ সপ্তাহ-২০২৫ উদ্বোধন করবেন।তিনি পুলিশের সব ইউনিটের সঙ্গে ভার্চুয়াল শুভেচ্ছা বিনিময় করবেন। স্বরাষ্ট্র উপদেষ্টা পুলিশ নারী কল্যাণ সমিতির স্টল উদ্বোধন করবেন। প্রধান উপদেষ্টার নির্দেশনার আলোকে প্রণীত কর্মপরিকল্পনার ওপর ওয়ার্কশপ হবে। এসবির কার্যক্রমের বিষয়ে প্রেজেন্টেশন হবে। দ্বিতীয় দিন: পুলিশের সাথে বিভিন্ন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টা ও সচিবদের সম্মেলন হবে। সিআইডি, র‌্যাব, ট্যুরিস্ট পুলিশ, পিবিআই, এটিইউসহ পুলিশের সব ইউনিটের কার্যক্রম সম্পর্কে পৃথক তথ্য-উপাত্ত তুলে ধরা হবে। প্রতিটি ইউনিট তাদের ভবিষ্যৎ পরিকল্পনাও উপস্থাপন করবে। শেষ দিন: পুলিশের মহাপরিদর্শকের (আইজিপি) সঙ্গে ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তারা মতবিনিময় করবেন। পুনাক সমাবেশ ও আনন্দ মেলা হবে। বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের অংশগ্রহণে 'কেমন পুলিশ দেখতে চান' শীর্ষক মতবিনিময় সভা করবেন পুলিশ কর্মকর্তারা। ভালো কাজের স্বীকৃতি হিসেবে ৬২ পুলিশ সদস্যকে দেওয়া হবে বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম) ও প্রেসিডেন্ট পুলিশ পদক (পিপিএম)। পুলিশ সপ্তাহ ২৯ এপ্রিল শুরু হয়ে শেষ হবে ১ মে।

## কারিগরি শিক্ষায় কাঠামোগত সংস্কার

ঘাটতি রয়েছে। প্রয়োজনীয় দক্ষতা ও নিউ টেকনোলজির অভাব রয়েছে। এসব দূর করার জন্য কারিগরি শিক্ষাকে আরও যুগোপযোগী করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি আরও বলেন, শিক্ষালাভ করেও অনেকে বেকার রয়েছে, তাদের চাকরির ব্যবস্থা করা যাচ্ছে না, তার বিকল্প হিসেবে কারিগরি শিক্ষায় জোর দিতে হবে। শিক্ষা উপদেষ্টা বলেন, জুলাই আন্দোলনে শিক্ষার্থীরা একটা ট্রমার মধ্য দিয়ে গেছে, সে কারণে আচরণে পার্থক্য থাকবে। সবার কাছ থেকে স্বাভাবিক আচরণ আশা করা যাবে না। এক্ষেত্রে তাদেরকে বুঝিয়ে আদর করে পাঠদান করতে হবে। তিনি বলেন, আমরা একটা জটিল সময়ের মধ্য দিয়ে যাচ্ছি। এক্ষেত্রে আমাদের সবাইকে ধৈর্য ধরতে হবে। দাবি-দাওয়াগুলো সম্মানের সঙ্গে উপস্থাপন করতে হবে। একই সঙ্গে আলাপ-আলোচনার ক্ষেত্র তৈরি করতে হবে।

## পাকিস্তানকে শায়েস্তা করতে ভারতের

করেছেন। একইসঙ্গে দিল্লিতে অবস্থিত অন্তত ১০০ কূটনৈতিক মিশনের কর্মকর্তাদের সঙ্গেও নিয়মিত আলোচনা চালানো হচ্ছে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ে দেওয়া ব্রিফিংয়ের সঙ্গে জড়িত এমন চারজন কূটনীতিকের উদ্ধৃতি দিয়ে প্রতিবেদনে আরও বলা হয়, মোদির এসব প্রচেষ্টা মূলত শান্তি আনার জন্য নয়, বরং সামরিক প্রতিক্রিয়ার ক্ষেত্র প্রস্তুতের অংশ। সম্প্রতি দেওয়া এক ভাষণে মোদি 'সন্ত্রাসের আস্তানা ধ্বংসের' হুমকি দেন, যদিও তিনি সরাসরি পাকিস্তানের নাম নেননি। বিশেষজ্ঞরা বলছেন, ভারত পাকিস্তানকে শায়েস্তা করতে যে পরিকল্পনা নিয়ে এগুচ্ছে তা ভয়াবহ আকার ধারণ করতে পারে। নিউইয়র্ক টাইমসের এই প্রতিবেদনের পর পাকিস্তানও তাদের কার্যক্রম বাড়িয়ে দেওয়ার জোর সম্ভাবনা রয়েছে। এতে পারমাণবিক অস্ত্রে সজ্জিত ?দুই দেশের মধ্যে চমলান সামরিক সংঘর্ষের আশঙ্কা আরও বাড়িয়ে দেবে, যা নিয়ন্ত্রণ করা কঠিন হতে পারে। এর আগে, গত ২২ এপ্রিল পেহেলগামে হামলার পর পাকিস্তানকে দায়ী করে একাধিক পদক্ষেপ নিয়েছে ভারত। আটারি সীমান্ত বন্ধ করে দিয়ে পাকিস্তানিদের ফিরে যেতে বলা হয়েছে। সব ধরনের বাতিল হয়েছে ভিসা। সিন্ধু নদের পানিবণ্টন চুক্তি স্থগিতও করেছে ভারত। পাল্টা ব্যবস্থা হিসাবে একই ধরনের পদক্ষেপ দিয়েছে পাকিস্তানও। সিন্ধু নদের পানিবণ্টন চুক্তি স্থগিতে ভারতের সিদ্ধান্তের প্রতিক্রিয়ায় পাকিস্তান সিমলা চুক্তি স্থগিতের ঘোষণা দিয়েছে। এ ছাড়া পাকিস্তানের আকাশসীমা নিষিদ্ধ, সব ধরনের বাণিজ্য বন্ধের ঘোষণা দিয়েছে ইসলামাবাদ। পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ জানান, সিন্ধু পানি বণ্টন চুক্তি স্থগিতের পদক্ষেপকে 'যুদ্ধের ঘোষণা' হিসেবে দেখছে পাকিস্তান। তিনি বলেছেন, যেকোনো মূল্যে নিজের পানির অধিকার রক্ষা করবে পাকিস্তান। পাকিস্তানের প্রতিরক্ষা মন্ত্রী খাজা আসিফ হুঁশিয়ার করে বলেন, যদি পরিস্থিতি উত্তপ্ত হয়, আমাদের থামাতে কেউ পারবে না। মোদি যদি উত্তেজনা বাড়ানোর পথ বেছে নেন, তবে আমরা তাকে তার বাড়ি পর্যন্ত ধাওয়া করব। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন, পেহেলগামে ভয়াবহ সন্ত্রাসী হামলার পর থেকে প্রতিটি ভারতীয় নাগরিকের 'রক্ত ফুটছে'। হামলায় জড়িত প্রত্যেককে কঠিনতম শাস্তির মুখোমুখি হতে হবে। এদিকে, সংকট সমাধানে উভয় পক্ষের সঙ্গেই কথা বলছে ইরান এবং সৌদি আরব। ইরান ও বাংলাদেশ প্রকাশ্যে মধ্যস্থতার প্রস্তাব দিয়েছে। জাতিসংঘ এবং ইউরোপীয় ইউনিয়ন সংযম এবং সংলাপের আহ্বান জানিয়েছে।

## ভারতকে এবার পারমাণবিক হামলার

এগুলো। গত শনিবার ভারতকে সরাসরি উদ্ধৃত করে পাকিস্তানি এই মন্ত্রী আরও বলেন, পাকিস্তানের সব ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রই তোমাদের (ভারতের) দিকে তাক করা আছে। গার্ডিয়ান বলছে, আব্বাসির এমন মন্তব্য দুই পারমাণবিক শক্তিধর প্রতিবেশী দেশের মধ্যে বড় ধরনের সংঘাতের আশঙ্কা বাড়িয়ে দিয়েছে। এর আগে, তিনটি যুদ্ধ করেছে ভারত ও পাকিস্তান। এর মধ্যে দুটিই কাশ্মীর ইস্যু নিয়ে। উভয় দেশই পুরো কাশ্মীরকে নিজেদের অংশ বলে দাবি করে থাকে। তবে, বর্তমানে দুই দেশ কাশ্মীরের ভিন্ন ভিন্ন অংশ নিয়ন্ত্রণ করছে। এছাড়াও আরও কয়েকবার যুদ্ধের দ্বারপ্রান্তে পৌঁছে গিয়েছিল ভারত-পাকিস্তান। এ কারণে হিমালয় অঞ্চলকে বিশ্বের 'সবচেয়ে বিপজ্জনক স্থান' বলে অভিহিত করেছিলেন সাবেক মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন। পাকিস্তানের 'ফুল স্পেকট্রাম ডিটারেন্স' নামক সামরিক নীতিমালায় প্রচলিত হুমকিকে প্রতিরোধ করতে ট্যাকটিক্যাল পারমাণবিক অস্ত্র ব্যবহারের ওপর জোর দেওয়া হয়েছে। অন্যদিকে, ভারতের 'কোল্ড স্টার্ট ডকট্রিন'-এর নকশা করা হয়েছে দ্রুত হামলা চালানোর কথা মাথায় রেখে। এই বিপরীতমুখী কৌশলগুলোর কারণে যেকোনো সংঘর্ষ দ্রুত নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এ ব্যাপারে আন্তর্জাতিক সম্পর্ক বিশ্লেষক ও লেখক মাইকেল কুগেলম্যান বলেন, জনগণের চাপ, গত সপ্তাহের হামলার ভয়াবহতা এবং প্রতিরোধ শক্তি পুনর্গঠনের ইচ্ছাকে বিবেচনায় নিয়ে দিল্লির দিক থেকে কোনো না কোনো ধরনের সামরিক প্রতিক্রিয়া দেখানো হতে পারে। আর যদি তা ঘটে, তাহলে পাকিস্তান নিজেদের দুর্বল দেখাতে চাইবে না। তারা অবশ্যই পাল্টা জবাব দেবে। তবে কুগেলম্যান এটাও মনে করেন যে সর্বাত্মক যুদ্ধের আশঙ্কা নেই। ভারত কঠোর হুঁশিয়ারি দিলেও তারা আসলে ভারতবিরোধী সন্ত্রাসীদের দুর্বল করা এবং প্রতিরোধ শক্তি পুনরুদ্ধার করার মতো সীমিত বিকল্প পথগুলোর কথা ভাবছে। প্রসঙ্গত, গত ২২ এপ্রিল জম্মু-কাশ্মীরের পেহেলগামে সন্ত্রাসী হামলায় পর্যটকশ ২৬ জন নিহত হন। পরোক্ষভাবে পাকিস্তান এ হামলায় জড়িত, এমন অভিযোগ তুলে বুধবার দেশটির সঙ্গে ১৯৬০ সালের সিন্ধু পানি চুক্তি স্থগিত করে ভারত। পাশাপাশি আরও বেশ কিছু পদক্ষেপ নেয় দেশটি। জবাবে সিমলা চুক্তি স্থগিত ও ভারতীয় বিমানের জন্য নিজেদের আকাশসীমা বন্ধের ঘোষণা দেয় পাকিস্তান। স্থগিত করে দেওয়া হয় ভারতের সঙ্গে সবরকম বাণিজ্যও। এছাড়া, সিন্ধু নদের পানি ইস্যুতে কড়া বার্তা দেন দেশটির প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ। স্পষ্ট ভাষায় তিনি ঘোষণা দেন, যেকোনো মূল্যে নিজের পানির অধিকার রক্ষা করবে পাকিস্তান। সিন্ধু চুক্তি স্থগিতের জেরে ভারতকে হুমকি দেন পাকিস্তান পিপলস পার্টির (পিপিপি) নেতা ও দেশটির সাবেক পররাষ্ট্রমন্ত্রী বিলাওয়াল ভুট্টোও। তিনি বলেন, সিন্ধু দিয়ে হয় পানি বইবে, না হয় ভারতীয়দের রক্ত বইবে। অন্যদিকে পেহেলগাম হামলায় জড়িত ও মদতদাতাদের চিহ্নিত করে কঠোর শাস্তির হুঁশিয়ারি দেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি বলেন, আমরা প্রতিটি সন্ত্রাসী ও তাদের মদতদাতাদের খুঁজে বের করব এবং এমন শাস্তি দেব, যা তারা কল্পনাও করতে পারবে না। সময় এসেছে সন্ত্রাসের আশ্রয়স্থল সম্পূর্ণভাবে ধ্বংস করার। ১৪০ কোটি মানুষের দৃঢ় সংকল্প সন্ত্রাসের মদতদাতাদের চূর্ণ করে দেবে।

## উত্তেজনার মধ্যেই ৯০ হাজার কোটি

সংক্রান্ত কমিটির মোট সদস্য ৭ জন। এই চুক্তিতে ২২টি একক আসনের যুদ্ধবিমান এবং চারটি দুই আসনের প্রশিক্ষণ বিমান কেনার কথা বলা হয়েছে। ২০৩১ সালের মধ্যে সব বিমান হাতে আসার কথা রয়েছে। ফ্রান্সের কাছ থেকে এর আগে ৩৬টি রাফাল যুদ্ধবিমান কিনেছিল ভারত। ২০১৬ সালের চুক্তিতে ভারতে আসা সেই যুদ্ধবিমানগুলো ব্যবহার করছে দেশটির বিমান বাহিনী। নতুন এই রাফায়েল গুলো নৌবাহিনীর জন্য কেনা হচ্ছে বলে জানিয়েছেন দেশটির কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা। বর্তমানে ভারতীয় নৌবাহিনীর যুদ্ধবিমান বলতে রয়েছে কেবল মিগ-২৯ জেট। প্রসঙ্গত, ফ্রান্সের তৈরি রাফায়েল বর্তমান বিশ্বের সবচেয়ে আধুনিক ও শক্তিশালী যুদ্ধবিমানগুলোর মধ্যে একটি। পঞ্চম প্রজন্মের এই যুদ্ধবিমানের সর্বোচ্চ গতি ঘণ্টায় ৩ হাজার ৭০০ কিলোমিটার এবং এটি সমুদ্রপৃষ্ঠ থেকে সর্বোচ্চ ৫০ হাজার ফুট ওপরে উঠতে সক্ষম। এই যুদ্ধবিমান একই সঙ্গে বেশ কয়েকটি বিভিন্ন পাল্লার ক্ষেপণাস্ত্র ও একাধিক ভারী মেশিনগান সজ্জিত। জম্মু ও কাশ্মির রাজ্যের পেহেলগামে সন্ত্রাসী হামলার ঘটনায় পাকিস্তানের সঙ্গে ভয়াবহ তিক্ততা শুরু হয়েছে ভারতের। আন্তর্জাতিক রাজনীতিতে ধারণা করা হচ্ছে যে যেকোনো সময়ে পাকিস্তানে হামলা চালাতে পারে ভারতীয় সেনাবাহিনী। এই উত্তেজনার মধ্যেই রাফায়েল বিমান ক্রয় করতে ফ্রান্সের সঙ্গে চুক্তি করল দেশটি।

## মে'র শুরুতেই শেখ হাসিনার

শেখ হাসিনার ভারতে পালিয়ে যাওয়া, সাবেক সরকারের দুর্নীতিসহ বিভিন্ন বিষয় নিয়ে কথা বলেন প্রধান উপদেষ্টা। শেখ হাসিনার বিচারের প্রসঙ্গে অধ্যাপক ইউনূস বলেন, জুলাই-আগস্ট সংঘটিত গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের ঘটনায় শেখ হাসিনার সংশ্লিষ্টতা জাতিসংঘের তদন্ত প্রতিবেদনে উঠে এসেছে। সেই ভিত্তিতেই মে মাসের শুরুতে আনুষ্ঠানিকভাবে তার বিচার প্রক্রিয়া শুরু হতে যাচ্ছে। সাক্ষাৎকারে উপস্থাপক ড. ইউনূসকে প্রশ্ন করেন, এটি কি বলা ঠিক যে শেখ হাসিনার পতনের পরের 'মধুচন্দ্রিমা' এখন সম্ভবত শেষ হয়েছে? কিছু বেশ বড় চ্যালেঞ্জ রয়েছে, যেগুলোর সুনির্দিষ্ট জবাব আপনাকে দিতে হবে। কারণ পুরোনো ক্ষমতাধরদের প্রভাব রয়েছে, অন্যরা রাজনৈতিক শূন্যতাকে কাজে লাগাতে চাইতে পারে। যেমনড়লাখ লাখ রোহিঙ্গা শরণার্থী রয়েছে। এর সমাধান কি বাংলাদেশ একা করতে পারে? জবাবে অধ্যাপক মুহাম্মদ ইউনূস বলেন, 'দুটি বিষয়, একটি জনগণের অধৈর্য নিয়ে, তা মধুচন্দ্রিমা শেষ হোক বা না হোক। বাংলাদেশের পরিস্থিতি দেখে মানুষ মনে করে, অন্তর্বর্তী সরকার এখনো তাদের জন্য ভালো সমাধান। তারা বলছে না, অন্তর্বর্তী সরকারকে যেতে দাও। আজ আমাদের নির্বাচন। কেউ তা বলেনি। এই দিকেই আমরা যাচ্ছি। আমরা এমন কোনো সমস্যার মুখোমুখি হইনি যেখানে লোকেরা বলছে, যত তাড়াতাড়ি সম্ভব তাদের হস্তান্তর করো। 'অন্যদিকে রোহিঙ্গা একটি সম্পূর্ণ পৃথক বিষয় উল্লেখ করে তিনি বলেন, 'আমরা আন্তর্জাতিক সংস্থা, জাতিসংঘের সঙ্গে রোহিঙ্গা সমস্যা নিয়ে কাজ করছি এবং এই লোকেরা যাতে নিরাপদে বাড়ি ফিরে যেতে পারে, তা নিশ্চিত করার জন্যও কাজ করছি। আমাদের চিন্তা হলো, কিভাবে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে কিছু বোঝাপড়া তৈরি করা যায়, যাতে রোহিঙ্গারা তাদের নিজেদের বাড়িতে ফিরে যেতে এবং নিরাপদ পুনর্বাসন করতে পারে। 'সাক্ষাৎকারে বিগত দিনের অনিয়ম-দুর্নীতি দূর করে দেশে অর্থবহ সংস্কার এবং এযাবৎকালের সেরা নির্বাচন উপহার দেওয়ার প্রত্যয় ব্যক্ত করেছেন প্রধান উপদেষ্টা। নির্বাচনের আগে সংস্কারের তালিকা ছোট হলে ডিসেম্বরের মধ্যে নির্বাচন এবং তালিকা বড় হলে আগামী বছর জুনের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের কথা বলেছেন তিনি। নির্বাচন জুনের পরে যাবে না বলেও উল্লেখ করেছেন ড. ইউনূস। নির্বাচনে আওয়ামী লীগকে অংশ নেওয়ার অনুমতি দেওয়া হবে কি না, সে প্রশ্ন করা হলে প্রধান উপদেষ্টা বলেন, এই প্রশ্নের জবাবের একটি অংশ আওয়ামী লীগকেই নির্ধারণ করতে হবে। দলটি আগে নিজেই সিদ্ধান্ত নেবে তারা নির্বাচনে যোগ দেবে কি না। তারা এখনো কিছু ঘোষণা করেনি। তা ছাড়া নির্বাচনের সময় নির্বাচন কমিশন কী প্রতিক্রিয়া দেয়, সেটাসহ অন্যান্য বিষয় রয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

তাহলে প্রধান উপদেষ্টা আওয়ামী লীগের নির্বাচনে অংশ নেওয়ার বিষয়টি নির্বাচন কমিশনের ওপর ছেড়ে দিচ্ছেন কি না, সে প্রশ্ন সাক্ষাৎকারে উঠে আসে। জবাবে ড. ইউনূস বলেন, সেটা নয়। অন্যান্য দল আছে যারা বলতে পারে যে এই আইনের অধীনে তারা নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে না। সাংবাদিক নিয়েভ বার্কার প্রধান উপদেষ্টার কাছে জানতে চানড়শেখ হাসিনা দাবি করছেন, তিনি এখনো বাংলাদেশের বৈধ প্রধানমন্ত্রী। তিনি ভারতে বসে নানা বক্তব্য দিচ্ছেন। বাংলাদেশ সরকার ভারতে তার উপস্থিতিকে কিভাবে দেখছে? জবাবে অধ্যাপক ইউনূস বলেন, 'ব্যাংককে বিমসটেক সম্মেলনে বিভিন্ন দেশের সরকারপ্রধানদের সঙ্গে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও ছিলেন। মোদীর সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করেছি। মোদীকে স্পষ্টভাবে বলেছি, যখন তিনি (হাসিনা) সেখানে আছেন, তখন যেন কোনো উসকানিমূলক বক্তব্য না দেন। কারণ এটি আমাদের দেশে অনেক সমস্যা সৃষ্টি করছে। তিনি (হাসিনা) বাংলাদেশের মানুষকে উসকে দেওয়ার জন্য বক্তব্য দিচ্ছেন, আর তার খেসারত আমাদের দিতে হচ্ছে। '

## নোয়াখালীতে শহীদ রিজভীর ছোট

চালায়। নারী শিক্ষার্থীদের স্কুলে যাতায়াতের সময় উত্যক্ত করে। সবশেষ এই কিশোর অপরাধীরা গত রোববার শহীদ মাহমুদুল হাসান রিজভীর ছোট ভাই রিমনের ওপর হামলা চালায় ও তাকে কুপিয়ে মারাত্মক জখম করে। কিশোর অপরাধ কমিয়ে আনার জন্য প্রশাসনকে আরও সোচ্চার হওয়ার জোর দাবি জানান বক্তারা। উল্লেখ্য, গত রোববার বিকালে স্কুল থেকে বাড়ি ফেরার পথে রিমনকে মারাত্মকভাবে কুপিয়ে আহত করে সন্ত্রাসীরা। এ ঘটনায় জীবনের মা বাদী হয়ে সুধারাম মডেল থানায় একটি মামলা করেন। এ ঘটনায় গত রাতে অভিযান চালিয়ে পুলিশ তিন জনকে আটক করেছে। আহত রিমন বর্তমানে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

## দেশে ফিরলেন

ফ্রান্সিসের সঙ্গে তার দীর্ঘদিনের সম্পর্কের কথা স্মরণ করে বলেন, পোপ ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাইকে আপন করে নিতে পারতেন। তিনি ছিলেন একজন অসাধারণ মানবিক নেতা। এছাড়া শনিবার ভ্যাটিকানে জাতিসংঘ অফিসের সাবেক স্থায়ী পর্যবেক্ষক কার্ডিনাল তোমাসিও ড. ইউনূসের সঙ্গে দেখা করেন। দক্ষিণ-পূর্ব এশিয়া সফর শেষে কার্ডিনাল তোমাসি প্রধান উপদেষ্টার সঙ্গে বৈশ্বিক ভূরাজনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। বিকেলে রোমের একটি হোটেলে ড. ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করেন ভ্যাটিকানের আন্তঃধর্মীয় সংলাপবিষয়ক দপ্তরের প্রধান কার্ডিনাল কুভাকাড। তিনি জানান, আগামী সেপ্টেম্বর মাসে বাংলাদেশে ক্যাথলিক চার্চের উদ্যোগে একটি আন্তঃধর্মীয় সংলাপের আয়োজন করা হবে, যেখানে বিভিন্ন ধর্মের নেতারা অংশ নেবেন।



## জর্ডানে নিষিদ্ধ মুসলিম ব্রাদারহুড সম্পত্তি বাজেয়াপ্তের নির্দেশ

**আন্তর্জাতিক ডেস্ক :** জর্ডানের স্বরাষ্ট্র মন্ত্রণালয় মুসলিম ব্রাদারহুডকে নিষিদ্ধ ঘোষণা করেছে। এর ফলে সংগঠনটির সব কার্যক্রম বেআইনি বলে বিবেচিত হবে। গত বুধবার এক সংবাদ সম্মেলনে দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী মাজেন ফারায়া এই ঘোষণা দেন। তিনি বলেন, জাতীয় নিরাপত্তা ও জননিরাপত্তা রক্ষায় সরকার এই সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রী জানান, মুসলিম ব্রাদারহুডের সদস্য বা এর সঙ্গে যুক্ত থাকা এখন আইনত নিষিদ্ধ। সংগঠনটির জর্ডানজুড়ে সব কার্যালয় স্থায়ীভাবে বন্ধ করে দেওয়া হয়েছে। আদালতের নির্দেশে এর সদর দফতর ও শাখাগুলো বন্ধের পাশাপাশি নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে। সংগঠনটির সম্পত্তিও বাজেয়াপ্ত করা হবে। স্বরাষ্ট্রমন্ত্রী মুসলিম ব্রাদারহুডের চলমান কার্যক্রমকে নাগরিকদের জন্য হুমকি, জাতীয় উন্নয়নের অন্তরায় ও অস্থিতিশীলতার কারণ বলে উল্লেখ করেন। তিনি জানান, ভেঙে দেওয়া সংগঠনটির সদস্যরা সংবেদনশীল স্থানগুলোকে টার্গেট করার পরিকল্পনা করছিল। এ ছাড়া আবাসিক এলাকায় অস্ত্র ও বিস্ফোরক মজুদ এবং গোপনে কাজ করে জননিরাপত্তা বিঘ্নিত করার চেষ্টা চালাচ্ছিল তারা। মন্ত্রী বলেন, সংগঠনটির পক্ষ থেকে গোপন এজেন্ডা ও বিভেদ সৃষ্টিকারী বক্তব্য জর্ডানের ঐক্যের সঙ্গে সাংঘর্ষিক। আমরা একটি সমাজের সদস্যদের মধ্যে বিভেদ করতে পারি না। সংগঠনটির সম্পত্তি দ্রুত বাজেয়াপ্ত ও নিষেধাজ্ঞা বাস্তবায়নের জন্য একটি বিশেষ কমিটি গঠন করা হয়েছে।

গত সপ্তাহে মুসলিম ব্রাদারহুডের ১৬ সদস্যকে গ্রেফতারের পরই এই ঘোষণা আসলো। জর্ডানি কর্তৃপক্ষ বলছে, গ্রেফতারকৃতদের কাছ থেকে নিরাপত্তা ও স্থিতিশীলতা বিঘ্নিত করার ষড়যন্ত্রের প্রমাণ মিলেছে। এদিকে, জর্ডানের মিডিয়া কমিশন জানিয়েছে, মুসলিম ব্রাদারহুড সম্পর্কিত কোনও বিষয় প্রকাশ, সম্প্রচার বা প্রচার করলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, জর্ডানে মুসলিম ব্রাদারহুডের ওপর এই নিষেধাজ্ঞা রাজনৈতিক অঙ্গনে নতুন উত্তেজনা তৈরি করতে পারে। সংগঠনটি দীর্ঘদিন ধরে জর্ডানের রাজনীতিতে সক্রিয় ছিল, যদিও সরকারের সঙ্গে তাদের সম্পর্ক সর্বদা উত্তেজনাপূর্ণ ছিল। জর্ডানের সরকার বলছে, এই সিদ্ধান্ত দেশের স্থিতিশীলতা রক্ষার জন্য জরুরি ছিল। তবে মানবাধিকার সংগঠনগুলো উদ্বেগ প্রকাশ করে বলেছে, এ ধরনের পদক্ষেপ রাজনৈতিক মতপ্রকাশের স্বাধীনতাকে সীমিত করতে পারে। সূত্র: আরব নিউজ

## কিয়েভে ভয়াবহ রুশ হামলা: নিহত ৯, আহত অর্ধশতাধিক
## সফর সংক্ষিপ্ত করে দেশে ফিরছেন জেলেনস্কি

**আন্তর্জাতিক ডেস্ক:** ইউক্রেনের রাজধানী কিয়েভে বৃহস্পতিবার (২৪ এপ্রিল) ভোররাতে এক ভয়াবহ ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। ইউক্রেনীয় কর্তৃপক্ষ একে চলমান যুদ্ধের অন্যতম বড় ও ভয়াবহ হামলা বলে উল্লেখ করেছে। এখন পর্যন্ত পাওয়া তথ্যে অন্তত ৯ জন নিহত এবং ৮০ জনের বেশি আহত হয়েছেন, যাদের মধ্যে কয়েকজন শিশু রয়েছে। এই হামলা এমন এক সময় হলো, যখন সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিকে শান্তি আলোচনার ব্যর্থতার জন্য দায়ী করেন। ট্রাম্প দাবি করেন, একটি চুক্তি প্রায় চূড়ান্ত ছিল, যা যুদ্ধ বন্ধ করতে পারত; কিন্তু জেলেনস্কি তা প্রত্যাখ্যান করায় সংঘাত দীর্ঘায়িত হয়েছে। ইউক্রেনের বিমানবাহিনী জানায়, রাশিয়া এক রাতেই কিয়েভের দিকে ৭০টি ক্ষেপণাস্ত্র ও ১৪৫টি ড্রোন ছুড়েছে। শহরের আকাশজুড়ে দীর্ঘ ছয় ঘণ্টা ধরে বিমান হামলার সতর্কসংকেত বাজতে থাকে। সিএনএন, এএফপি ও বিবিসির সাংবাদিকরা জানিয়েছেন, তারা একাধিক বিস্ফোরণের শব্দ শুনেছেন এবং কিয়েভের বিভিন্ন এলাকায় ধোঁয়ার কুণ্ডলি ও আগুন দেখতে পেয়েছেন। রুশ হামলায় ক্ষতিগ্রস্ত হয়েছে অন্তত ১৩টি স্থান, যার মধ্যে রয়েছে আবাসিক ভবন, গ্যারেজ ও সরকারি ভবন। ইউক্রেনের স্বরাষ্ট্রমন্ত্রী ইহর ক্লিমেঙ্কো জানিয়েছেন, রাজধানীর সিভিয়াতোশিন এলাকায় একটি ধ্বংস হওয়া ভবনের নিচে এখনও মানুষ আটকা পড়ে থাকতে পারেন। সেখানে দুই শিশু নিখোঁজ রয়েছে বলেও তিনি জানান। ঘটনাস্থলে উদ্ধারকর্মী, প্রকৌশলী ও প্রশিক্ষিত কুকুর নিয়ে তল্লাশি চলছে। এই হামলার খবর পাওয়ার সঙ্গে সঙ্গেই দক্ষিণ আফ্রিকায় অবস্থানরত প্রেসিডেন্ট জেলেনস্কি নিজের সফর সংক্ষিপ্ত করার ঘোষণা দেন।

## কাশ্মীরে হামলায় ৩ জন চিহ্নিত, নাম প্রকাশ

**আন্তর্জাতিক ডেস্ক:** ভারতশাসিত কাশ্মীরের পহেলগামে বন্দুক হামলায় ২৬ জন পর্যটক নিহত হয়েছে। হামলার সঙ্গে জড়িত চার বন্দুকধারীর মধ্যে ৩ জনের স্কেচসহ নাম প্রকাশ করা হয়েছে। পুলিশের বরাত দিয়ে বৃহস্পতিবার (২৪ এপ্রিল) ভারতীয় গণমাধ্যম এনডিটিভি এক প্রতিবেদনে জানায়, চিহ্নিত তিনজনের মধ্যে দুইজন পাকিস্তানি নাগরিক। আরেকজন অনন্তনাগের স্থানীয় বাসিন্দা। তবে, চতুর্থ সন্দেহভাজনের বিষয়ে কোনো তথ্য পাওয়া যায়নি। হামলাকারীরা হলেন পাকিস্তানের নাগরিক হাশিম মুসা ওরফে সুলেমান, পাকিস্তানের নাগরিক আলি ভাই ওরফে তালহা ভাই এবং জম্মু ও কাশ্মীরের অনন্তনাগ জেলার বাসিন্দা আবদুল হুসেন ঠোকার। ভারত পুলিশের দাবি, এই তিনজন হামলাকারীই পাকিস্তানভিত্তিক সন্ত্রাসী গোষ্ঠী লস্কর-ই-তৈয়েবার সদস্য। পাকিস্তান এরই মধ্যে হামলায় জড়িত থাকার বিষয়টি সরাসরি অস্বীকার করেছে। সন্দেহভাজন ব্যক্তিদের বিষয়ে তথ্য দিতে ২০ লাখ রুপি পুরস্কার ঘোষণা করেছে পুলিশ। একইসঙ্গে তথ্যদাতাদের পরিচয় গোপন রাখা হবে বলেও জানানো হয়। এদিকে, কাশ্মীরে জঙ্গি হামলা ঘিরে ভারত-পাকিস্তান সম্পর্কে নতুন করে উত্তেজনা দেখা দিয়েছে। পাল্টাপাল্টি অভিযোগ আর উত্তপ্ত বাক্য বিনিময়ে দীর্ঘদিন পর চরমভাবাপন্ন হয়ে উঠতে দেখা যাচ্ছে দুদেশের বৈরীতা। এরইমধ্যে পাকিস্তানিদের জন্য সব ধরনের ভিসা স্থগিত, সিন্ধু নদীর পানি বণ্টন চুক্তি স্থগিতসহ একাধিক পদক্ষেপ নেওয়ার ঘোষণা দিয়েছে ভারত। অন্যদিকে, ভারতের এসব কর্মকাণ্ডকে 'শিশুসুলভ' আখ্যা দিয়েছে পাকিস্তান। একইসঙ্গে এই ঘটনাকে 'ফলস ফ্ল্যাগ' বলছে পাকিস্তান। 'ফলফ ফ্ল্যাগ' হলো কোনো দেশের পরিকল্পিত ভয়াবহ ঘটনাকে সুক্ষ্মভাবে অন্য দেশের ঘাড়ে চাপিয়ে দেওয়া। পাকিস্তানের প্রতিরক্ষা বিশেষজ্ঞ ব্রিগেডিয়ার (অব.) আহমেদ সাঈদ মিনহাস বলেন, কোনো তথ্য প্রমাণ ছাড়াই ভারতীয় মিডিয়া এ ঘটনায় পাকিস্তানকে দোষারোপ করছে। অথচ, হামলাটি হয়েছে ভারতের অবৈধভাবে দখল করা জম্মু-কাশ্মীরের ৪০০ কিলোমিটার ভেতরে।

## এয়ারলাইনে জামাতাকে চাকরি, সাবেক প্রেসিডেন্ট মুনের বিরুদ্ধে ঘুষের অভিযোগ

**আন্তর্জাতিক ডেস্ক:** দক্ষিণ কোরিয়ার রাজনীতিতে ফের একবার দুঃসময়ের ছায়া। সাবেক প্রেসিডেন্ট মুন জে-ইন-এর বিরুদ্ধে ঘুষ গ্রহণের অভিযোগ এনে দুর্নীতির মামলার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করেছে দেশটির প্রসিকিউটররা। অভিযোগ, প্রেসিডেন্ট থাকা অবস্থায় নিজের জামাতাকে একটি বিমান সংস্থায় উচ্চপদে চাকরি পাইয়ে দিতে বিপুল অঙ্কের ঘুষ গ্রহণ করেছিলেন তিনি। চেওনজু জেলা প্রসিকিউটরদের মতে, ২০১৮ থেকে ২০২০ সালের মধ্যে ২১৭ মিলিয়ন ওন (প্রায় দেড় লাখ মার্কিন ডলার) ঘুষ নেওয়ার মাধ্যমে মুন এই অনৈতিক কাজটি করেছেন। এই অর্থ মুনের জামাতাকে বেতন ও অন্যান্য সুবিধা হিসেবে প্রদান করা হলেও তদন্তকারীদের দাবি, প্রকৃতপক্ষে এটি 'ঘুষ' হিসেবেই বিবেচিত হচ্ছে। এই মামলার ফলে এক অস্বস্তিকর বাস্তবতার মুখোমুখি হয়েছে দক্ষিণ কোরিয়া। কারণ, বর্তমানে দুই সাবেক প্রেসিডেন্ট একসঙ্গে আইনের মুখোমুখি। ও একজন মুন জে-ইন, যিনি ২০১৭ থেকে ২০২২ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেছেন। ও আরেকজন ইউন সুক ইওল, যিনি সাম্প্রতিক সামরিক আইন জারির ঘটনায় রাষ্ট্রদ্রোহের অভিযোগে বিচারের সম্মুখীন। সাম্প্রতিক এক রাজনৈতিক নাটকে, ইউন সুক ইওল মাত্র ছয় ঘণ্টার জন্য মার্শাল ল বা সামরিক শাসন জারি করেন, যা তাকে ক্ষমতা থেকে অপসারণের কারণ হয়ে দাঁড়ায়। দোষী প্রমাণিত হলে তার বিরুদ্ধে জীবন কারাদণ্ড অথবা মৃত্যুদণ্ডের রায় আসতে পারে, যদিও দক্ষিণ কোরিয়ায় ১৯৯৭ সালের পর থেকে কার্যত মৃত্যুদণ্ড কার্যকর করা হয়নি।

## একসঙ্গে ভয়াবহ দাবানলে পুড়ছে ইসরায়েল-যুক্তরাষ্ট্র

**আন্তর্জাতিক ডেস্ক:** ইসরায়েলের মধ্যাঞ্চলে ভয়াবহ দাবানল ছড়িয়ে পড়েছে। একই সঙ্গে দাবানলের খবর পাওয়া গেছে দখলদার দেশটির বন্ধুরাষ্ট্র যুক্তরাষ্ট্রেতেও। তুর্কি বার্তাসংস্থা আনাদোলু এজেন্সি ও ব্রিটিশ বার্তাসংস্থা রয়টার্সের প্রতিবেদন থেকে এই তথ্য জানা গেছে। আনাদোলু জানিয়েছে, প্রচণ্ড তাপমাত্রা ও তীব্র বাতাসের কারণে ইসরায়েলের দাবানল নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে। এর ফলে কর্তৃপক্ষ রাজধানী জেরুজালেমের নিকটবর্তী একাধিক শহর থেকে বাসিন্দাদের সরিয়ে নিয়েছে ও জরুরি সতর্কতা জারি করেছে। দেশটির আবহাওয়া অধিদপ্তর পূর্বাভাসে জানিয়েছে, দাবানলের প্রেক্ষিতে আগামী কয়েকদিন তাপমাত্রা আরও বাড়বে এবং পরিস্থিতি আরও জটিল হতে পারে।

## ইরানের পারমাণবিক চুক্তি নিয়ে তেহরান-বেইজিং আলোচনা

**আন্তর্জাতিক ডেস্ক:** চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই এবং ইরানের পররাষ্ট্রমন্ত্রী সাইয়্যেদ আব্বাস আরাঘচি বেইজিংয়ে বৈঠকে মিলিত হন। গত বুধবার উভয় পক্ষ ইরান পারমাণবিক চুক্তি সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি নিয়ে গভীর আলোচনা করেন।

ওয়াং ই বলেন, আন্তর্জাতিক পরিস্থিতির বিভিন্ন চ্যালেঞ্জ সত্ত্বেও চীন-ইরান বন্ধুত্ব দৃঢ় রয়েছে। দুই দেশের জন্যই এই সম্পর্ক একটি কৌশলগত ও পারস্পরিক লাভজনক পছন্দ।

তিনি জানান, সাম্প্রতিক বছরগুলোতে চীন-ইরান রাজনৈতিক আস্থা দৃঢ় করেছে, অর্থনৈতিক সহযোগিতা বাড়িয়েছে এবং একতরফা শাসনের বিরুদ্ধে ঐক্যবদ্ধ অবস্থান নিয়েছে।

আরাঘচি বলেন, ইরান চীনের সঙ্গে সম্পর্ককে সর্বোচ্চ গুরুত্ব দেয়, 'একচীন নীতি' মানে এবং চীনের সার্বভৌম স্বার্থ রক্ষায় পাশে থাকবে।

ওয়াং ই আরও বলেন, চীন সবসময় ইরান পারমাণবিক ইস্যুর রাজনৈতিক ও কূটনৈতিক সমাধানে বিশ্বাস করে।



তিনি বলেন, চীন ইরানের শান্তিপূর্ণ পারমাণবিক শক্তির ব্যবহারের অধিকারকে সম্মান করে এবং সব পক্ষের সঙ্গে সংলাপ ও আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানে ইরানের অবস্থানকে সমর্থন করে। সূত্রঃ সিএমজি

# বিনোদন

## পুরোনো ঠিকানা'য় ফিরছে আর্বোভাইরাস

**বিনোদন ডেস্ক :** জনপ্রিয় ব্যান্ড আর্বোভাইরাস নিয়ে বেশ কয়েক বছর ধরেই চলছিল জটিলতা। তবুও কিছুটা আশা আর উৎকণ্ঠা নিয়েই অপেক্ষায় ছিলেন ব্যান্ডটির ভক্তরা। সত্যি কি আগের লাইনআপে ফিরবে আর্বোভাইরাস? তবে হঠাৎ নতুন গান প্রকাশ করে চমকে দিল ব্যান্ডটি। গানের নামের মতো সমর্থকদের প্রিয় 'আর্বো'ও ফিরেছে 'পুরোনো ঠিকানা'য়। তাদের নতুন গানের শিরোনাম 'পুরোনো ঠিকানা'। এটি ব্যান্ডটির চতুর্থ অ্যালবাম 'নিখোঁজ সংবাদ' এর প্রথম গান। ২০২২ সালে হুট করেই ব্যান্ড ছাড়ার ঘোষণা দেন আর্বোভাইরাসের ভোকাল সুফী ম্যাভরিক। এর আগে থেকেই দেশের বাইরে ছিলেন ব্যান্ডের বাকি তিন সদস্য আসিফ আজগর রঞ্জন (ব্যান্ডের প্রতিষ্ঠাতা সদস্য, গিটারিস্ট ও গীতিকার), নাফিস আল আমিন (ড্রামার) ও আদনান আলম (গিটারিস্ট)। জনপ্রিয় এই ব্যান্ডের ভাঙনে হতাশ হয়েছিলেন ভক্তরা। কিন্তু ব্যান্ড চালিয়ে যাওয়ার ঘোষণা দেন আর্বোভাইরাসের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য সুহার্তো শেরিফ। নতুন সদস্যদের নিয়ে শুরু করেন কনসার্ট। ২০২৩ সালে প্রকাশ করে নতুন গান 'অনুভূতি'। কিন্তু ভক্তদের মধ্যে দ্বিধা ছিল। পুরোনো চার সদস্যদের বিদায় মানতে পারছিলেন না তারা। এর মধ্যেই নতুন সদস্যদের নিয়ে নতুন গান, বিভক্ত হয়ে পড়ছিলেন অনেকেই। এমন সময় আর্বোভাইরাসের চার সদস্য সুফী, রঞ্জন, নাফিস ও আদনান একসঙ্গে ভিডিও বার্তায় জানান 'আমরাই আর্বোভাইরাস'। জানালেন, গান তৈরি আছে। তৈরি আছে অ্যালবামও। সময় হলেই প্রকাশ পাবে। অন্যদিকে প্রতিষ্ঠাতা সদস্য সুহার্তো শেরিফ নতুন লাইনআপ নিয়েই ব্যান্ড এগিয়ে নেওয়ার ব্যাপারে আশাবাদী ছিলেন। চতুর্থ অ্যালবাম 'রিপাবলিক অফ আরবোভাইরাস'-এর ঘোষণাও আসে ব্যান্ডের পক্ষ থেকে। কিন্তু পুরোনো সদস্যদের না জানিয়েই সিদ্ধান্ত নেওয়া, ব্যান্ডের গানের ধরণ বদলে ফেলাসহ বেশকিছু অভিযোগ উঠে আসে বাকি চার সদস্যদের কথায়। বিষয়টা শেষমেষ গড়ায় আইনি জটিলতায়। ২০২৩ সালের জুনে সুহার্তো শেরিফের বিরুদ্ধে আইনি নোটিশ পাঠান ব্যান্ডের অন্য চার সদস্য সুফী, রঞ্জন, আদনান এবং নাফিস।



## কাশ্মিরে হামলার পর শোকাহত বলিউড

**বিনোদন ডেস্ক :** ভারতের জম্মু ও কাশ্মিরের পেহেলগামে পর্যটকদের লক্ষ্য করে ভয়াবহ হামলা ও ২৬ জন ভারতীয় পর্যটক নিহত হওয়ার ঘটনায় সে দেশে শোকের ছায়া নেমে এসেছে। সোশ্যাল মিডিয়ায় একের পর এক পোস্ট করতেও দেখা গেছে তারকাদের। অনুপম খের, অক্ষয় কুমার, সোনু সুদের পর এবার শাহরুখ, সালমান খান পোস্ট করেছেন। 'অমানবিক' ঘটনা বলে উল্লেখ করে প্রিয়জন হারানো পরিবারগুলোর পাশে দাঁড়িয়ে থাকতে দেশবাসীকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন তারা। শাহরুখ তার এক্স অ্যাকাউন্টে লিখেছেন, 'পহেলগামে যে অমানবিক ঘটনা ঘটেছে, তাতে শোকপ্রকাশের কোনও ভাষা নেই। এই সময়ে শুধু ঈশ্বরের কাছে ক্ষতিগ্রস্ত পরিবারের জন্য প্রার্থনা করা ছাড়া আর কোনও কিছুই করার থাকে না। আমার গভীর সমবেদনা রইল পরিবারগুলোর জন্য। আমরা যেন ঐক্যবদ্ধ হয়ে এই জঘন্য অপরাধের বিরুদ্ধে লড়াই করতে পারি এবং দ্রুত ন্যায়বিচার পাই।' এক্স অ্যাকাউন্টে সালমান লিখেছেন, 'কাশ্মির, পৃথিবীর স্বর্গ। যা বর্তমানে নরকে পরিণত হচ্ছে। নিরীহ মানুষদের টার্গেট করা হচ্ছে। নিহতদের পরিবারের প্রতি আমার সমবেদনা। একজন নিরপরাধ ব্যক্তির হত্যা, গোটা জাতির হত্যার সমান।' শাহরুখ, সালমান ছাড়াও বলিউডের একঝাক তারকাকে দেখা গিয়েছে পহেলগাম নিয়ে পোস্ট করতে। প্রিয়াঙ্কা চোপড়া তার ইনস্টাগ্রামে এই ঘটনার তীব্র সমালোচনা করে লিখেছেন, 'পহেলগামে যা ঘটেছে তা অত্যন্ত নিন্দনীয়। কেউ ছুটি কাটাতে, কেউ আবার মধুচন্দ্রিমায় সেখানে পরিবারের সঙ্গে গিয়েছিলেন। কেবল হয়তো বা কাশ্মীরের সৌন্দর্য উপভোগ করতে গিয়েছিলেন। এমন মৃত্যু মেনে নেওয়া কঠিন। আমি খুবই মর্মাহত।'

## পাপারাজ্জিদের আচরণে বিরক্ত সিদ্ধার্থ

**বিনোদন ডেস্ক :** খুব শিগগিরই মা হতে চলেছেন অভিনেত্রী কিয়ারা আডবাণী। সম্প্রতি অন্তঃসত্ত্বা স্ত্রীকে নিয়ে হাসপাতালে গিয়েছিলেন অভিনেতা সিদ্ধার্থ মালহোত্রা। নিয়মমাফিক পরীক্ষার জন্য অন্তঃসত্ত্বা স্ত্রীকে নিয়ে হাসপাতালে যেতেই তাদের ছবি তোলার জন্য একেবারে গাড়ির সামনে এসে পড়েন পাপারাজ্জিরা, আটকে দেন পথ। তাতেই মেজাজ হারান অভিনেতা। গাড়ি থেকে নেমে তিনি বলেন, 'চুপ, একদম সরে যান এখান থেকে। পিছনে সরেন। ক্যামেরা বন্ধ করুন। মাথা গরম করাবেন না একদম।' আপাতদৃষ্টিতে ঠান্ডা মাথার মানুষ বলেই মনে হয় সিদ্ধার্থকে। কিন্তু গত বুধবার তিনি মেজাজ হারিয়ে ফেলেন পাপারাজ্জিজের দৌরাত্ম্যের কারণে। পাপারাজ্জিজের দৌরাত্ম্যে বেশ বিপাকে থাকেন তারকারা। প্রতিটি মুহূর্ত যেন ক্যামেরাবন্দি করতে চান পাপ-রাজ্জিজরা। একটা মুহূর্তে বাদ দেওয়া যাবে না। শরীরচর্চা কেন্দ্র থেকে রেস্টুরেন্ট কিংবা হাসপাতাল– কোথাও নিস্তার নেই তারকাদের। প্রসঙ্গত, গত ফেব্রুয়ারি মাসেই সুখবর দিয়েছেন সিদ্ধার্থ মালহোত্রা ও কিয়ারা আডবাণী, এবার দুই থেকে তিন হতে চলেছেন তারা। সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি পোস্ট করে তারকা দম্পতি জানিয়েছেন, তাঁদের সংসারে আসতে চলেছে নতুন সদস্য।



## লবণ মাখিয়ে সমালোচনা গ্রহণ করেন তামান্না!

**বিনোদন ডেস্ক :** ভারতের দক্ষিণী সিনেমার তারকা অভিনেত্রী তামান্না ভাটিয়া। শরীরি সৌন্দর্য কিংবা নাচের হিল্লোল– নানাভাবে দর্শকদের মুগ্ধ করেছেন। কখনো কাজের জন্য কখনো ব্যক্তিগত কারণে সমালোচিত হয়েছেন। কিছুদিন আগে বিজয় ভার্মার সঙ্গে প্রেমের সম্পর্ক ভাঙার পর তাকে নিয়ে আলোচনা কম হয়নি। ট্রল কিংবা সমালোচনা কীভাবে গ্রহণ করেন তামান্না ভাটিয়া? ফিল্মফেয়ারকে দেওয়া সাক্ষাৎকারে এ প্রশ্নের জবাব দিয়েছেন 'বাহুবলি' তারকা। তামান্না ভাটিয়া বলেন, "কোনটা গঠনমূলক সমালোচনা, তা আমি এই জার্নি থেকে শিখেছি। কারণ এটা সবসময়ই থাকে। এমনকি কিছু মতামতও নিশ্চিতভাবে গ্রহণ করি, এটা সম্পূর্ণ ভিত্তিহীন নয়। আমি বলতে পারি, এটা ট্রল নাকি উপকারী কিছু। এটি পছন্দ হোক আর না হোক, এক চিমটি লবণ মাখিয়ে তা গ্রহণ করি।" তামান্না অভিনীত সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা 'ওডেলা টু'।

## বিদেশে রেকর্ড সংখ্যক হলে যাচ্ছে 'জংলি'!

**বিনোদন ডেস্ক :** গেল ঈদে প্রেক্ষাগৃহে মুক্তি পায় সিয়াম আহমেদের সিনেমা 'জংলি'। ছবিটি মুক্তির দিন থেকেই ব্যাপক সাড়া ফেলেছে, এখন পর্যন্ত প্রায় প্রতিটিই শো যাচ্ছে হাউজফুল। এমন সাফল্যের মধ্যে এবার আন্তর্জাতিক পরিসরে মুক্তি পাচ্ছে 'জংলি'। আজ শুক্রবার থেকে কানাডা, যুক্তরাষ্ট্ররও যুক্তরাজ্যের ৪০টি থিয়েটারে চলবে ছবিটি। এর মধ্য দিয়ে দেশের বাইরে সবচেয়ে বেশি থিয়েটারে একযোগে মুক্তি পেতে যাচ্ছে 'জংলি'।

পরিবেশক প্রতিষ্ঠান স্বপ্ন স্কেয়ারক্রো-এর পরিবেশনায় আন্তর্জাতিক পরিসরে মুক্তি পাচ্ছে ছবিটি। এক সংবাদ বিজ্ঞপ্তিতে প্রতিষ্ঠানটি জানায়, প্রথম সপ্তাহে কানাডার ৫টি, যুক্তরাষ্ট্রের ২৮টি ও যুক্তরাজ্যের ৭টি থিয়েটারে চলবে 'জংলি'। যদিও যুক্তরাজ্যে ছবিটি যৌথভাবে পরিবেশনা করছে রিভেরি ফিল্মস। এই তিন দেশের মোট চল্লিশটি শহরে চল্লিশ থিয়েটারে 'জংলি' মুক্তি পাচ্ছে বিশ্বখ্যাত চেইন থিয়েটারগুলোতে। প্রথম সপ্তাহে প্রধান যেসব শহরে চলবে সেগুলোর মধ্যে রয়েছে যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্ক সিটি, বাফেলো, ডেট্রয়েট, শিকাগো, ফিলাডেলফিয়া, আটলান্টা, ডালাস, হিউস্টন, লস এঞ্জেলেস, ওয়াশিংটন ডিসি, আটলান্টিক সিটি, ক্যানসাস সিটি।

## সম্পর্ক ভাঙার কথা জানালেন মাহি নিজেই

**বিনোদন ডেস্ক :** ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী সামিরা খান মাহি একটি রিয়ালিটি শো-এর মাধ্যমে ২০১৪ সালে তিনি তার ক্যারিয়ার শুরু করেন। এরপর নিজের অভিনয় দক্ষতা দিয়ে দর্শকদের মনে জায়গা করে নিয়েছেন। তবে বর্তমানে অভিনেত্রীর সময় যেন খারাপ যাচ্ছে। গত কয়েকদিন তার জীবনে এসেছে একের পর এক চ্যালেঞ্জ। অনলাইনে নেতিবাচক মন্তব্য ও ট্রলের মুখোমুখি হওয়া, বোনের বিয়ের দায়িত্ব কাঁধে তুলে নেওয়া, এবং নিজের ব্যক্তিগত সম্পর্কের টানাপোড়েন – সবকিছু মিলিয়ে তাকে ঠেলে দিয়েছে এক ক্লান্তিকর ও বিপর্যস্ত অবস্থার দিকে। বছর দুয়েক আগে প্রকাশ্যে এনেছিলেন প্রেমিক সাদাত শাফি নাবিলকে, এবার সামনে আনলেন নিজের ভেঙে যাওয়া সম্পর্কের কথা। তিনি স্বীকার করেছেন, কিছু ভুল তিনি করেছেন, যা অন্যদের কষ্ট দিয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে এক পোস্ট দিয়ে এসব ভুলের দায় তিনি নিজের হৃদয়ে অনুভব করার কথা বলার পাশাপাশি দুঃখ প্রকাশ করেছেন। সামিরা খান মাহির কথায়, 'আমি জানি, আমি কিছু হৃদয় ভেঙে ফেলেছি, আর তার জন্য আমি সত্যিই দুঃখিত।' তবে কষ্টের মধ্যেও তিনি হার মানেননি। নিজের দুর্বল মুহূর্তগুলোতে তিনি টের পেয়েছেন, তার ভেতরের শক্তি এখনো নিঃশেষ হয়নি। তিনি বলেন, 'আমি কেবল ক্লান্ত, হার মানি-নি।' তিনি আরও জানান, যারা এই মুহূর্তে মানসিকভাবে চাপে আছেন, তারা যেন জানেন – তারা একা নন। অভিনেত্রীর কথায়, 'আমরা সবাই মানুষ, শেখার, নিরাময়ের আর বেড়ে ওঠার পথে আছি। আর সেটাই আমাদের আসল শক্তি।'



## আবারও রূপালি পর্দায় ফিরছে 'দ্য বডিগার্ড'

**বিনোদন ডেস্ক :** ওয়ার্নার ব্রাদার্স আবারও ফিরিয়ে আনছে ৯০'র দশকের অন্যতম জনপ্রিয় রোমান্টিক থ্রিলার 'দ্য বডিগার্ড'-কে। এবার এর রিমেক পরিচালনা করবেন 'টেইলর সুইফট: দ্য এরাস ট্যুর' ছবির পরিচালক স্যাম রেনচ। ১৯৯২ সালে মুক্তিপ্রাপ্ত এই ছবিতে কেভিন কস্টনার অভিনয় করেছিলেন ফ্রাঙ্ক ফার্মারের চরিত্রে। যিনি একজন প্রাক্তন সিক্রেট সার্ভিস এজেন্ট। হুইটনি হিউস্টন অভিনীত আর অ্যান্ড বি তারকা র?্যাচেল মারনকে একটি রহস্যময় আততায়ীর হাত থেকে রক্ষা করাই ছিল তার দায়িত্ব। বক্স অফিসে ছবিটি ব্যাপক সাফল্য পায়। আয় করে ৪১১ মিলিয়ন ডলার। ছবিটি দুটি অস্কার মনোনয়নও পায় সংগীতের জন্য। জানা গেছে, রিমেকটির চিত্রনাট্য লিখছেন জুরর নং ২ খ্যাত জনাথন এ. আব্রামস। এখনো অভিনয়শিল্পীদের নাম প্রকাশ হয়নি। হুইটনি হিউস্টনের আইকনিক চরিত্রে কে অভিনয় করবেন তা নিয়ে ইতোমধ্যেই ভক্তদের মাঝে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। পরিচালক হিসেবে স্যাম রেনচের নাম আসায় প্রত্যাশা আরও বেড়ে গেছে। তার তৈরি টেইলর সুইফটের কনসার্ট সিনেমা 'দ্য এরাস ট্যুর' বিশ্বজুড়ে ২৬১.৭ মিলিয়ন ডলার আয় করে ইতিহাস গড়েছে। এটিই এখন পর্যন্ত সর্বোচ্চ আয় করা কনসার্ট ফিল্ম। রিমেকের মাধ্যমে প্রথম পর্বের সেই আবেগঘন প্রেমের গল্প এবং অবিস্মরণীয় সংগীতকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরার পরিকল্পনা করছে ওয়ার্নার ব্রাদার্স। ক্লাসিক গল্পটির সঙ্গে যুক্ত হবে আধুনিক নির্মাণশৈলী ও সংগীতের নতুন উপস্থাপন।





কাটা ধান আঁটি বেঁধে বাড়িতে নিয়ে যাচ্ছেন একজন। রাঙ্গাপানি, রাঙামাটি।

# জামালপুরে মালচিং প্রযুক্তিতে চাষাবাদ কম খরচে লাভবান কৃষক

**জামালপুর প্রতিনিধি :** জামালপুরে সবজি চাষে জনপ্রিয় হয়ে উঠছে জলবায়ু-সহিষ্ণু মালচিং প্রযুক্তি। এই পদ্ধতিতে ব্যবহৃত মালচিং পেপার কেবল আর্দ্রতাই ধরে রাখছে না, ফসলে জোগাচ্ছে প্রয়োজনীয় পুষ্টি। কমেছে সেচের খরচ আর আগাছা ও বালাই নাশকের ব্যবহার। কম খরচে অধিক উৎপাদন পাওয়ায় আধুনিক এই পদ্ধতিতে আগ্রহী হয়ে উঠছেন কৃষক। সবজি চাষে সবচেয়ে বড় বাধা পোকামাকড় ও আগাছা। অন্যদিকে সবজি উৎপাদনে প্রয়োজন হয় পর্যাপ্ত পানি। এই দুই বিষয়কে সাশ্রয় করতে বেড়েছে আধুনিক কৌশল মালচিং পদ্ধতির ব্যবহার। মালচিং পদ্ধতি ব্যবহার করে প্রথমবারের মতো টমেটো চাষ করেছেন জামালপুরের দেওয়ানগঞ্জের কৃষক নূর সালাম। কৃষক নূর মাত্র ১০ শতাংশ জমিতে টমেটো চাষ করে পেয়েছেন দারুণ সাফল্য। তিনি বলেন, আগে সাধারণভাবে চাষাবাদ করতাম। গত দুই বছর ধরে এই মালচিংয়ে চাষাবাদ করে অনেকটা ফলন ভালো পেয়েছি। আমার আশপাশের চাষিরা এখন আমাকে দেখে শিখছেন। আমার কাছে পরামর্শ নিয়ে যায়। ক্ষেতের আর্দ্রতা রক্ষা, আগাছা দমন খরচ কমেছে, আবার সার ও পানি কম লাগায় এই পদ্ধতিতে চাষাবাদে আশেপাশের কৃষকরাও উদ্বুদ্ধ হচ্ছেন। মিলন নামে আরেক কৃষক বলেন, কৃষক নূর এভাবে টমেটো চাষ করছেন আবাদও অনেক ভালো পেয়েছেন। নিড়ানি লাগে না, পানি কম লাগে। সবদিক থেকেই সুবিধা। আমরাও আগামীতে এমন করে চাষাবাদ করবো। কৃষকদের কাছে এই পদ্ধতির সুফল জানাতে কাজ করছে অস্ট্রেলিয়ান সরকারের অস্ট্রেলিয়ান এনজিও কো-অপারেশন প্রোগ্রামের অর্থায়নে উন্নয়ন সংস্থা ওয়ার্ল্ড ভিশন ও উন্নয়ন সংঘের বাস্তবায়নে জেসমিন প্রকল্প। ওই প্রকল্পের মাধ্যমে যুক্ত করা হয়েছে পরিবেশবান্ধব বালাইনাশক নিয়ে কাজ করা কৃষি উপকরণ বাজারজাতকারী বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান। ওয়ার্ল্ড ভিশন জেসমিন প্রজেক্টের প্রকল্প ব্যবস্থাপক স্টিফেন অসীম চ্যাটার্জী বলেন, আমাদের জেসমিন প্রকল্প কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে কাজ করছে। জামালপুর জেলার চারটি উপজেলায় এই প্রকল্পের কার্যক্রম চলছে। ধাপে ধাপে ২৫ হাজার কৃষকের মধ্যে এই প্রযুক্তি ছড়িয়ে দেওয়া হচ্ছে। ইতোমধ্যে ভালো সাড়া পাওয়া যাচ্ছে। জামালপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক জাকিয়া সুলতানা বলেন, মালচিং এমন একটি পদ্ধতি যা মাটির ওপরে জৈব বা অজৈব ব্যবহার করে একটি স্তর তৈরি করা হয়।

## চকরিয়ায় জাল টাকার নোট তৈরীর কারখানার সন্ধান : আটক দুই

**কক্সবাজার প্রতিনিধি :** কক্সবাজারের চকরিয়ায় টাকার জাল নোট তৈরীর কারখানার সন্ধান পেয়েছে র‌্যাব; এসময় ঘটনাস্থল বেশ কিছু সরঞ্জামাদিসহ দুইজনকে আটক করা হয়েছে। গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান র‌্যাব-১৫ কক্সবাজার ব্যাটালিয়নের সহকারি পরিচালক (আইন ও গণমাধ্যম ) ও সহকারি পুলিশ সুপার আ. ম. ফারুক। আটককৃতরা হলেন, চকরিয়া উপজেলার খুটাখালী ইউনিয়নের গর্জনতলী এলাকার আব্দুর রহমানের ছেলে মো. সুলতান (৫৪) এবং ঈদগাঁও উপজেলার ইসলামপুর ইউনিয়নের সবুজ ছায়া এলাকার মৃত মীর আহমেদের ছেলে জাফর আলম (৩৩)। আ. ম. ফারুক বলেন, সম্প্রতি কক্সবাজারের বিভিন্ন এলাকায় কারখানা স্থাপন করে সংঘবদ্ধ চক্রের সদস্যরা জাল টাকার তৈরীর খবর পায় র?্যাব। গত মঙ্গলবার বিকালে চকরিয়ার খুটাখালী ইউনিয়নের গর্জনতলী এলাকায় গোপন কারখানা স্থাপন করে চক্রটির কতিপয় লোকজন জাল টাকার নোট তৈরীর খবরে র?্যাবের একটি দল অভিযান চালায়। এতে সন্দেহজনক কারখানাটি ঘিরে ফেললে র?্যাব সদস্যদের উপস্থিতি টের পেয়ে ৩/৪ জন লোক দৌঁড়ে পালানোর চেষ্টা চালায়। এসময় ধাওয়া দিয়ে দুইজনকে আটকরা সম্ভব হলেও অন্যরা পালিয়ে যায়। পরে ঘটনাস্থলে তল্লাশী চালিয়ে পাওয়া যায় জাল নোট তৈরীর ১০০০ হাজার টাকা মানের ২৭ টি বান্ডিল ও ৫০০ টাকা মানের ৩৩ টি বান্ডিল, জাল নোট তৈরীর ১ টি যন্ত্র এবং ৫০ টি লেমেন্টিং পেপার। র?্যাব-১৫ এর গণমাধ্যম কর্মকর্তা আরও বলেন, আটকরা চিহ্নিত অপরাধী চক্রের সদস্য। আটকদের মধ্যে মো. সুলতানের বিরুদ্ধে জাল নোট তৈরীর অভিযোগে বিশেষ ক্ষমতা আইনে একটি মামলা রয়েছে। আটকদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইনে চকরিয়া থানায় মামলা দায়ের করা হয়েছে।

## দিঘলিয়ার সেনহাটিতে চিহ্নিত দুর্বৃত্তদের কোপে দুই ভাই গুরুতর আহত

**দিঘলিয়া, খুলনা প্রতিনিধি :** দিঘলিয়া উপজেলার সেনহাটি ইউনিয়নের সেনহাটি খৃষ্টান পাড়া মোড়ে জামাই আল আমিন ও তার স্ত্রী মায়া বেগম (২০) একই এলাকার মৃত কৃষ্ণপদ দাসের দুই পুত্র তপন দাস(৩০) ও বিষ্ণুপদ দাস (২৬) কে ধারালো দেশী অস্ত্রের কোপে আহত করেছে। এ ঘটনা ঘটে। এলাকাবাসী সূত্রে জানা যায়, সেনহাটি শিব বাড়ি মন্দীর এলাকার তপন ও বিষ্ণুর বাসা থেকে জানালা ভেঙ্গে ঘরে ঢুকে জামাই আল আমিন মোবাইল ও নগদ ২ ৩ হাজার টাকা চুরি করে নিয়ে যায়। এ ব্যাপারে তারা আল আমিনের বিরুদ্ধে দিঘলিয়া থানা ও বাংলাদেশ নৌবাহিনী দিঘলিয়া কন্টিনজেন্ট কমান্ডার বরাবর অভিযোগ দায়ের করে।

# চিকিৎসক সংকটে সেবা বঞ্চিত দৌলতখানবাসী

**দৌলতখান, ভোলা প্রতিনিধি :** ভোলার দৌলতখান হাসপাতালে চিকিৎসক সংকটে সেবা বঞ্চিত দৌলতখানবাসী। ডাক্তার না থাকায় রোগীদের দুর্ভোগ চরমে। হাসপাতালে ডাক্তার না থাকা রোগীদের অভিযোগ দীর্ঘদিনের। বিষয়টি নিয়ে মাথা ব্যথা নেই সমাজের কর্তাব্যক্তি সহ সংশ্লিষ্ট প্রশাসনের। উপজেলার প্রত্যন্তাঞ্চলের বিভিন্ন রোগবালাইয়ে আক্রান্ত রোগীরা চিকিৎসা সেবা পাওয়ার জন্য হাসপাতালে এসে ডাক্তার না পেয়ে হতাশা নিয়ে বাড়ি ফিরতে হচ্ছে। এতে উপজেলার দুই লক্ষাধিক জনগোষ্ঠীর বাসস্থান দৌলতখান বাসীর স্বাস্থ্য সুরক্ষা দিনদিন অনিশ্চিত হয়ে পড়েছে। নদী উপকূলীয় ও মেঘনার ভাঙনে নিঃস্ব হত দরিদ্র অসহায় মানুষের একমাত্র চিকিৎসা সেবার ভরসা এ হাসপাতালটি। ৫০ শয্যা বিশিষ্ট উপজেলার এ হাসপাতালে ডাক্তার না থাকায় এলাকাবাসীর স্বাস্থ্য ঝুঁকি বেড়েই চলেছে। চিকিৎসা সেবা বেহাল অবস্থা থাকায় উদ্বেগ ও উৎকন্ঠায় মাসের পর মাস পার করছে হত দরিদ্র দুস্থ পরিবারের রোগাক্রান্ত পরিবার গুলো। সরজমিন গতকাল বৃহস্পতিবার গিয়ে দেখা যায়, হাসপাতালে রোগীদের উপচে পড়া ভীর। ডাঃ নয়ন চন্দ্র ঘোষ নামে মাত্র একজন মেডিকেল অফিসার ইমারজেন্সি বিভাগে বসে রোগী দেখছেন। উপজেলার চরশুভী গ্রামের পাঁচ নং ওয়ার্ডের পঁচাত্তর বছর বয়সী মানিক হাওলাদার জানান, সকাল নয়টায় হাসপাতালে এসেছিলেন হাটু কোমড়ের ব্যথা নিয়ে। ডাক্তার না পেয়ে দুই ঘন্টা অপেক্ষা শেষে বাড়ি ফিরে যাচ্ছেন ব্যথা যন্ত্রণা নিয়ে। চরখলিফা গ্রামের পঁয়ত্রিশ বছর বয়সের বিবি মরিয়ম জানিয়েছেন, এসেছিলেন চিকিৎসা নিতে। ডাক্তার না পেয়ে তাকেও হতাশা নিয়ে বাড়ি ফিরে যেতে হচ্ছে। শুধু মানিক হাওলাদার ও বিবি মরিয়মই নয় হাসপাতালে এসে ডাক্তার না পেয়ে বাড়ি ফিরে যাওয়ার কথা জানিয়েছেন চিকিৎসা সেবা বঞ্চিত হেলিপোর্ট এলাকার নাজমা বেগম, আজিমউদ্দিন পাটওয়ারি বাড়ি এলাকার মিনারা বেগম, সরকারি দিঘির পাড় এলাকার রুমা বেগম, নাজিম উদ্দীন, রফিকুল ইসলাম সহ অনেক রোগী। হাসপাতালের পরিসংখ্যানবিদ মোহাম্মদ বশির জানান, মেডিকেল অফিসার ৮ জন ডাক্তারের মধ্যে বর্তমানে হাসপাতালে কর্মরত আছে মাত্র ১ জন।



সড়কে ঘুরে ঘুরে খেলনা বাদ্যযন্ত্র বিক্রি করছেন এক বিক্রেতা। কলেজ সড়ক, রংপুর

## চাটমোহর পলিটেকনিক শিক্ষার্থীদের বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি

চাটমোহর, পাবনা প্রতিনিধি : অকারিগরি ক্রাফটের অবৈধ রায়ের প্রতিবাদে ও কারিগারি ছাত্র আন্দোলন বাংলাদেশের ৬ দফা দাবিতে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালিত হয়েছে পাবনার চাটমোহরে। চাটমোহর পলিটেকনিক্যাল ইনস্টিটিউটের সাধারণ শিক্ষার্থীরা এই বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন করেছে। সকালে চাটমোহর পলিটেকনিক্যাল ইন্সটিটিউট ক্যাম্পাস থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে পৌর সদরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে। 'মামা থেকে মাস্টার, মামা বাড়ির আবদার' ক্রাফট হটাও পলিটেকনিক বাঁচাও' এসি রুমে বৈঠক, আর হবে না আর হবে না' সহ নানা শ্লোগানে মুখরিত মিছিলটি পৌর সদর প্রদক্ষিণ শেষে থানা বাজার আমতলা মেড়ে অবস্থান কর্মসূচি পালন করে। এ সময় বক্তব্য দেন, চাটমোহর পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থী লালন হোসেন, তাওহীদ হোসেন, সবুজ মল্লিক, রাকিবুল হোসেন, হৃদয় হোসেন, আকাশ, মাহিউল ইসলাম, আশিক হোসেন প্রমুখ।

## চলনবিলাঞ্চলে তীব্র তাপদাহে জনজীবনে হাসফাঁস

**চাটমোহর, পাবনা প্রতিনিধি :** পাবনার চাটমোহরসহ চলনবিল অঞ্চলে তীব্র তাপদাহে জনজীবনে হাসফাঁস শুরু হয়েছে। সূর্যের প্রচন্ড তাপে যেন আগুন ঝরছে। সূর্যের তাপে সবকিছু যেন পুড়ছে। পিচঢালা পথ যেন জ্বলন্ত উনন! তাপমাত্রার কাঁটা বাড়ছেই। এ অঞ্চলে তাপমাত্রা ৩৭ থেকে ৩৯ ডিগ্রীর মধ্যে ওঠানামা করেছে। তাপমাত্রায় তেতে উঠেছে প্রাণিকুলও। বাতাসেও আগুনের ছটা। অতি প্রয়োজন ছাড়া কেউ বের হচ্ছেন না। দুপুরের আগেই ফাঁকা হয়ে যাচ্ছে রাস্তাঘাট। প্রচন্ড এই গরমে শ্রমজীবী মানুষ পড়েছেন বিপাকে। তাদের ঘরে বসে থাকার সুযোগ নেই। চরম বিপাকে পড়েছেন খেটে খাওয়া সাধারণ মানুষ। পেটের টানে বাইরে বের হতেই হচ্ছে। কাজের তাগিদে বাইরে বেরিয়ে তীব্র গরমে অসহ্য কষ্ট সহ্য করতে হচ্ছে তাদের। অনেকেই হিটস্ট্রোকে আক্রান্ত হচ্ছেন। হাসপাতালে ডায়রিয়া আক্রান্ত রোগির সংখ্যা বেড়েছে। বৃষ্টির দেখা নেই। এদিকে তীব্র এই গরমে শিশু ও বৃদ্ধরা বেশি রোগাক্রান্ত হচ্ছে।

## দাকোপে রুপান্তরের আয়োজনে গণশুনানী অনুষ্ঠিত

**দাকোপ, খুলনা প্রতিনিধি :** দাকোপে বেসরকারী উন্নয়ন সংস্থা রুপান্তরের আয়োজনে পরিবেশ রক্ষায় প্লাষ্টিক পলিথিন দূষণ প্রতিরোধে করনীয় নির্ধারনে গণশুনানী অনুষ্ঠিত হয়েছে। উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে অনুষ্ঠিত গণশুনানীতে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন উপজেলা নির্বাহী অফিসার আসমত হোসেন। রুপান্তরের সুন্দরবন প্রকল্পের উদ্যোগে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রকল্পের সাতক্ষিরা জেলা প্রজেক্ট অফিসার মোঃ গোলাম কিবরিয়া। সভায় প্রধান অতিথি প্লাষ্টিক ও পলিথিন ব্যবহারে গনসচেতনতা সৃষ্টিতে বেশ কিছু বিষয় তুলে ধরে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান। সভায় আলোচনা করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আমজাদ হোসেন, দাকোপ থানার ওসি তদন্ত দেবাশিষ দাস, উপজেলা মেরিন ফিশারিজ অফিসার বিপুল কুমার দাস, এনজিও সিএনআরএস'র উপজেলা প্রকল্প সমন্বয়কারী দেবাশিষ ঘোষ, দাকোপ প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক আজগর হোসেন ছাব্বির, প্রেসক্লাবের কোষাধক্ষ্য বিধান চন্দ্র ঘোষ, সাংবাদিক মামুনুর রশিদ, রুপান্তরের ইয়ুথ ক্লাবের সদস্য অমিত রায় প্রমুখ। সভায় অংশ গ্রহনকারীদের মধ্যে তাপসী সানা, তন্ময় সাহা, রেবা বৈরাগী, জীবন মন্ডল, অনিমেষ বিশ্বাস এবং মাসুম রেজা পরিবেশ রক্ষায় বেশ কিছু সমস্যার কথা তুলে ধরেন। সভায় আগামী মঙ্গলবার খাল নালার বর্জ্য অপসারন, খাল ও বাজারের পলিথিন ও প্লাষ্টিক বর্জ্য অপসারন, বাজারে ময়লার ডাস্টবিন ও বাস্কেট ব্যবস্থা নিশ্চিত করা, বাসা বাড়ীতে ব্যবহৃত পলিথিন প্লাষ্টিকের বর্জ্য জমিয়ে রেখে নির্দিষ্ট স্থানে অপসারন এবং বিয়েসহ সামাজিক অনুষ্ঠানে প্লাষ্টিকের ব্যবহার নিরুৎসাহিত করা এবং অনুষ্ঠানের বর্জ্য দ্বারা যাতে পরিবেশ নষ্ট না হয় সে ব্যাপারে জনসচেতনতা সৃষ্টি করার সিদ্ধান্ত গ্রহন করা হয়।

## চট্টগ্রামের সন্দ্বীপে মাদক ও দেশীয় আগ্নেয়াস্ত্র উদ্ধার

**দিঘলিয়া, খুলনা প্রতিনিধি :** চট্টগ্রামের সন্দ্বীপ উপজেলায় বাংলাদেশ নৌবাহিনীর পরিচালিত যৌথ অভিযানে মাদক ও আগ্নেয়াস্ত্রসহ বিভিন্ন রকমের দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছে। গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সন্দ্বীপ উপজেলাস্থ আজিমপুর ইউনিয়নের ১নং ওয়ার্ডে বিশেষ অভিযান পরিচালনা করে নৌবাহিনী ও পুলিশ। অভিযানকালে উক্ত এলাকার চিহ্নিত সন্ত্রাসী মামুনের বাড়িতে তল্লাশি করে মাদক এবং তার বাড়ির পিছনের খাল হতে পিস্তল, চাইনিজ কুড়াল, চাপাতিসহ ১৬টি দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়। সন্ত্রাসী মামুনের বিরুদ্ধে জোরপূর্বক অন্যের জমি দখল, মারামারি, অবৈধ অস্ত্র, মাদক ব্যবসা ও চাঁদাবাজির সাথে জড়িত থাকার অভিযোগ পাওয়া যায়। বর্তমানে সন্ত্রাসী মামুন আত্মগোপনে আছে বলে জানা যায়। অভিযানে জব্দকৃত অস্ত্রসমূহ পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সন্দ্বীপ থানায় হস্তান্তর করা হয়েছে। উল্লেখ্য, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে সন্দ্বীপসহ নৌবাহিনীর দায়িত্বপূর্ণ এলাকাসমূহে নিয়মিত অভিযান চলমান রয়েছে। বাংলাদেশ নৌবাহিনী পরিচালকের পক্ষে উপপরিচালক মোহাম্মদ রেজা-উল-করিম শাম্মী স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

## চাটমোহরে আরএফএল এক্সক্লুসিভ শো-রুম উদ্বোধন

**চাটমোহর, পাবনা প্রতিনিধি :** পাবনার চাটমোহরে আরএফএল এক্সক্লুসিভ শো-রুম উদ্বোধন করা হয়েছে। চাটমোহর পৌর সদরের পুরাতন কৃষি ব্যাংক ভবনে শো-রুম উদ্বোধন করা হয়। শো-রুমের উদ্বোধন করে প্রাণ-আরএফএল'র উর্ধ্বতন কর্মকর্তা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। উপস্থিত ছিলেন আরএফএল'র ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর (ডিপিএল) তৌকিরুল ইসলাম, জিএম (ডিপিএল-সেলস) মুস্তাহিদুল ইসলাম, চিএম (ডিপিএল-সেলস) সাইফুল ইসলাম, এজিএম (ডিপিএল-এক্সক্লুসিভ) রুহুল ইমতিয়াজ, বিএনপি নেতা অধ্যক্ষ আঃ রহিম কালু, উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান নুরুল করিম খান আরজ, চাটমোহর ব্যবসায়ী সমিতির সভাপতি মোখলেসুর রহমান বিদ্যুৎ, সাধারণ সম্পাদক শেখ মোঃ জিয়ারুল হক সিন্টু শো=রুমের স্বত্বাধিকারী গোলাম জিলানী খান আদর, ব্যবসায়ী সমিতির সহ-সম্পাদক মোঃ এনামুল হক, কেএম মনোয়ারুল ইসলাম শাফি, মিশুক ক্রীড়া চক্রের সহ-সভাপতি প্রসেনজিৎ কুন্ডু, সাবেক পৌর কাউন্সিলর নুর ই হাসান খান ময়না, অবসরপ্রাপ্ত শিক্ষক অপূর্ব কুন্ডু, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এস এম মাসুদ রানা, বিশিষ্ট ব্যবসায়ী আনন্দ সাহা, ভূপতি সাহা, রনি রায়, কাওসার হোসেন, শাহিনুর রহমান প্রমুখ।



গাছের ডালে বসে আছে একটি বানর। মিটিঙাছড়ি পাহাড়, রাঙামাটি।

## বিআরটিএর বিশেষ অভিযান, ১৩টি মামলায় ১৫০০০ টাকা জরিমানা

**চাঁদপুর প্রতিনিধি :** বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর চেয়ারম্যানের নির্দেশনা অনুযায়ী এবং বিভাগীয় পরিচালক (ইঞ্জি.) সার্বিক তত্ত্বাবধানে গতকাল বৃহস্পতিবার বিআরটিএ চাঁদপুর সার্কেল, জেলা প্রশাসন, পুলিশ বিভাগ এর সহযোগিতায় বিশেষ অভিযান পরিচালিত হয়। উক্ত অভিযানে মোটরযানের অতিরিক্ত গতি, হেলমেটবিহীন মোটরসাইকেল চালনা, হাইড্রোলিক হর্ন, অতিরিক্ত ভাড়া আদায় বন্ধ করণে মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানে মোট ১৩টি মামলায় ১৫০০০ টাকা জরিমানা করা হয়। চাঁদপুর সার্কিড হাউস প্রাঙ্গনে মোবাইল কোর্ট পরিচালনার সময় নির্বাহী ম্যাজিস্ট্রেটের সাথে বিআরটিএ, চাঁদপুর সার্কেলের সহকারী পরিচালক কামরুজ্জামানসহ সংশ্লিষ্ট অংশীজন উপস্থিত ছিলেন।

## কুড়িগ্রামের ভুয়া সাংবাদিক পরিচয়কারী মাদক পাচারের সময় আটক

**কুড়িগ্রাম প্রতিনিধি :** কুড়িগ্রামের চিলমারী উপজেলায় এক ভুয়া সাংবাদিক পরিচয়কারীকে ইয়াবা পাচারের সময় মোটরসাইকেলসহ আটক করেছে সেনাবাহিনী। উপজেলার পাম্পের মোড় এলাকা থেকে সাংবাদিকতার নাম ব্যবহার করা ওই মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃত ওই ব্যক্তি হলেন উপজেলার সবুজ পাড়া গ্রামের মনির উদ্দিন সরকারের পুত্র নুর আলম। এসময় তার কাছে ১০ পিস ইয়াবাসহ বিক্রিত নগদ অর্থ পাওয়া যায়। বিষয়টি নিশ্চিত করে কুড়িগ্রাম সেনা ক্যাম্প কমান্ডার ক্যাপ্টেন সাফায়েত হোসেন। তিনি জানান, নিয়মিত টহলের অংশ হিসেবে আমরা ইয়াবাসহ নুর আলমকে আটক করে চিলমারী থানায় সোপর্দ করা হয়েছে। জানা গেছে, ঢাকা পোস্ট অনলাইন পত্রিকার লোগো এবং প্রেস সম্বলিত লেখা ব্যবহার করে মাদক পাচারের সময় সেনাবাহিনীর নিয়মিত টহল পরিচালনা চলাকালীন সময় আটকৃ ব্যক্তির নিকট হতে ১০ পিস ইয়াবাসহ একটি মোটরসাইকেলের জব্দ করে সেনাবাহিনী।

## সুজানগরে অবস্থান নেওয়া মানসিক রোগী নাসিমা ফিরতে চান পরিবারে কাছে

**সুজানগর, পাবনা প্রতিনিধি :** বয়স আনুমানিক ২৫ থেকে ৩০ বছর। সে একজন মানসিক রোগী। কথা-বার্তা এবং পোশাক পরিচ্ছদে মনে হয় সে কম-বেশি লেখা-পড়া জানা একজন বিবাহিত মহিলা। এমনকি তার একজন ছেলে সন্তানও রয়েছে। গত ১৫-২০দিন আগে মানসিক ভারসাম্যহীন এই মহিলা কোন এক জায়গা থেকে এসে পাবনার সুজানগর উপজেলা যুবদলের সাবেক সভাপতি উপজেলার সাতবাড়ীয়া ইউনিয়নের মমরাজপুর গ্রামের বাসিন্দা মোহাম্মদ আলী টুকুর বাড়ীর বারান্দায় অবস্থান নেয়। মোহাম্মদ আলী টুকুসহ আশপাশের লোকজন তাকে প্রতিদিন খাবার ব্যবস্থা করছেন। তবে সে রাতযাপন করছে মোহাম্মদ আলী টুকুর বসত ঘরের বারান্দায়। এলাকাবাসী তার পরিচয় জানতে চাইলে সে তার নাম নাসিমা খাতুন বলে জানায়। শুধু তাই নয়, সে পার্শ্ববর্তী একটি ভবনের দেয়ালে তার নাম নাসিমা খাতুন বলে লিখে রেখেছে। কিন্তু এর বাইরে সে তার বাবা-মা বা স্বামী সন্তানের নাম কিংবা ঠিকানা কিছুই বলতে পারেনা। তবে তার মনের আকুতি সে তার পরিবার ও আপনজনদের কাছে ফিরে যেতে চায়। যুবদলের সাবেক সভাপতি মোহাম্মদ আলী টুকু উক্ত মানসিক ভারসাম্যহীন নাসিমাকে যদি কেউ চিনে থাকেন তাহলে সন্ধান দিতে নিম্নের মোবাইল নাম্বারে যোগাযোগ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়েছেন।

## মহাদেবপুরে স্বাস্থ্য কমপ্লেক্সের ৮৪টি বৃক্ষ হত্যার প্রতিবাদে মানববন্ধন

**মহাদেবপুর, নওগাঁ প্রতিনিধি :** নওগাঁর মহাদেবপুরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের একসাথে ৮৪টি বৃক্ষ হত্যার প্রতিবাদে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছে স্থানীয় পরিবেশবিদরা। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রধান ফটকে আয়োজিত মানববন্ধনে বিশিষ্ট পাখি গবেষক কুঞ্জবন বিচিত্র পাখি উৎপাদন বিষয়ে গবেষণা প্রতিষ্ঠানের পরিচালক মুনসুর সরকার সভাপতিত্ব করেন। অন্যদের মধ্যে বক্তব্য দেন, এটিএন বাংলার নির্বাচিত সাদা মনের মানুষ জাতীয় পুরস্কারপ্রাপ্ত গেছো মামা শামসুদ্দিন মন্ডল, পরিবেশ সাংবাদিক কিউ, এম, সাঈদ টিটো, কাজী সামসুজ্জোহা মিলন, কাজী রওশন জাহান, সোহেল রানা, অসিত দাস, বাসস্ট্যান্ড বণিক সমিতির সভাপতি মনিরুল হক মনি, সমাজসেবক আলহাজ্ব আব্দুল আজিজ আফান প্রমুখ। এরপর একটি বিক্ষোভ মিছিল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চারিদিক প্রদক্ষিণ করে। বিক্ষোভকারীরা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ খুরশিদুল ইসলামের প্রত্যাহার দাবি করেন। বক্তারা বলেন, একটি ক্যাম্পাসের একসাথে ৮৪টি বৃক্ষ হত্যা করা হলে পরিবেশের বিপর্যয় ঘটবে। জলবায়ু সংকটাপন্ন এলাকা নওগাঁর ঠাঁ ঠাঁ বরেন্দ্র অঞ্চলে এখন এমনিতেই পানির স্তর নিচে নেমে যাওয়ায় সাধারণ মানুষ পানিয় জলের সংকটে ভূগছেন। এরকম সময়ে এই তরতাজা বৃক্ষ নিধন মরার উপর খাঁড়ার ঘায়ে পরিণত হবে। এসব গাছে অসংখ্য পাখির বাসা রয়েছে। বাসাগুলোতে রয়েছে বাচ্চা। এসব প্রাণ সংহার থেকে বিরত থাকার কার্যকর ব্যবস্থা নিতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানানো হয়। অন্যথায় বৃহত্তর আন্দোলনেরও হুশিয়ারি উচ্চারণ করা হয়। উল্লেখ্য, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অত্যন্ত তরিঘরি করে কোন পত্রিকায় বিজ্ঞপ্তি না দিয়ে লুকোচুরি করে মাত্র ৭২ ঘন্টার মধ্যে ৫শ' টাকা করে সিডিউল বিক্রি, ৪০ হাজার টাকা করে বিডি জমা নিয়ে গোপন বাক্সে টেন্ডার আহ্বান করেন। সে টেন্ডার খোলা হয়। স্থানীয় খাজুর ইউপির সাবেক চেয়ারম্যান খাইরুল ইসলাম চার লক্ষ ৩০ হাজার টাকার দরপত্রে গাছগুলো পান।

## চৌগাছায় মানবপাচার প্রতিরোধে রেফারেল পাথওয়ে নেটওয়ার্ক সক্রিয়করন সভা

**চৌগাছা, যশোর প্রতিনিধি :** যশোরের চৌগাছায় উন্নয়ন সংস্থা রূপান্তরের আয়োজনে মানবপাচার প্রতিরোধে উপজেলা পর্যায়ে রেফারেল পাথওয়ে নেটওয়ার্ক সক্রিয়করণ সভা অনুষ্ঠিত হয়েছে। রূপান্তরের আশ্বাস প্রকল্পের আওতায় চৌগাছা উপজেলা পরিষদ সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার ফারজানা ইসলাম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা মানবপাচার প্রতিরোধ কমিটির সদস্য সচিব উপজেলা সমাজসেবা কর্মকর্তা মেহেদী হাসান, উপজেলা জামায়াতের আমীর মাওলানা গোলাম মোরশেদ, উপজেলা কৃষি কর্মকর্তা মুসাব্বির হুসাইন, যুব উন্নয়ন কর্মকর্তা সুভাষ চন্দ্র, মহিলা বিষয়ক কর্মকর্তা আঞ্জুমান আরা মাহমুদা, উপজেলা জামায়াতের সহকারী সেক্রেটারী প্রধান শিক্ষক কামাল আহমেদ বিশ্বাস, মাওলানা গিয়াস উদ্দিন, ধুলিয়ানী ইউপি চেয়ারম্যান এসএম মোমিনুর রহমান, সুখপুকুরিয়া ইউপি চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা হবিবর রহমান হবি, প্রেসক্লাব চৌগাছার সাধারণ সম্পাদক আজিজুর রহমান, এডাব যশোরের সহসভাপতি নাজমুল ইসলাম, গ্রামীণ উন্নয়ন সংস্থার পরিচালক রাসেল আশরাফ, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি অবসরপ্রাপ্ত সহকারী অধ্যাপক কামরুজ্জামান, সাংবাদিক টিপু সুলতান, সৌদীআরব ফেরৎ মানবপাচারের সার্বাইভার মিনা খাতুন প্রমুখ। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা বিআরডিবি'র সহকারী কর্মকর্তা তরিকুল ইসলাম, উপজেলা পরিষদ শাহী জামে মসজিদের ইমাম হাফেজ শাহজাহান, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক তমজিদ হোসেন, এনজিও কর্মী রাফেজা খানম, বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধি, উপজেলা ইউনিয়ন ও জেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সদস্য, জনপ্রতিনিধি, নাগরিক সমাজের প্রতিনিধি, সুশিল সমাজের প্রতিনিধি, সাংবাদিক, শিক্ষক প্রতিনিধি, ধর্মীয় নেতা, সাংস্কৃতিক ব্যক্তিত্বসহ সারভাইভার ও সিটিপ সদস্যবৃন্দ। সভায় নিরাপদে বিদেশ গমনের প্রক্রিয়া, মানব পাচার প্রতিরোধে করনীয়সহ মানব পাচারের শিকার সারভাইভারদের সেবার মান উন্নয়নে করনীয় বিষয়ে আলোচনা করা হয়। রূপান্তরের প্রোগ্রাম অফিসার উজ্জল কুমার পালের সঞ্চালনায় ও প্রশিক্ষক দ্বিপঙ্কর মন্ডলের সহযোগিতায় সারভাইভারদের চিহ্নিতকরন এবং তাদের সেবা নিশ্চিতে করনীয়সহ রূপান্তর ও আশ্বাস প্রকল্পের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন প্রোগ্রাম সমন্বয়কারী রবিউল ইসলাম।



বেলগাছের পাতা ঝরে গেছে। পাতাহীন গাছের ডালে ঝুলছে বেল। স্টেশন সড়ক, রংপুর।



# এল ক্লাসিকোর আগে ইনজুরির ধাক্কা রিয়াল শিবিরে

**স্পোর্টর্স ডেস্ক :** সর্বশেষ তিনটি এল ক্লাসিকোতেই হেরেছে রিয়াল মাদ্রিদ। এখন জয়ের জন্য মরিয়া কার্লো আনচেলত্তির দল। আগামী কাল শনিবার স্প্যানিশ কোপা দেল রে-র ফাইনালে ফের বার্সেলোনার মুখোমুখি হবে লস ব্লাঙ্কসরা। এবার জিতলে এল ক্লাসিকোয় ৮ মাসেরও বেশি সময়ের অপেক্ষার প্রহর শেষ হবে রিয়ালের। আগামীকাল শনিবারের এল ক্লাসিকোর আগে রিয়ালের সঙ্গী হয়েছে উদ্বেগ-উৎকণ্ঠা। লা লিগায় গত বুধবার গেটাফের বিপক্ষে খেলতে নেমে ডিফেন্ডার ডেভিড আলাবা ও মিডফিল্ডার এদুয়ার্দো কামাভিঙ্গা পড়েছেন ইনজুরিতে। যে কারণে বার্সার বিপক্ষে উত্তেজনাকর ম্যাচে এই দুই তারকাকে পাওয়ার সম্ভাবনা প্রায় নেই রিয়ালের। অর্থাৎ গেটাফেকে ১-০ গোলে হারালেও রিয়াল শিবিরে বিরাজ করছে অস্বস্তি। সেটি শুধু এল ক্লাসিকোর কথা ভেবে। তবে গত বুধবারের কষ্টার্জিত জয়ে লা লিগা শিরোপার আশা বাঁচিয়ে রাখতে পেরে কিছুটা হলেও স্বস্তি অনুভব করছে রিয়াল। ম্যাচ-পরবর্তী সংবাদ সম্মেলনে আনচেলত্তি বলেন, 'আগামীকাল মেডিকেল পরীক্ষার রিপোর্ট দেখেই বলা যাবে। তবে (আলাবা ও কামাভিঙ্গা) দুজনেরই পায়ের পেশির চোট রয়েছে এবং শনিবারের ফাইনালে তাদের খেলার সম্ভাবনা খুবই কম।' মেন্ডি, আলাবা ও কামাভিঙ্গা যদি খেলতে না পারলে লেফট-ব্যাক পজিশনে ফ্রান গার্সিয়ার ওপর নির্ভর করতে হতে আনচেলত্তিকে। সেক্ষেত্রে বার্সেলোনার ১৭ বছর বয়সী প্রতিভা লামিন ইয়ামালকে থামানোর দায়িত্ব পালন করতে হবে গার্সিয়ার। লা লিগায় ৭৬ পয়েন্ট নিয়ে টেবিলের শীর্ষে আছে বার্সা।

রিয়ালের চেয়ে ৪ পয়েন্টে এগিয়ে কাতালানরা। লিগে এখন বাকি মাত্র ৫ ম্যাচ। আগামী দুএক ম্যাচের মধ্যেই শিরোপা নির্ধারণ হয়ে যাওয়ার সম্ভাবনা প্রবল। চলতি মৌসুমে রিয়ালের বিপক্ষে দুটি বড় জয় পেয়েছে বার্সা। গেল বছরের অক্টোবরে লা লিগায় সান্তিয়াগো বার্নাব্যুতে ৪-০ এবং চলতি বছরের জানুয়ারিতে সৌদি আরবে স্প্যানিশ সুপার কাপের ফাইনালে ৫-২ গোলে রিয়ালকে হারিয়েছে হানসি ফ্লিকের দল। অর্থাৎ স্বাভাবিকভাবেই এবারের এল ক্লাসিকোর আগেও ফেবারিট বার্সা। এ বিষয়ে আনচেলত্তি বলেন, 'ফেভারিট থাকতে পারে, কিন্তু ফাইনাল মানেই অনিশ্চয়তা। যেকোনো কিছু হতে পারে। আমাদের ভালোভাবে রক্ষণের কাজ করতে হবে, তবে সামনে আমাদের সুযোগ আসবে। আজকের জয় (গেটাফের বিপক্ষে) একটা বড় অনুপ্রেরণা। প্রথমার্ধটা ভালো ছিল, শেষটা কিছুটা কঠিন, তবে আমরা জিতেছি।'

# এনামুলের উপর আস্থা রাখছেন গাজী আশরাফ

**স্পোর্টর্স ডেস্ক :** রানের ফোয়ারা ছুটিয়ে ঘরোয়া ক্রিকেটে সব আলো নিজের ওপর কেড়ে নিয়েছেন এনামুল হক বিজয়। দেশের ক্রিকেটে প্রথম সেঞ্চুরির ফিফটি করার অনন?্য নজিরও গড়েছেন। ফর্ম যখন তুঙ্গে তখন মুখে চওড়া হাসি ডানহাতি ব?্যাটসম?্যানের। সেই হাসির উপলক্ষ?্য দ্বিগুণ করে দিয়েছেন নির্বাচকরা। ফর্মে থাকা এনামুলকে জাতীয় দলে ফিরিয়েছেন গাজী আশরাফ হোসেন লিপু। জিম্বাবুয়ের বিপক্ষে চট্টগ্রাম টেস্টে এনামুল ফিরেছেন জাকির হাসানের জায়গায়। সিলেটে দুই ওপেনার সাদমান ইসলাম ও মাহমুদুল হাসান জয় ব?্যর্থ হয়েছেন। এনামুল সেরা একাদশে সুযোগ পাবেন কি পাবেন না সেটা পরের বিষয়। গাজী আশরাফের আনন্দ, ''ফর্মে থাকা একজন যিনি প্রতি ম?্যাচেই রান করছেন তাকে আমরা পেয়েছি।'' এনামুলের রেকর্ডই তার হয়ে কথা বলছে। চলমান ঢাকা প্রিমিয়ার লিগে রান ফোয়ারা ছুটিয়ে দিয়েছেন এনামুল। শেষ ম্যাচে করেছেন সেঞ্চুরি, আবাহনীর বিপক্ষে। ১৪ ইনিংসে ৮৭৪ রান করেছেন ৪টি করে সেঞ্চুরি ও ফিফটিতে। যেখানে তার গড় রান ৭৯.৪৫। রান সংগ্রাহকের তালিকায় সবার শীর্ষে, ধরা ছোঁয়ার বাইরে। তার পরে ১৭৭ রান পিছিয়ে থেকে দুইয়ে অবস্থান করছেন পারভেজন হোসেন ইমন। ঢাকা লিগ দেশের একমাত্র লিস্ট 'এ' প্রতিযোগিতা। পঞ্চাশ ওভারের ফরম?্যাট। সাদা বলের ক্রিকেটের পারফরম?্যান্স লাল বলে ক্রিকেটে কতটা প্রভাব রাখবে সেই প্রশ্নও উঠতে পারে। জানিয়ে রাখা ভালো, সবশেষ জাতীয় ক্রিকেট লিগে এনামুলের লাল বলের পারফরম?্যান্সও ছিল দারুণ। আসরে ছিলেন দ্বিতীয় সর্বোচ্চ রান সংগ্রাহক। খুলনা বিভাগের হয়ে ৫৩.৮৪ গড়ে ১ সেঞ্চুরি ও ৬ ফিফটিতে ৭০০ রান করেছিলেন ডানহাতি ব?্যাটসম?্যান। বিশ্লেষকরা বলেন রান করা অভ?্যাসের বিষয়। যেকোনো প্রতিযোগিতায়, যেকোনো পর্যায়েই রান পেলে ব?্যাটসম?্যানদের আত্মবিশ্বাস বাড়ায়। এনামুলের থেকে সেই আত্মবিশ্বাসী পারফরম?্যান্সটাই চান গাজী আশরাফ হোসেন, ''ওর যেই ধারাবাহিকতা, যে একাগ্রতা দিয়ে জাতীয় লিগ বা ঢাকা লিগ খেলেছে সেটা প্রশংসনীয়। আমাদের কাছে মনে হয়েছে ও এসব প্রতিযোগিতায় খুব ফ্রি হয়ে নিজে খেলতে পারে। আমার ব?্যক্তিগত প্রত?্যাশা সেই মনোভাবটাই যেন জাতীয় দলে দেখাতে পারে। এটা এমন না যে ওর থেকে সেঞ্চুরি, ডাবল সেঞ্চুরি করুক। যে কাজটা এতোদিন ঘরোয়া ক্রিকেটে করেছে সেটাই করুক।'' ২০২২ সালের পর টেস্ট দলে ফিরলেন এনামুল। ৫ টেস্টে ১০০ রান করা এনামুল ঘরের মাঠে ২০১৩ সালের পর টেস্ট খেলবেন। বয়স ৩২ পেরিয়েছে। জাতীয় দলে এক সময়ে থিতু হয়েছিলেন।

## পাকিস্তানের সঙ্গে আবারও সিরিজে না ভারতের

**স্পোর্টর্স ডেস্ক :** গেল ১৫ বছর ধরে কোনো দ্বিপক্ষীয় সিরিজ খেলেনি পাকিস্তান ও ভারত। তবে ভারতশাসিত কাশ্মীরের পহেলগামে সন্ত্রাসী হামলার আগের পরিস্থিতি দেখে কেউ কেউ ধারণা করেছিলেন, হয়তো একটা সময় পর আবারও ভারত-পাকিস্তানের মধ্যকার দ্বিপক্ষীয় সিরিজ দেখতে পারবেন ক্রিকেটপ্রেমীরা। কিন্তু না, নিকট ভবিষ্যতে দুই চিরপ্রতিদ্বন্দ্বী দলের দ্বিপক্ষীয় সিরিজ আয়োজনের সম্ভাবনা শূন্যে নেমে গেছে গত মঙ্গলবারের প্রাণঘাতী হামলার পর। হয়তো আগামী কয়েক বছরের জন্য এই আলোচনাও কেউ সামনে আনবেন না। ওই হামলার পর নতুন করে পাকিস্তানের বিপক্ষে দ্বিপাক্ষিক সিরিজ না খেলার ঘোষণা দিয়েছেন ভারতীয় ক্রিকেট নিয়ন্ত্রণ বোর্ডের (বিসিসিআই) সহ-সভাপতি রাজীব শুক্লা। স্পোর্টস টাককে তিনি বলেন, 'আমরা হামলার ক্ষতিগ্রস্তদের সঙ্গে আছি এবং এই ঘটনার নিন্দা জানাই। আমাদের সরকার যা বলবে, আমরা তাই করবো। দ্বিপাক্ষিক সিরিজে আমরা পাকিস্তানের সঙ্গে খেলি না কারণ এটা সরকারের অবস্থান। ভবিষ্যতেও দ্বিপাক্ষিক সিরিজে আমরা পাকিস্তানের সঙ্গে খেলবো না। তবে আইসিসি ইভেন্টে আমরা খেলি কারণ এটা আইসিসির সঙ্গে সম্পৃক্ততা অনুযায়ী হয়। আইসিসিও জানে কী ঘটছে, তারাও বিষয়টি দেখছে।' ২০১২-১৩ সালে সীমিত ওভারের সিরিজ খেলতে ভারতে এসেছিল পাকিস্তান ক্রিকেট দল। সেটাই ছিল দুই দেশের শেষ দ্বিপাক্ষিক সিরিজ। আর ভারত সর্বশেষ পাকিস্তান সফর করেছিল ২০০৮ সালে। বর্তমানে দুই দলের মুখোমুখি লড়াই শুধু আন্তর্জাতিক প্রতিযোগিতার মঞ্চেই হয়। যেমন ২০২৩ সালের ওয়ানডে বিশ্বকাপে ভারতে খেলতে এসেছিল পাকিস্তান। যদিও ২০২৫ সালের চ্যাম্পিয়ন্স ট্রফিতে পাকিস্তানে যায়নি ভারত। গত মঙ্গলবার কাশ্মীরের পাহাড়ঘেরা উপত্যকা পহেলগামে মর্মান্তিক হামলায় অন্তত ২০ জন নিহত এবং বহু মানুষ আহত হন। অজ্ঞাত বন্দুকধারীরা পর্যটকদের ওপর গুলি চালায় বলে জানা যায়। ২০১৯ সালের পর কাশ্মীরে সবচেয়ে প্রাণঘাতী সন্ত্রাসী হামলার ঘটনা এটি। এই হামলার দায় স্বীকার করে 'রেজিস্ট্যান্স ফ্রন্ট' নামে একটি গোষ্ঠী। তারা দাবি করেছে, অঞ্চলটিতে ৮৫ হাজার বহিরাগত বসতির প্রতিবাদে এই হামলা চালানো হয়েছে।

# এ বছর অনুষ্ঠিত হচ্ছে না সাফ চ্যাম্পিয়নশিপ

**স্পোর্টর্স ডেস্ক :** চলতি বছরের জুলাইয়ে শ্রীলঙ্কার মাটিতে সাফ চ্যাম্পিয়নশিপের ১৫তম আসর অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু টুনামেন্টের ফরম্যাট পুনর্বিবেচনা ও লজিস্টিক্যাল চ্যালেঞ্জের কারণে ২০২৬ সাল পর্যন্ত এই আসর স্থগিত করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানিয়েছে দক্ষিণ এশীয় ফুটবল ফেডারেশন (সাফ)। বিজ্ঞপ্তিতে সাফ বলেছে, 'সাফ চলতি বছর সাফ চ্যাম্পিয়নশিপ হোম-অ্যাওয়ে ফরম্যাটে আয়োজনের সিদ্ধান্ত নিয়েছিল। সে অনুযায়ী প্রস্তুতিও নেওয়া হয়েছিল। তবে সাফ, আমাদের সদস্য সংস্থাগুলো এবং স্পোর্টফাইভ মনে করেছে যে প্রতিযোগিতাটি সুষ্ঠুভাবে সম্পন্ন করতে আরও কিছু প্রস্তুতির প্রয়োজন রয়েছে। সেই কারণে আমরা সিদ্ধান্ত নিয়েছি, সাফ চ্যাম্পিয়নশিপ ২০২৬ সাল পর্যন্ত স্থগিত রাখা হবে, যাতে আমাদের সব স্টেকহোল্ডার ও সদস্য সংস্থাগুলো প্রতিযোগিতাটি আরও জাঁকজমকভাবে আয়োজনের জন্য যথাযথ সময় পায়।' ২০২৬ সালে ফিফা বিশ্বকাপ অনুষ্ঠিত হবে। তাই সাফ চ্যাম্পিয়নশিপের জন্য একটি উপযুক্ত সময়সূচি ও ভেন্যু নির্ধারণে বিশেষ মনোযোগ দিতে হবে কর্তৃপক্ষকে। এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য স্টেকহোল্ডারদের সহযোগিতাও চেয়েছে সাফ।




# কষ্টার্জিত জয়ে শিরোপা আশা বাঁচিয়ে রাখলো রিয়াল

**স্পোর্টর্স ডেস্ক :** লা লিগার শিরোপা দৌড়ে নিজেদের টিকিয়ে রাখলো রিয়াল মাদ্রিদ। গত বুধবার রাতে গেটাফের মাঠে কঠিন এক লড়াইয়ে ১-০ গোলের জয় তুলে নেয় কার্লো আনচেলত্তির দল। ম্যাচের একমাত্র গোলটি করেন তরুণ তুর্কি মিডফিল্ডার আর্দা গুলার, যার ২০তম মিনিটের



দুর্দান্ত শটই শেষ পর্যন্ত তিন পয়েন্ট নিশ্চিত করে। বার্সেলোনা একদিন আগেই মায়োর্কার বিপক্ষে ১-০ ব্যবধানে জয় পাওয়ায় আনচেলত্তির দলের ওপর চাপ ছিল জয় পাওয়ার। শিরোপা লড়াইয়ে টিকে থাকতে হলে এই ম্যাচে জয় ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। আনচেলত্তি কোপা দেল রে ফাইনালের কথা মাথায় রেখে বেশ কয়েকজন গুরুত্বপূর্ণ খেলোয়াড়কে বিশ্রামে রাখেন। তবুও ম্যাচের নিয়ন্ত্রণ ছিল মাদ্রিদের কাছেই। বেশ কিছু সুযোগ পেলেও ব্যবধান বাড়াতে ব্যর্থ হন ভিনি-সিয়ুস ও এন্ড্রিক। এন্ড্রিকের একটি প্রচেষ্টা তো একদম গোললাইনের কাছ থেকে সেভ করে রক্ষা পায় গেটাফে। ম্যাচের শেষদিকে চাপ বাড়তে থাকে। ৯১তম মিনিটে পিটার ফেদেরিকো ও হুয়ানমি দারুণ একটি সুযোগ তৈরি করেছিলেন। শেষ পর্যন্ত গোলরক্ষক থিবো কর্তোয়া সাহসী সেভে দলকে নিরাপদ রাখেন, স্বস্তির জয় নিয়ে মাঠ ছাড়ে রিয়াল। এই জয়ের ফলে রিয়াল মাদ্রিদ বার্সেলোনার চার পয়েন্ট পেছনে থেকে শিরোপা লড়াইয়ে এখনও টিকে রয়েছে। পাঁচটি ম্যাচ বাকি আছে।

## লাইফস্টাইল

# শুধু পানি ভালোলাগে না? যেভাবে খেলে বেশি উপকার পাবেন

**লাইফস্টাইল ডেস্ক:** আমরা সবাই জানি যে পানি আমাদের শরীরের জন্য অপরিহার্য, কিন্তু শুধু পানি পান করা অনেক সময় একঘেয়ে মনে হতে পারে। তবে আপনি চাইলে কিছু শক্তিশালী অ্যান্টিঅক্সিডেন্ট যোগ করে পানিকে আরও শক্তিশালী করতে পারেন। যা কেবল স্বাদই বাড়ায় না বরং বিপাক বৃদ্ধি করে, ওজন কমাতে সাহায্য করে এবং সারাদিন ধরে সতেজ ও উজ্জীবিত রাখে। যদি কেবল সাধারণপানি পান করে বিরক্ত হন, তাহলে আপনার গ্লাসে কিছু দুর্দান্ত অ্যান্টিঅক্সিডেন্ট যুক্ত করুন- ১. লেবু, লেবুর পানি ওজন কমানোর জন্য একটি সুপারস্টার। ভিটামিন সি সমৃদ্ধ লেবু বিষাক্ত পদার্থ বের করে দেয়, হজমশক্তি বাড়ায় এবং বিপাককে ত্বরান্বিত করে। লেবুতে ফ্ল্যাভোনয়েডও রয়েছে, যা ফ্রি র?্যাডিক্যালের বিরুদ্ধে লড়াই করে এবং চর্বি ভাঙতে সাহায্য করে। উষ্ণ বা ঠান্ডা পানিতে অর্ধেক লেবু ছেঁকে নিন। অতিরিক্ত সুবিধার জন্য এক চিমটি ব্ল্যাক সল্ট বা মধু যোগ করুন। সকালে খালি পেটে অথবা সারা দিন ধরে পান করুন। ২. আদা, কেবল ঠান্ডা এবং ফ্লুর জন্য নয়! এতে জিঞ্জেরল নামে একটি শক্তিশালী যৌগ রয়েছে, যা হজমশক্তি বাড়ায়, পেট ফাঁপা কমায় এবং চর্বি পোড়াতে সাহায্য করে। এটি রক্তে শর্করার মাত্রাও স্থিতিশীল করে, যার ফলে ক্ষুধা কম হয়। তাজা আদা কুচি করে গরম পানিতে মেশান। কয়েক মিনিট ভিজিয়ে পান করুন। স্বাদ বাড়ানোর জন্য এক ফোঁটা লেবু মেশাতে পারেন। ৩. দারুচিনি, দারুচিনি একটি আশ্চর্যজনক মসলা যা রক্তে শর্করার মাত্রা স্থিতিশীল করে, ক্ষুধা দমন করে এবং চর্বি জমাতে বাধা দেয়। এটি পলিফেনল, শক্তিশালী অ্যান্টিঅক্সিডেন্টে পূর্ণ যা ইনসুলিন সংবেদনশীলতা এবং বিপাক উন্নত করে। একটি ছোট দারুচিনির কাঠি বা আধা চা চামচ দারুচিনির গুঁড়া গরম পানিতে ১০ মিনিটের জন্য ভিজিয়ে রাখুন এবং পান করুন। স্বাদ বাড়ানোর জন্য মধু বা আপেল সাইডার ভিনেগার যোগ করতে পারেন। ৪. পুদিনা, পুদিনা রোজম্যারিনিক অ্যাসিডের মতো অ্যান্টিঅক্সিডেন্টে সমৃদ্ধ, যা প্রদাহ কমাতে এবং হজম উন্নত করতে সাহায্য করে। এটি চর্বি ভাঙতেও সাহায্য করে, যা ওজন কমানোর রুটিনে একটি দুর্দান্ত সংযোজন হতে পারে। এক গ্লাস পানিতে এক মুঠো তাজা পুদিনা পাতা যোগ করুন। এটি কয়েক ঘণ্টা বা পুরো রাত ডিটক্স পানীয়তে ভিজিয়ে রাখুন। অতিরিক্ত বিপাক বৃদ্ধির জন্য লেবুর রস মিশিয়ে নিন। ৫. হলুদ, হলুদে কারকিউমিন থাকে। এটি শক্তিশালী অ্যান্টিঅক্সিডেন্ট যা প্রদাহ কমাতে, হরমোনের ভারসাম্য বজায় রাখতে এবং চর্বি পোড়াতে সাহায্য করে। এটি লিভারের ডিটক্সিফিকেশনেও সাহায্য করে, যা স্বাস্থ্যকর ওজন বজায় রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। হালকা গরম পানিতে 1/4 চা চামচ হলুদ গুঁড়ো মিশিয়ে নিন। এক চিমটি গোলমরিচের গুঁড়া যোগ করুন (এটি কারকিউমিন শোষণ বাড়ায়)। সকালে বা ঘুমানোর আগে এটি পান করুন।



৬. আপেল সাইডার ভিনেগার,আপেল সাইডার ভিনেগার (অঙ্গঁঠ) অ্যাসিটিক অ্যাসিড সমৃদ্ধ। যা ক্ষুধা দমন করে, রক্তে শর্করার পরিমাণ নিয়ন্ত্রণ করে এবং হজমশক্তি বাড়ায়। এটি স্বাস্থ্যকর অন্ত্রের ব্যাকটেরিয়া বজায় রাখতেও সাহায্য করে, যা ওজন নিয়ন্ত্রণে কাজ করে। এক গ্লাস পানির সাথে ১ টেবিল চামচ অঙ্গঁঠ মিশিয়ে নিন। হজমশক্তি বাড়াতে এবং ক্ষুধা দমন করতে খাবারের আগে এটি পান করুন। আরও ভালো স্বাদের জন্য মধু যোগ করুন। ৭. গ্রিন টি, গ্রিন টি ক্যাটেচিনে পরিপূর্ণ, অ্যান্টিঅক্সিডেন্ট যা ফ্যাট জারণ এবং বিপাক বৃদ্ধি করে। এতে অল্প পরিমাণে ক্যাফেইন রয়েছে, যা আপনাকে শক্তি বৃদ্ধি করে এবং ক্যালোরি পোড়াতে উৎসাহিত করে। গ্রিন টি তৈরি করুন এবং ঠান্ডা হতে দিন। একটি সতেজ ডিটক্স পানীয়ের জন্য এটি ঠান্ডা পানি এবং লেবুর সঙ্গে মিশিয়ে নিন। সেরা ফলাফলের জন্য দিনে দুইবার পান করুন। এইচএন

## চায়ের সঙ্গে ধূমপান করলে যে ক্ষতি

**লাইফস্টাইল ডেস্ক :** ব্যস্ত জীবনে দুশ্চিন্তা, উৎকণ্ঠা আমাদের নিত্যসঙ্গী। তাই তো অনেকে মাথা হালকা রাখতে একটু পর পর চা পান করেন। সেই সঙ্গে সিগারেটে টান দেওয়ার অভ্যাসও আছে অনেকের। এতেই মস্তিষ্কের বোঝা নেমে যায় বলে মনে করেন তারা। তবে সাধারণ মানুষের একাংশের এমন কর্মকাণ্ড দেখে চমকে যান বিশেষজ্ঞরা। তাদের মতে, ধূমপান স্বাস্থ্যের জন্য অত্যন্ত ক্ষতিকর। তার ওপর যদি আবার চা খেতে খেতে ধূমপান করেন, তা হলে শরীরের আরো ক্ষতি ডেকে আনবেন। দেহে বাসা বাধবে একাধিক জটিল অসুখ। আজকের প্রতিবেদনে জানবেন চায়ের সঙ্গে ধূমপান করলে কী কী ক্ষতি হতে পারে। চলুন তাহলে জেনে নেওয়া যাক। **হার্টের ক্ষতি,** বিশেষজ্ঞদের মতে, একটা সিগারেটে মোটামুটি ৬ থেকে ১২ গ্রাম নিকোটিন থাকে। আর এই উপাদান হার্টের জন্য অত্যন্ত ক্ষতিকর। নিকোটিনের কারসাজিতে হার্টের রক্তনালী সংকুচিত হয়ে পড়তে পারে। যার জন্য স্বাভাবিক রক্ত চলাচলে ব্যাঘাত ঘটতে পারে। এমনকী বিপদে ফেলতে পারে হার্ট অ্যাটাক। অপরদিকে আবার দিনে ৭-৮ কাপ চা খেলে হার্ট রেট বেড়ে যেতে পারে। উর্ধ্বমুখী হতে পারে প্রেশার। সেই কারণেও হার্টের ক্ষতি হয়। তাই সাবধান হন। **ক্যানসার** গবেষণায় দেখা গেছে, চা খাওয়ার সময় ধূমপান করলে ক্যানসারে আক্রান্ত হওয়ার আশঙ্কা প্রায় ৩০ শতাংশ বেড়ে যায়।



# অ্যালোভেরা কি সত্যিই ব্রণ দূর করে?

**লাইফস্টাইল ডেস্ক :** ব্রণ সবচেয়ে পরিচিত ত্বকের সমস্যা। যা হরমোনের ভারসাম্যহীনতা, অতিরিক্ত তেল উৎপাদন, ছিদ্র বন্ধ হয়ে যাওয়া এবং ব্যাকটেরিয়া সংক্রমণের মতো কারণে ঘটে। যদিও এর জন্য অসংখ্য চিকিৎসা পাওয়া যায়, তবে অ্যালোভেরা জেলের মতো প্রাকৃতিক প্রতিকার প্রশান্তিদায়ক এবং প্রদাহ-বিরোধী বৈশিষ্ট্যের কারণে জনপ্রিয়তা অর্জন করেছে। কিন্তু অ্যালোভেরা কি সত্যিই ব্রণ দূর করতে সাহায্য করে? চলুন জেনে নেওয়া যাক- ব্রণ কমাতে অ্যালোভেরার উপকারিতা, অ্যালোভেরা তার ত্বক-নিরাময়কারী বৈশিষ্ট্যের জন্য পরিচিত। গবেষণায় দেখা গেছে যে এটি ব্রণ-প্রবণ ত্বকের জন্য উপকারী হতে পারে। এতে পলিস্যাকারাইড, জিবেরেলিন এবং স্যালিসিলিক অ্যাসিড রয়েছে, যা প্রদাহ কমাতে, ব্রণ সৃষ্টিকারী ব্যাকটেরিয়া মেরে ফেলতে এবং ত্বকের নিরাময়ে সাহায্য করে। ১. প্রদাহ-বিরোধী প্রভাব, অ্যালোভেরায় অ্যান্টিঅক্সিডেন্ট এবং প্রদাহ-বিরোধী বৈশিষ্ট্য রয়েছে যা ব্রণ কমাতে সাহায্য করে। এতে ভিটামিন এ, সি এবং ইও রয়েছে যা ব্রণের কারণে সৃষ্ট ত্বকের জ্বালা প্রশমিত করতে সাহায্য করে। জার্নাল অফ ডার্মাটোলজিক্যাল ট্রিটমেন্টে প্রকাশিত একটি গবেষণায় দেখা গেছে যে, অ্যালোভেরা জেল ব্রণের ক্ষতে প্রদাহ এবং লালচেভাব হ্রাস করে। ২. অ্যান্টিব্যাকটেরিয়াল এবং নিরাময়কারী বৈশিষ্ট্য, অ্যালোভেরা তার অ্যান্টিব্যাকটেরিয়াল এবং নিরাময়কারী বৈশিষ্ট্যের জন্য পরিচিত। এক গবেষণায় দেখা গেছে যে, অ্যালোভেরা ব্রণর জন্য দায়ী ব্যাকটেরিয়া প্রোপিওনিব্যাকটেরিয়াম অ্যাকনেসের বিরুদ্ধে অ্যান্টিব্যাকটেরিয়াল প্রভাব ফেলে। অ্যালোভেরায় অ্যালোসিনের উপস্থিতি ব্রণ-পরবর্তী দাগ এবং দাগ হালকা করতেও সাহায্য করে। ৩. প্রচলিত চিকিৎসার সঙ্গে সম্মিলিত উপকারিতা, গবেষণায় দেখা গেছে যে, অ্যালোভেরা এবং ট্রেটিনোইন (একটি সাধারণ ব্রণ চিকিৎসা) এর সংমিশ্রণ শুধুমাত্র ট্রেটিনোইনের তুলনায় ব্রণের কমানোর প্রক্রিয়া আরও কার্যকরভাবে উন্নত করে। এটি প্রমাণ করে যে, অ্যালোভেরা ঐতিহ্যবাহী চিকিৎসার কার্যকারিতা বাড়াতে পারে।

# যত্নে থাকুক মা-বাবা

**লাইফস্টাইল ডেস্ক :** পৃথিবীতে সুস্থভাবে সন্তানকে নিয়ে আসতে, জন্মের আগেই তার জন্য ভালোবাসা নিয়ে অপেক্ষা করেন বাবা-মা। ধীরেধীরে শিশু বড় হলে তার প্রতিটি চাওয়া-পাওয়া পূরণে বাবা-মা তাদের সবটুকু দিয়ে চেষ্টা করেন। প্রয়োজনের দিনগুলোতে সবচেয়ে বড় নির্ভরতা যেই বাবা-মা, বড় হয়ে প্রতিষ্ঠিত হওয়ার পরে সেই সন্তানের কাছে বাবা-মায়ের জন্য একই রকম ভালোবাসা থাকে তো! প্রতিটি সন্তানের উচিত তার বাবা-মায়ের প্রতি বেশি সচেতন থাকা। বয়স্ক মা-বাবার যত্ন নেওয়ার দায়িত্ব শুধু কাজের লোকের ওপরে ছেড়ে না দিয়ে নিজেই দেখভাল করুন। * ছোট বয়সে তারা আমাদের ভালো রাখতে কত কিই না করেছেন। তাদের এই শেষ বয়সে অনেক দামি উপহারের চেয়ে আমাদের একটু কাছে পেলেই অনেক খুশি হন তারা। * বাইরে গেলে ঘরে ফিরে প্রথমে বাবা-মায়ের সঙ্গে দেখা করুন। * সুযোগ থাকলে তাদের পছন্দের কিছু নিয়ে আসুন * বৃদ্ধ বয়সে রোগ-ব্যাধিতে আক্রান্ত হলে তাদের প্রতি অবহেলা করা যাবে না, নিয়মিত ডাক্তারের পরামর্শ নিন। বাবা-মায়ের ওষুধ আছে কি না দেখে এনে রাখুন। প্রয়োজনে স্মার্টফোনে রিমাইন্ডার দিয়ে রাখুন যেন ভুলে না যান। * অসুস্থ হলে হাসপাতালে যেতে হলে চেষ্টা করুন নিজে নিয়ে যেতে। বাবা-মায়ের পছন্দের খাবারগুলো তো আমরা জানি, খেয়াল রাখুন বাড়িতে যেন নিয়মিত তাদের পছন্দের কিছু খাবার তৈরি করা হয়। * নিয়মিত হাঁটা-চলা করতে উৎসাহ দিন তাদের। * তাদের ঘর ও পোশাক পরিষ্কার রাখুন। এতে বাবা-মা স্বাচ্ছন্দ্য বোধ করবেন। যা তাদের শরীর সুস্থ রাখতে সহায়তা করবে। * ঘরের তাপমাত্রা ঠিক রাখুন। অতিরিক্ত ঠান্ডা বা গরম কোন তাপমাত্রাই বয়স্ক বাবা-মায়ের শরীরের জন্যে ভালো নয়।



## প্রাকৃতিক উপাদানে মেকআপ রিমুভার

**লাইফস্টাইল ডেস্ক :** মেকআপ রিমুভার হিসেবে আমরা অনেকেই বাজারের চলতি প্রোডাক্টের ওপর ভরসা করি। যা নানা রাসায়নিক উপাদানে তৈরি। এসব রিমুভারের প্রধান সমস্যা হলো- ত্বক শুকিয়ে ফেলে, অন্যথায় তেলতেলে দেখায়। কসমোলজিস্টদের ভাষ্য, বাজারের চলতি প্রোডাক্টের ওপর নির্ভরতা কমিয়ে নেওয়া উচিত। বিকল্প হিসেবে বেছে নিন প্রাকৃতিক উপাদান। : দেখা যাক, সেগুলো কী কী-নারিকেল তেল : শুধু চুলচর্চায় নয়, রূপচর্চায়ও নারিকেল তেল দারুণ উপকারী। তবে নারিকেল তেল কিনুন একদম প্রাকৃতিক এবং খাঁটি। মেকআপ তোলার জন্য নারিকেল তেল হাতের তালুতে নিয়ে মুখে হালকা বুলিয়ে নিলেই হলো। আমন্ড অয়েল : যারা নারিকেল তেলে অভ্যস্ত নন, তারা বেছে নিন আমন্ড অয়েল।

# তুরস্কের জনপ্রিয় শরবত আয়রানের রেসিপি

**লাইফস্টাইল ডেস্ক :** সারাদিন পানাহার থেকে বিরত থাকার পর একটু প্রশান্তি পেতে কে না চায়। তাইতো ইফতারের শুরুতেই শরবতের জন্য মরিয়া হয়ে উঠে ছোট-বড় সবাই। ইফতারে থাকে বাহারি সব শরবত। বেশিরভাগ সময়ই লেবু বা বিভিন্ন ফলের শরবত থাকে ইফতারে। তবে আজকাল স্বাদে ভিন্নতা আনার জন্য অনেকেই ইন্টারনেট দেখে বানিয়ে নেন বাহারি সব শরবত। আজ আপনাদের সঙ্গে শেয়ার করবো তুরস্কের জনপ্রিয় শরবত আয়রানের রেসিপি। অল্প কিছু উপকরণে ঘরেই বানিয়ে নিতে পারবেন মজাদার এই শরবত। উপকরণ- দুই কাপ টক দই, দুই কাপ ঠান্ডা পানি, আধা চা-চামচ গোলমরিচের গুঁড়া, সামান্য ভাজা জিরার গুঁড়া, আধা চা-চামচ বিট লবণ, ১ টেবিল চাম চিনি,৫-৬টি লেবুর ছোট টুকরো, ৪-৫টি, পুদিনাপাতা ও স্বাদমতো লবণ ঘরে বসেই উপভোগ করুন মরক্কোর স্যুপ হারিরা, ঘরেই বানিয়ে নিন লেবাননের রঙ্গিলা ফাতেহ, ঘরেই তৈরি করুন দোকানের মতো মিষ্টি দই, পদ্ধতি, লেবু ও পুদিনাপাতা ছাড়া সব উপকরণ একসঙ্গে ব্লেন্ডারে ব্লেন্ড করে নিন। এবার টুকরো করে রাখা লেবুগুলো থেঁতো করে নিন। তারপর শরবতের মিশ্রণটি ঢেলে পুদিনাপাতা দিয়ে পরিবেশন করুণ আপনার পছন্দের গ্লাসে।

